কোন প্রিয় বিষয় উপস্থিত হইলে রাজা অত্যন্ত আনন্দিত হইবেন না, অপ্রিয় বিষয় আসিলেও সন্তপ্ত হইবেন না এবং অর্থকষ্ট উপস্থিত হইলেও সন্তাপ করিবেন না, আর সর্ব্বদাই প্রজাবর্গের হিত স্মরণ করিবেন ॥৩১॥

যে রাজা আপন গুণে সর্ব্বদা পরের প্রিয় কার্য্য করেন, তাঁহার সমস্ত কার্য্যই সিদ্ধ হয় এবং রাজলক্ষ্মী তাঁহাকে ত্যাগ করেন না ॥৩২॥

যে লোক রাজার প্রতিকূল কার্য্য করে না, তাঁহার অনুকূল কার্য্যই করিয়া থাকে, রাজা সর্ব্বদা মনোযোগী হইয়া সেই অনুরক্ত লোককেই আশ্রয় দিবেন ॥৩৩॥

জিতেন্দ্রিয়, অত্যন্ত অনুগত, পবিত্রস্বভাব, শক্তিশালী ও অনুরক্ত লোককেই রাজা প্রধান কার্য্যে নিযুক্ত করিবেন ॥৩৪॥

(৩৩) নিবৃত্তং প্রতিকূলেভ্যঃ...তদ্বৈ বৃত্তং সতামিহ · নি। (৩৫) এষ শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

এবমেতৈগুণৈর্যুক্তো যোঽনুরজ্যতি ভূমিপম্ ।
ভর্ত্তুরর্থেষ্বপ্রমত্তং নিযুঞ্জ্যাদর্থকর্ম্মণি ॥৩৬॥
মূঢ়মৈন্দ্রিয়কং লুব্ধমনার্য্যচরিতং শঠম্ ।
অনতীতোপধং হিংস্রং দুর্ব্বুদ্ধিমবহুশ্রুতম্ ॥৩৭॥
ত্যক্তোদাত্তং মদ্যরতং দ্যূতস্ত্রীমৃগয়াপরম্ ।
কার্য্যে মহতি যুঞ্জানো হীয়তে নৃপতিঃ শ্রিয়া ॥৩৮॥ (যুগ্মকম্)
রক্ষিতাত্মা চ যো রাজা রক্ষ্যান্ যশ্চানুরক্ষতি ।
প্রজাশ্চ তস্য বর্দ্ধন্তে ধ্রুবঞ্চ মহদশ্নুতে ॥৩৯॥
যে কেচিদ্ভূমিপতয়ঃ সর্ব্বাংস্তানন্ববেক্ষয়েৎ ।
সুহৃদ্ভিরনভিখ্যাতৈস্তেন রাজাতিরিচ্যতে ॥৪০॥

ভারতকৌমুদী

এবমিতি। অপ্রমত্তং সাবধানং জনম্, অর্থকর্ম্মণি রাজকার্য্যে ॥৩৬॥

মূঢ়মিতি। ঐন্দ্রিয়কম্ অসংযতেন্দ্রিয়ম্, অনার্য্যচরিতম্ অসচ্চরিত্রম্, ন অতীতা অতিক্রান্তা উপধা চ্ছলং যেন তম্। ত্যক্তমুদাত্তং মহৎ কর্ম্ম চরিত্রং বা যেন তম্। যুঞ্জানো ব্যাপারয়ন্ ॥৩৭—৩৮॥

রক্ষিতেতি। রক্ষ্যান্ জনান্। মহৎফলমুন্নতিমিত্যর্থঃ ॥৩৯॥

য ইতি। অন্ববেক্ষয়েৎ অনুকূলতাপ্রতিকূলতাবোধয়েতি ভাবঃ। অনভিখ্যাতৈর্গুপ্তৈঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

নিষ্ঠুরমুত্তরং দত্তাৎ, অবিভাব্যামগম্ভীরাম্, অভীতি পাঠে দূষণার্হাম্ ॥৩০—৩১॥ প্রিয়ং ভৃত্যাদীনাম্ ॥৩২—৩৫॥ এতৈর্নিবৃত্তমিতি শ্লোকদ্বয়োক্তৈর্যোঽনুরজ্যত্যনুরজ্যতি তং নিযুঞ্জ্যাৎ ভূমিপঃ ॥৩৬—৩৭॥

শ্রেষ্ঠ লোকের ইহাই লক্ষণ—যাঁহাতে বিক্রম দেখা যায়, যাঁহার কীর্ত্তি অসাধারণ, যিনি সদাচারনিষ্ঠ এবং যিনি শক্তিশালী লোকদিগের সম্মান করেন ও তাঁহাদের সহিত স্পর্দ্ধা করেন না ॥৩৫॥

যে লোক এই সকল গুণযুক্ত হইয়া রাজার প্রতি অনুরক্ত থাকে এবং তাঁহার কার্য্যে অবহিত হইয়া চলে, রাজা তাহাকেই রাজকার্য্যে নিযুক্ত করিবেন ॥৩৬॥

যে লোক মূঢ়, ইন্দ্রিয়াসক্ত, লোভী, অসচ্চরিত্র, শঠ, কপটতাকারী, হিংস্রস্বভাব, দুর্ব্বুদ্ধি, অল্পজ্ঞ ও প্রশস্তকার্য্যত্যাগী কিংবা মদ্যপান, দ্যূতক্রীড়া, স্ত্রীসংসর্গ ও মৃগয়ায় নিরত, তাদৃশ লোককে প্রধান কার্য্যে নিযুক্ত করিলে রাজা রাজলক্ষ্মী ভ্রষ্ট হন ॥৩৭—৩৮॥

যে রাজা সর্ব্বদা আত্মরক্ষা করেন এবং রক্ষণীয় ব্যক্তিগণকেও রক্ষা করিয়া থাকেন, তাঁহার প্রজারা বৃদ্ধি পায় এবং তিনিও নিশ্চয়ই উন্নতি লাভ করেন ॥৩৯॥

অপকৃত্য বলস্থস্য দূরস্থোঽস্মীতি নাশ্বসেৎ।
শ্যেনাভিপতনৈরেতে নিপতন্তি প্রমাদ্যতঃ ॥৪১॥
দৃঢ়মূলস্ত্বদুষ্টাত্মা বিদিত্বা বলমাত্মনঃ।
অবলানভিযুঞ্জীত ন তু যে বলবত্তরাঃ ॥৪২॥
বিক্রমেণ মহীং লব্ধ্বা প্রজা ধর্ম্মেণ পালয়েৎ।
আহবে নিধনং কুর্য্যাদ্রাজা ধর্ম্মপরায়ণঃ ॥৪৩॥
মরণান্তমিদং সর্ব্বং নেহ কিঞ্চিদনাময়ম্।
তস্মাদ্ধর্ম্মে স্থিতো রাজা প্রজা ধর্ম্মেণ পালয়েৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

অপেতি। বলস্থস্য বলবতঃ শত্রোঃ। শ্যেনাভিপতনৈঃ শ্যেনপক্ষিবদ্ দ্রাদেবাভিযানৈঃ। প্রমাদ্যতঃ অনবধানস্য রাজ্ঞ উপরি ॥৪১॥

দৃঢেতি। দৃঢ়ং সুরক্ষিততয়া অন্যৈরনাক্রমং মূলং নিজনগরং যস্য সঃ। অদুষ্টো বিরোধিলোকাভাবাদবিকল আত্মা যস্য সঃ। অভিযুঞ্জীত আক্রামেৎ ॥৪২॥

বিক্রমেণেতি। আহবে যুদ্ধে, নিধনং শত্রূণাম্ ॥৭৩॥

মরণেতি। ইদং রাজ্যাদিকং ভোগ্যং বস্তু। অনাময়মবিনশ্বরম্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

তাক্তোদাস্তমুদাবকর্ম্মত্যাগিনম ॥৩৮॥ মহৎ পদম্ ॥৩৯॥ সুহৃদ্ভিশ্চারৈঃ, অনভিখ্যাতৈঃ স্বেষাং পরেষাং চাবিদিতৈঃ ॥৪০—৪৩॥ মরণান্তমপীদং পালনমনাময়ং কুশলমেব স্বর্গহেতুত্বাদিত্যর্থঃ ॥৪৪॥ রক্ষাধি-

---

অন্যান্য যে কোন রাজা থাকুক না কেন, বন্ধুগণকে গুপ্তভাবে পাঠাইয়া তাঁহাদের অবস্থা পর্য্যবেক্ষণ করিবেন। সেই কার্য্যদ্বারা রাজা সর্ব্বশ্রেষ্ঠ হইতে পারিবেন ॥৪০॥

প্রবল শত্রুর অপকার করিয়া 'আমি দূরে রহিয়াছি' এইরূপ ভাবিয়া কেহই আশ্বস্ত থাকিবে না। কারণ, অসাবধান থাকিলে প্রবল শত্রুগণ শ্যেনপক্ষীর ন্যায় দূর হইতেও আসিয়া নিপতিত হয় ॥৪১॥

রাজা আপনার রাজধানীকে সুরক্ষিত করিয়া বিরোধিলোকদিগকে দূরে রাখিয়া এবং নিজের শক্তি জানিয়া দুর্ব্বল শত্রুকে আক্রমণ করিবেন; কিন্তু যাহারা প্রবল হইবে, তাহাদিগকে আক্রমণ করিবেন না ॥৪২॥

ধর্ম্মপরায়ণ রাজা আপন বিক্রমের গুণে রাজ্য লাভ করিয়া ধর্ম্মানুসারে প্রজা পালন করিবেন এবং যুদ্ধে শত্রুগণকে সংহার করিতে থাকিবেন ॥৪৩॥

এই সমস্ত ভোগ্যবস্তুই মৃত্যুপর্য্যন্ত ভোগের উপযোগী হইয়া থাকে এবং এই জগতে কোন বস্তুই অবিনশ্বর নহে; অতএব রাজা স্বধর্ম্মে থাকিয়া ধর্ম্মানুসারে প্রজা পালন করিবেন ॥৪৪॥

রক্ষ্যাধিকরণং যুদ্ধং তথা ধর্ম্মানুশাসনম্ ।
মন্ত্রচিন্তা সুখং কালে পঞ্চভির্বর্দ্ধতে মহী ॥৪৫॥
এতানি যস্য গুপ্তানি স রাজা রাজসত্তমঃ ।
সততং বর্ত্তমানোঽত্র রাজা ধত্তে মহীমিমাম্ ॥৪৬॥
নৈতান্যেকেন শক্যানি সাতত্যেনানুবীক্ষিতুম্ ।
তেষু সর্ব্বং প্রতিষ্ঠাপ্য রাজা ভুঙ্‌ক্তে চিরং মহীম্ ॥৪৭॥
দাতারং সংবিভক্তারং মার্দ্দবোপগতং শুচিম্ ।
অসন্ত্যক্তমনুষ্যঞ্চ তং জনাঃ কুর্ব্বতে নৃপম্ ॥৪৮॥
যস্তু নিঃশ্রেয়সং শ্রুত্বা জ্ঞানং তৎপ্রতিপদ্যতে ।
আত্মনো মতমুৎসৃজ্য তং লোকোঽনুবিধীয়তে ॥৪৯॥

ভাবতকৌমুদী

রক্ষেতি। বক্ষ্যাণাং সৈন্যানাম্ অধিকবণং দুর্গাদি। ধর্ম্মেণ অনুশাসনং বাজ্যস্য। কালে সুখং সুখভোগঃ ॥১৫॥

এতানীতি। এতানি দুর্গাদীনি গুপ্তানি বক্ষিতানি বাজসত্ত মা বাজশ্রেষ্ঠো ভবতি। অত্র ধর্ম্মে, ধত্তে ধাববিতুমর্হতি ॥৪৬॥

নেতি। এতানি দুর্গাদীনি। সাতত্যেন অবিবততবা, সর্ব্বং কার্য্যকাবিণম্ ॥৪৭॥

বাজ্ঞা যাদৃশেন ভাব্যং তদাহ দাতাবমিতি। সংবিভক্তাবং সম্যগ্‌বিভজ্য ভূম্যাদিনিয়ন্তাবম্, মার্দ্দবোপগতং কোমলতাসম্পন্নম্। অসন্ত্যক্তো মনুষ্যা যেন তং মনুষ্যসংসর্গপ্রিযমিত্যর্থঃ ॥৪৮॥

দুর্গ, যুদ্ধ, ন্যায়ানুসাবে বাজ্যশাসন, আলোচ্যবিষয়ে চিন্তা এবং যথাকালে সুখভোগ—এই পাঁচটীদ্বাবা বাজ্য উন্নতি লাভ কবিয়া থাকে ॥৪৫॥

যাঁহাব এই পাঁচটী বিষয় সুবক্ষিত হয়, সেই বাজাই অন্যান্য বাজাদেব মধ্যে শ্রেষ্ঠ হইযা থাকেন; আব যে বাজা সর্ব্বদা বাজধর্ম্মে অবস্থান কবেন, তিনি এই পৃথিবীর অধীশ্বব হইতে পাবেন ॥৪৬॥

এক ব্যক্তি সর্ব্বদা এই সমস্ত বিষয় পর্য্যবেক্ষণ কবিতে সমর্থ হয় না; সুতবাং বাজা ভিন্ন ভিন্ন বিষয়ে উপযুক্ত কর্ম্মচাবী সকল নিযুক্ত কবিয়া দীর্ঘকাল বাজ্য ভোগ কবিয়া থাকেন ॥৪৭॥

যিনি দাতা, সম্যগ্‌বিভাগপূর্ব্বক দ্রব্যবিতবণকাবী, কোমলস্বভাব, পবিত্রচিত্ত ও মনুষ্যসংসর্গপ্রিয়, তাদৃশ ব্যক্তিকেই মানুষেবা বাজা কবিয়া থাকে ॥৪৮॥

---

(৪৬) বাজসত্তম! নি। (৪৭) এতেষ্বাপ্তান্ প্রতিষ্ঠাপ্য নি।

যোঽর্থকামস্য বচনং প্রাতিকূল্যান্ন মৃষ্যতে।
শৃণোতি প্রতিকূলানি সর্ব্বদা বিমনা ইব ॥৫০॥
অগ্রাম্যচরিতাং বৃত্তিং যো ন সেবেত নিত্যদা।
জিতানামজিতানাঞ্চ ক্ষত্রধর্ম্মাদপৈতি সঃ ॥৫১॥ (যুগ্মকম্)
নিগৃহীতাদমাত্যাচ্চ স্ত্রীভ্যশ্চৈব বিশেষতঃ।
পর্ব্বতাদ্বিষমাদ্দুর্গাদ্ধস্তিনোঽশ্বাৎ সরীসৃপাৎ।
এতেভ্যো নিত্যযুক্তঃ সন্ রক্ষেদাত্মানমেব তু ॥৫২॥

ভারতকৌমুদী

য ইতি। নিঃশ্রেয়সং মুক্তিম্। তৎ তৎসাধনোপযোগি। প্রতিপদ্যতে আশ্রয়তি। মতং ভোগাভিলাষম্। অনুবিধীয়তে মুমুক্ষুতয়া শ্রদ্দধাতি ॥৪৯॥

য ইতি। অর্থকামস্য অর্থসাধনেচ্ছোর্বন্ধোঃ, প্রাতিকূল্যাৎ স্বেচ্ছাবিরোধিত্বাৎ, ন মৃষ্যতে ন সহতে। প্রতিকূলানি অর্থবিরোধীনি বচনানি। বিমনাঃ সংসারবিরক্তচিত্তঃ। যশ্চ নিত্যদা সর্ব্বদা, অগ্রাম্যৈঃ শিক্ষিতৈরপি, চরিতাং বৃত্তিং ভোগব্যবহারম্, ন সেবেত, কিঞ্চ শত্রুভির্জিতানাং বিপন্নানাম্, শত্রুভিরজিতানাঞ্চ সুস্থানাং জনানাম্, বৃত্তিং ন সেবেতেতি সম্বন্ধঃ, স তাদৃশ উদাসীনঃ ক্ষত্রিয়োঽপি ক্ষত্রধর্ম্মাদপৈতি ভ্রশ্যতি। অতএব তথাবিধো জনো রাজা ন ভবেদিত্যাশয়ঃ ॥৫০—৫১॥

রাজ্ঞঃ সাধারণং ধর্ম্মমাহ নিগৃহীতাদিতি। নিগৃহীতাৎ দণ্ডিতাৎ, স্ত্রীভ্যঃ কামুকীভ্যঃ। বিষমাৎ হিংস্রসঙ্কুলবনাদেঃ, সরীসৃপাৎ বিষধরাৎ। নিত্যযুক্তঃ সর্ব্বদা সাবধানঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

করণং দুর্গাদি, সুখং সুখপ্রদানম্ ॥৪৫॥ গুপ্তানি সুরক্ষিতানি ॥৪৬॥ একেন রাজ্ঞা তেষু দুর্গাদ্যধিষ্ঠাতৃষু পঞ্চসু ॥৪৭—৪৮॥ জ্ঞানমিদং মম নিঃশ্রেয়সমিতি যজ্জ্ঞানং তৎ ॥৪৯॥ অর্থকামস্য সখ্যুঃ

আর যিনি মুক্তির গুণ শুনিয়া নিজের ভোগাভিলাষ পরিত্যাগ করিয়া, মুক্তির উপযোগী তত্ত্বজ্ঞানের অনুশীলন করেন, তাদৃশ লোকের প্রতি মানুষ মুমুক্ষু বলিয়া শ্রদ্ধা করে ॥৪৯॥

যিনি নিজের মতের প্রতিকূল বলিয়া অর্থকামী বন্ধুজনের বাক্য শুনিতে ইচ্ছা করেন না এবং সর্ব্বদাই যেন সংসারবিরক্ত হইয়া ভোগের প্রতিকূল বাক্য শ্রবণ করেন; আর যিনি সর্ব্বদা শিক্ষিতলোকেরও আচরিত ব্যবহার করেন না, কিংবা সম্পন্ন ও বিপন্ন ব্যক্তির আচার পালন করেন না, সেইরূপ উদাসীন ব্যক্তি ক্ষত্রিয় হইলেও ক্ষত্রিয়ধর্ম্ম হইতে বিশ্লিষ্টই থাকেন ॥৫০—৫১॥

রাজা সর্ব্বদা সাবধান হইয়া দণ্ডিত অমাত্য, বিশেষতঃ কামুকী স্ত্রী, পর্ব্বত, হিংস্রসঙ্কুল বন, দুর্গম স্থান, হস্তী, অশ্ব ও বিষধর সর্প হইতে আত্মরক্ষা করিবেন ॥৫২॥

মুখ্যানমাত্যান্ যো হিত্বা নিহীনান্ কুরুতে প্রিয়ান্।
স বৈ ব্যসনমাসাদ্য সাধুমার্গং ন বিন্দতি ॥৫৩॥
যঃ কল্যাণগুণান্ জ্ঞাতীন্ দ্বেষান্নোপবুভূষতি।
অদৃঢ়াত্মা দৃঢ়ক্রোধঃ স মৃত্যোর্বসতেঽন্তিকে ॥৫৪॥
অথ যো গুণসম্পন্নান্ হৃদয়স্যাপ্রিয়ানপি।
প্রিয়েণ কুরুতে বশ্যাংশ্চিরং যশসি তিষ্ঠতি ॥৫৫॥
নাকালে প্রণয়েদর্থান্নাপ্রিয়ে জাতু সংজ্বরেৎ।
প্রিয়ে নাতিভৃশং তুষ্যেদ্যুঞ্জীতারোগ্যকর্ম্মণি ॥৫৬॥
কে বানুরক্তা রাজানঃ কে ভয়াৎ সমুপাশ্রিতাঃ।
মধ্যস্থদোষাঃ কে চৈষামিতি নিত্যং বিচিন্তয়েৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

মুখ্যানিতি। নিহীনানপসদান্। ব্যসনং বিপদম্ ॥৫৩॥

য ইতি। নোপবুভূষতি, উপভবিতুং প্রাপ্তুং নেচ্ছতি। অদৃঢ়াত্মা চঞ্চলচিত্তঃ ॥৫৪॥

অথেতি। গুণসম্পন্নান্ জ্ঞাতীনেব। প্রিয়েণ প্রীতিকরাচরণেন ॥৫৫॥

নেতি। প্রণয়েৎ সাধয়িতুমারভেত, অপ্রিয়ে উপস্থিতেঽপি জাতু কদাচিৎ ন সংজ্বরেৎ সন্তপ্তো ন ভবেৎ। প্রিয়ে প্রাপ্তে চ। যুঞ্জীত প্রবর্ত্তেত ॥৫৬॥

ক ইতি। মধ্যস্থাশ্চ দোষো বৈরমেষামস্তীতি দোষা দোষিণশ্চ তে ॥৫৭॥

যে রাজা উৎকৃষ্ট অমাত্যদিগকে পরিত্যাগ করিয়া নিকৃষ্ট অমাত্যদিগকে ভালবাসেন, তিনি বিপদাপন্ন হইয়া সৎপথ খুঁজিয়া পান না ॥৫৩॥

যে লোক বিদ্বেষবশতঃ সদ্‌গুণসম্পন্ন জ্ঞাতিগণের সহিত সংসর্গ করিতে ইচ্ছা করে না ; চঞ্চলচিত্ত ও দৃঢ়ক্রোধী সেই লোক মৃত্যুর নিকটেই বাস করে ॥৫৪॥

গুণবান্ জ্ঞাতিরা কোন কারণে মনের অপ্রিয় হইলেও যে লোক প্রীতিজনক আচরণদ্বারা তাহাদিগকে বশীভূত করে, সেই লোক চিরকালই যশস্বী থাকে ॥৫৫॥

মানুষ অসময়ে কার্য্য সাধনের চেষ্টা করিবে না, অপ্রিয় উপস্থিত হইলে কখনও সন্তপ্ত হইবে না, প্রিয় উপস্থিত হইলেও অতিশয় হর্ষ প্রকাশ করিবে না এবং দেহের আরোগ্যসাধনে সর্ব্বদা ব্যাপৃত থাকিবে ॥৫৬॥

বিদিত রাজাদের মধ্যে কোন্ কোন্ রাজা নিজের অনুরক্ত, কোন্ কোন্ রাজা

(৫৩) ··সাধুমার্গো ন বিন্দতি নি। (৫৪) প্রদ্বেষান্নো বুভূষতি, নাস্তার্থো বসতেঽন্তিকে নি।
(৫৫) তিষ্ঠেদ্যুঞ্জ্যেত শুভকর্ম্মণি · বর্দ্ধ।

ন জাতু বলবান্ ভূত্বা দুর্ব্বলে বিশ্বসেৎ ক্বচিৎ।
ভারুণ্ডসদৃশা হ্যেতে নিপতন্তি প্রমাদ্যতঃ ॥৫৮॥
অপি সর্ব্বগুণৈর্যুক্তং ভর্ত্তারং প্রিয়বাদিনম্।
অভিদ্রুহ্যতি পাপাত্মা ন তস্মাদ্বিশ্বসেজ্জনাৎ ॥৫৯॥
এবং রাজোপনিষদং যযাতিঃ স্মাহ নাহুষঃ।
মনুষ্যবিষয়ে যুক্তো হন্তি শত্রূননুত্তমান্ ॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে বামদেবগীতাসু নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

নেতি। জাতু কদাচিৎ, বিশ্বসেৎ অনাক্রমণবিশ্বাসং কুর্য্যাৎ। ভারুণ্ডসদৃশাঃ শ্যেনপক্ষিতুল্যাঃ। প্রমাদ্যতঃ অসাবধানস্যোপরি ॥৫৮॥

কুত্রাপি বিশ্বাসো ন কর্ত্তব্য ইত্যাহ অপীতি। ভর্ত্তারং প্রতিপালকম্ ॥৫৯॥

এবমিতি। রাজ্ঞাম্ উপনিষদং গুপ্তসত্যবিদ্যাম্, আহ ব্রবীতি স্ম। নাহুষো নহুষপুত্রঃ। যুক্তো হিতৈষী। অতএবাসৌ যযাতিঃ অনুত্তমান্ প্রবলান্ শত্রূন্ হন্তি স্ম ॥৬০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

ভাবতভাবদীপঃ

প্রাতিকূল্যাদ্দ্বেষাৎ শৃণোতি তচ্ছত্রুভ্যঃ সকাশাৎ ॥৫০॥ অগ্রামৈর্বুদ্ধিমদ্ভিঃ, বৃত্তিং লাভোপায়ম্ ॥৫১—৫২॥ মুখ্যানিতি। গাধং কার্য্যান্তম্ ॥৫৩—৫৯॥ রাজোপনিষদং রাজ্ঞাং রহস্যবিদ্যাম্ ॥৬০॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

ভয়ে শরণাগত, কোন্ কোন্ রাজা মধ্যস্থ এবং কোন্ কোন্ রাজাই বা শত্রু, ইহা রাজা সর্ব্বদা চিন্তা করিবেন ॥৫৭॥

রাজা নিজে বলবান্ হইয়াও কোন স্থানে কোন সময়েই দুর্ব্বলের উপরে বিশ্বাস করিবেন না। কারণ, বিশ্বাস করিয়া অসাবধান থাকিলে, এই দুর্ব্বলেরাও শ্যেনপক্ষীর ন্যায় হঠাৎ আসিয়া নিজের উপরে নিপতিত হইয়া থাকে ॥৫৮॥

রাজা সর্ব্বগুণসম্পন্ন, প্রতিপালক ও প্রিয়বাদী হইলেও তাঁহার প্রতি পাপাত্মারা বিদ্রোহ করিয়া থাকে; অতএব রাজা কোন ব্যক্তির উপরেই বিশ্বাস করিবেন না ॥৫৯॥

---

(৫৯)· বিশ্বসেজ্জনান্ · নি। * ' · ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

একনবতিতমোঽধ্যায়ঃ।

—————ঃ০ঃ—————

বামদেব উবাচ।

অযুদ্ধেনৈব বিজয়ং বর্দ্ধয়েদ্বসুধাধিপঃ।
জঘন্যমাহুর্বিজয়ং যুদ্ধেন চ নরাধিপ! ॥১॥
ন চাপ্যলব্ধং লিপ্সেত মূলে নাতিদৃঢ়ে সতি।
ন হি দুর্ব্বলমূলস্য রাজ্ঞো লাভো বিধীয়তে ॥২॥
যস্য স্ফীতো জনপদঃ সম্পন্নপ্রিয়রাজকঃ।
সন্তুষ্টঃ পুষ্টসচিবো দৃঢ়মূলঃ স পার্থিবঃ ॥৩॥

ভাবতকৌমুদী

অযুদ্ধেনেতি। অযুদ্ধেনৈব যুদ্ধভিন্নোপায়েনৈব, বর্দ্ধয়েৎ বাহুল্যেন সাধয়িতুং চেষ্টেত। জঘন্যং নিকৃষ্টম্ ॥১॥

নেতি। অলব্ধং রাজ্যাদিকম্, লিপ্সেত লব্ধুমিচ্ছেৎ। মূলে রক্ষ্যমাণজনপদাদৌ। লাভো লাভপ্রবৃত্তিঃ ॥২॥

কিং নাম দৃঢ়মূলত্বমিত্যাহ শ্লোকত্রয়েণ যস্যেতি। স্ফীতো ধনজনাদিভিঃ সমৃদ্ধঃ, সম্পন্নঃ সম্পৎপ্রাপ্তঃ প্রজানাং প্রিয়শ্চ রাজা যস্য সঃ, পুষ্টা বেতনাদিলাভেন সমৃদ্ধাঃ সচিবা যস্য সঃ ॥৩॥

নহুষের পুত্র যযাতি মানুষ মাত্রেরই হিতৈষী হইয়া এইরূপ রাজোপনিষদ্ বলিয়াছিলেন এবং তিনি এই রাজোপনিষদ্ জানিতেন বলিয়াই প্রধান শত্রুগণকে বিনাশ করিতে পারিয়াছিলেন' ॥৬০॥

—————ঃ*ঃ—————

বামদেব বলিলেন—'নরনাথ! রাজা যুদ্ধ ভিন্ন অন্য উপায়েই প্রথমে জয়লাভ করিবার চেষ্টা করিবেন। কেন না, মনস্বীরা বলেন—যুদ্ধে যে জয়লাভ হয়, তাহা নিকৃষ্ট জয় ॥১॥

কিংবা মূল অতিদৃঢ় না হইলে, রাজা অলব্ধ বস্তু লাভ করিবার ইচ্ছা করিবেন না। কারণ, যাঁহার মূল দুর্ব্বল থাকে, সে রাজার অলব্ধ বস্তু লাভ করার চেষ্টা বিহিত নহে ॥২॥

যাঁহার রাজ্য সমৃদ্ধিশালী এবং মন্ত্রিগণ সমৃদ্ধিসম্পন্ন, আর যিনি নিজে সম্পন্ন, প্রজাবর্গের প্রিয় ও সর্ব্বদা সন্তুষ্টচিত্ত, সেই রাজাকেই দৃঢ়মূল বলা হয় ॥৩॥

পৌরজানপদা যস্য ভূতেষু চ দয়ালবঃ ।
সধনা ধান্যবন্তশ্চ দৃঢ়মূলঃ স পার্থিবঃ ॥৪॥
যস্য যোধাঃ সুসন্তুষ্টাঃ স্বনুরক্তাঃ সুপূজিতাঃ ।
অল্পেনাপি স দণ্ডেন মহীং জয়তি পার্থিবঃ ॥৫॥
দণ্ডো হি বলবান্ যত্র তত্র সাম প্রযুজ্যতে ।
প্রদানং সামপূর্ব্বঞ্চ ভেদমূলং প্রশস্যতে ॥৬॥
ত্রয়াণাং বিফলং কর্ম্ম যদা পশ্যেত ভূমিপঃ ।
রন্ধ্রং জ্ঞাত্বা ততো দণ্ডং প্রযুঞ্জীতাবিচারয়ন্ ॥৭॥
অভিভূতো যদা শত্রুঃ শত্রুভির্ব্বলবত্তরৈঃ ।
উপেক্ষা তত্র কর্ত্তব্যা বধ্যতা বলিনাং বলম্ ॥৮॥

ভারতকৌমুদী

পৌরেতি। ভূতেষু প্রাণিমাত্রেষু ॥৪॥

যস্যেতি। সুপূজিতা রাজ্ঞা সম্মানং প্রাপিতাঃ। দণ্ডেন সৈন্যেন ॥৫॥

দণ্ড ইতি। দণ্ডো বিপক্ষসৈন্যম্, সাম সান্ত্বনয়বাক্যম্। সাম্নো নিষ্ফলত্বে সামপূর্ব্বঞ্চ প্রদানং তস্মৈ বলবতে উপহারার্পণম্, তদপি চ প্রদানং ভেদো ভেদঘটনমেব মূলং জয়সাধনং যস্মিন্ তত্তাদৃশং প্রশস্যতে ॥৬॥

ত্রয়াণামিতি। ত্রয়াণাং সামদানভেদানাম্, কর্ম্ম প্রয়োগম্। রন্ধ্রং বিপক্ষস্য ছিদ্রম্, দণ্ডং যুদ্ধম্, প্রযুঞ্জীত কুর্য্যাৎ ॥৭॥

অভীতি। শত্রুভিস্তৃতীয়রূপৈঃ, উপেক্ষা অভিভূতে স্বশত্রৌ। বধ্যতা বিনাশয়িতা রাজ্ঞা, বলিনাং তেষামভিভাবকানাম্। যথাসাবুভয়পক্ষোঽপি স্বাযত্তো ভবেদিতি ভাবঃ ॥৮॥

যাঁহার পুরবাসিগণ ও দেশবাসিগণ প্রাণিমাত্রের প্রতিই দয়ালু এবং ধনধান্যশালী থাকে, সেই রাজাই দৃঢ়মূল হন ॥৪॥

যাঁহার যোদ্ধারা অত্যন্ত সন্তুষ্ট, নিজের প্রতি বিশেষ অনুরক্ত ও সম্মানিত থাকে, সেই রাজা অল্প সৈন্যদ্বারাও পৃথিবী জয় করিতে পারেন ॥৫॥

যে স্থলে বিপক্ষের সৈন্য বিশেষ প্রবল, সে স্থলে সামপ্রয়োগ করাই উচিত। সে সামপ্রয়োগও কার্য্যকরী না হইলে, সামপূর্ব্বক উপহার দান করা সঙ্গত এবং সে উপহারদানের মূলেও ভেদপ্রয়োগ থাকা প্রশস্ত ॥৬॥

রাজা যখন সাম, দান ও ভেদের প্রয়োগ নিষ্ফল দেখিতে পাইবেন, তখন তিনি বিপক্ষের ছিদ্র বুঝিয়া কোন বিচার না করিয়াই যুদ্ধ আরম্ভ করিবেন ॥৭॥

---

(৫) সান্ত্বিতাঃ সুপধাস্থিতাঃ—বঙ্গ বর্দ্ধ। (৬) ইতঃ প্রভৃতি ত্রয়োদশ শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

দুর্ব্বলো হি মহীপালো যদা ভবতি ভারত ।
উপেক্ষা তত্র কর্ত্তব্যা চতুর্ণামবিরোধিনী ।
উপায়ঃ পঞ্চমঃ সোঽপি সর্ব্বেষাং বলবত্তরঃ ॥৯॥
ভার্গবেণ চ গীতানাং শ্লোকানাং কোশলাধিপ ।
বিজ্ঞায় তত্ত্বং তত্ত্বজ্ঞ ! তত্ত্বতস্তৎ করিষ্যতি ॥১০॥
যদি রক্ষঃপিশাচেন হন্যতে যত্র কুত্রচিৎ ।
উপেক্ষা তত্র কর্ত্তব্যা বাচ্যতাং বলিনাং বলম্ ॥১১॥
দুর্ব্বলোঽপি মহীপাল ! শত্রুণা শত্রুমুদ্ধরেৎ ।
পাদলগ্নং করস্থেন কণ্টকেনেব কণ্টকম্ ॥১২॥

ভারতকৌমুদী

দুর্ব্বল ইতি। উপেক্ষা যুদ্ধনিবৃত্তিঃ। চতুর্ণাং সামাদ্যুপায়ানাম্, অবিরোধিনী অনিষ্ফলত্ব-প্রযোজিকা। স উপায়রূপঃ বলবত্তব আত্মক্ষতিনিবাবকত্বাদিতি ভাবঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৯॥

প্রসঙ্গান্তরেণোপদিশতি ভার্গবেণেতি। ভার্গবেণ শুক্রেণ গীতানাং গানবৎপ্রচারিতানাম্। তত্ত্বং তাৎপর্য্যার্থম্। তত্ত্বতো যাথার্থ্যেন করিষ্যতি ভবান্ ॥১০॥

তান্ শুক্রগীতান্ শ্লোকানাহ যদীতি। হন্যতে স্বপক্ষঃ। বাচ্যতাং জ্ঞাপ্যতাম্, বলিনাং রক্ষঃপিশাচনিবারকাণাং তেজীয়সাং ব্রাহ্মণানাম্, বলং তপস্তেজঃ। তথা চ অদৃষ্টচরা এব রক্ষঃ-পিশাচা নিঘ্নন্তি। তত্র চাত্মনো লৌকিকং বলমকিঞ্চিৎকরমেব ; ব্রহ্মতেজস্তু তান্ নিবারয়েদেবেতি ভাবঃ ॥১১॥

দুর্ব্বল ইতি। উদ্ধরেৎ উৎসাদয়েৎ উত্তোলয়েচ্চ ॥১২॥

কোন প্রবল তৃতীয় পক্ষ যখন নিজেব শত্রুকে আক্রমণ কবিয়া অভিভূত করিবে, তখন বাজা সেই প্রবলপক্ষের সৈন্যই সংহাব করিতে থাকিয়া, নিজের শত্রুব উপরে উপেক্ষা করিবেন ॥৮॥

ভরতনন্দন ! রাজা যখন নিজে দুর্ব্বল হইবেন, তখন তিনি সামাদি চারিটী উপায়ের অবরোধে শত্রুর উপরে উপেক্ষা কবিবেন। সেই উপেক্ষাই সমস্ত উপায়ের মধ্যে শ্রেষ্ঠ পঞ্চম উপায় ॥৯॥

কোশলপতি ! আপনি তত্ত্বজ্ঞ ; সুতরাং শুক্রাচার্য্যকথিত শ্লোকগুলির তাৎপর্য্য বুঝিয়া যথার্থভাবে যথাকালে তাহা কবিবেন ॥১০॥

যদি বাক্ষস বা পিশাচ যে কোন সময়ে আপন বল নষ্ট করিতে থাকে, তবে বাজার নিজের সে বিষয়ে উপেক্ষা কবা কর্ত্তব্য ; কিন্তু তখন তিনি ব্রহ্মতেজে তেজীয়ান্ ব্রাহ্মণগণকেই তাহা জানাইবেন ॥১১॥

শঠানাং সচিবানাঞ্চ ম্লেচ্ছানাঞ্চ মহীপতে!।
এষ উক্ত উপায়ানামুপেক্ষা বলবত্তমঃ ॥১৩॥
অশ্মনা নাশয়েল্লোহং লোহেনাশ্মানমেব তু।
বিল্বানি বা পরৈর্বিল্বৈর্ম্লেচ্ছৈর্ম্লেচ্ছান্ প্রসাদয়েৎ ॥১৪॥
দাসানাঞ্চ প্রদীপ্তানামেতদেব হি কারয়েৎ।
চণ্ডালম্লেচ্ছজাতীনাং দণ্ডেনৈব নিবারণম্।
শঠানাং তুর্বিনীতৈশ্চ পূর্ব্বমুক্তং সমাচরেৎ ॥১৫॥
অন্ত্যাঃ শঠাশ্চ সচিবাস্তথা কুব্রাহ্মণাদয়ঃ।
উপায়ৈঃ পঞ্চভিঃ সাধ্যশ্চতুর্বর্গবিরোধিনঃ ॥১৬॥

ভারতকৌমুদী

শঠানামিতি। এষ পূর্ব্বশ্লোকোক্তঃ, উপায়ানাং মধ্যে বলবত্তমঃ শ্রেষ্ঠতমঃ ॥১৩॥

উপমাভিরুক্তমেবার্থং স্পষ্টয়তি অশ্মনেতি। অশ্মনা পাষাণেন, অশ্মানং পাষাণম্। প্রসাদয়েৎ উৎসাদয়েৎ ॥১৪॥

দাসানামিতি। দাসানাং শূদ্রাণাম্, এতদেব পূর্ব্বোক্তমেব চণ্ডালম্লেচ্ছজাতীনাং দুর্ব্বলত্বে সতীত্যাশয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

অন্ত্যা ইতি। অন্ত্যা অন্ত্যজাঃ। তে চ প্রায়শ্চিত্ততত্ত্বধৃতস্মৃত্যুক্তাঃ। যথা—"রজকশ্চর্ম্মকারশ্চ নটো বরুড় এব চ। কৈবর্ত্তমেদভিল্লাশ্চ সপ্তৈতে চান্ত্যজাঃ স্মৃতাঃ॥" পঞ্চভিঃ সামদানভেদদণ্ডোপেক্ষারূপৈঃ, সাধ্যা আয়ত্তীকর্ত্তব্যাঃ, চতুর্বর্গবিরোধিনো ধর্ম্মার্থকামমোক্ষহানিকারিণঃ ॥১৬॥

নবনাথ! মানুষ হস্তস্থিত কণ্টকদ্বারা যেমন পাদলগ্ন কণ্টক উত্তোলন করে, তেমন রাজা নিজে দুর্ব্বল হইলে, এক শত্রুদ্বারা অপর শত্রুকে উৎসন্ন করিবেন ॥১২॥

রাজা! শঠ মন্ত্রী ও ম্লেচ্ছগণ বিপক্ষ হইয়া পড়িলে, সমস্ত উপায়ের মধ্যে এই প্রবল উপায়ই প্রয়োগ করিতে হইবে এবং ক্ষেত্রবিশেষে উপেক্ষাও করা যাইতে পারে ॥১৩॥

যেমন প্রস্তরদ্বারা লৌহ, লৌহদ্বারা প্রস্তর এবং একটী বিল্বফলদ্বারা অপর বিল্বফলকে বিনষ্ট করে, তেমন রাজা কতকগুলি ম্লেচ্ছদ্বারা অপর ম্লেচ্ছগণকে বিনষ্ট করিবেন ॥১৪॥

শূদ্রগণ গর্ব্বিত হইয়া উঠিলেও রাজা এই উপায়ই অবলম্বন করিবেন; আর চণ্ডাল বা ম্লেচ্ছগণ দুর্ব্বল হইলে, দণ্ডদ্বারাই তাহাদিগকে শান্ত করিবেন এবং দুর্ব্বিনীত লোকগণদ্বারা শঠলোকদিগকে আয়ত্ত করিবেন ॥১৫॥

অন্ত্যজ, শঠ, মন্ত্রী ও কুব্রাহ্মণপ্রভৃতি চতুর্বর্গের বিরোধী হইয়া উঠিলে রাজা সাম,

পৌরজানপদা যস্য স্বনুরক্তা অপীড়িতাঃ।
রাষ্ট্রকর্ম্মকরা হ্যেতে রাষ্ট্রস্য চ বিরোধিনঃ।
দুর্বিনীতা বিনীতাশ্চ সর্ব্বে সাধ্যাঃ প্রযত্নতঃ ॥১৭॥
চণ্ডালম্লেচ্ছজাত্যাশ্চ পাষণ্ডাশ্চ বিকর্ম্মিণঃ।
বলিনশ্চাশ্রমাশ্চৈব তথা গায়কনর্ত্তকাঃ ॥১৮॥
প্রতাপকালমধিকং যদা মন্যেত চাত্মনঃ।
তদা লিপ্সেত মেধাবী পরভূমিধনান্যুত ॥১৯॥
ভোগেষূদয়মানস্য ভূতেষু চ দয়াবতঃ।
বর্দ্ধতে ত্বরমাণস্য বিষয়ো রক্ষিতাত্মনঃ ॥২০॥
তক্ষেদাত্মানমেবং স বনং পরশুনা যথা।
যঃ সম্যগ্ বর্ত্তমানেষু স্বেষু মিথ্যা প্রবর্ত্ততে ॥২১॥

ভাবতকৌমুদী

পৌরেতি। রাষ্ট্রস্য কর্ম্মকরা উন্নতিসাধককার্য্যকারিণঃ। সাধ্যাস্তেন রাজ্ঞা আয়ত্তীকর্ত্তব্যাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

চণ্ডালেতি। "পাষণ্ডা বৃথারক্তপটমৌণ্ডাদিব্রতচর্য্যাঃ" ইতি স্মার্ত্তঃ। তথা সাধ্যাঃ ॥১৮॥

প্রতাপেতি। প্রতাপকালং শত্রুষু প্রতাপপ্রকাশসময়ম্ ॥১৯॥

ভোগেষিতি। উদয়মানস্য উদ্যুঞ্জানস্য। বিষয়ো রাজ্যম্ ॥২০॥

দান, ভেদ, দণ্ড ও উপেক্ষা এই পাঁচটী উপায়ের মধ্যে যে কোন উপায়দ্বারাই তাহাদিগকে শাস্ত করিবেন ॥১৬॥

পুরবাসিগণ ও দেশবাসিগণ রাজ্যের হিত ও অহিত উভয়ই করিতে পারে; সুতরাং পীড়ন না করায় ইহারা যাঁহার প্রতি অত্যন্ত অনুরক্ত থাকে, সেই রাজা দুর্ব্বিনীত ও বিনীত সেই পুরবাসী ও দেশবাসীদিগকে বিশেষ যত্নপূর্ব্বক আয়ত্তে রাখিবেন ॥১৭॥

আর চণ্ডাল, ম্লেচ্ছ, পাষণ্ড, শাস্ত্রবিরুদ্ধ কার্য্যকারী, বলবান্ লোক, সমস্ত আশ্রম, গায়ক এবং নর্ত্তকদিগকেও রাজা যত্নপূর্ব্বক আপন অধীনে রাখিবেন ॥১৮॥

বুদ্ধিমান্ রাজা যখন নিজের প্রতাপ প্রকাশ করিবার সময় উপস্থিত হইয়াছে বলিয়া মনে করিবেন, তখনই তিনি পরের রাজ্য ও ধন হরণ করিবার চেষ্টা করিবেন ॥১৯॥

যিনি ভোগে উদ্‌যোগী, প্রাণিমাত্রের প্রতি দয়ালু ও কার্য্যমাত্রেই ত্বরান্বিত থাকেন এবং সর্বদাই আত্মরক্ষা করেন, সেই রাজার রাজ্যই বৃদ্ধি পাইতে থাকে ॥২০॥

নৈব দ্বিষন্তো হীয়ন্তে রাজ্ঞো নিত্যমনিঘ্নতঃ।
ক্রোধং নিহন্তুং যো বেদ তস্য দ্বেষ্টা ন বিদ্যতে ॥২২॥
যদার্য্যজনবিদ্বিষ্টং কর্ম্ম তন্নাচরেদ্‌বুধঃ।
যৎকল্যাণমভিধ্যায়েত্তত্রাত্মানং নিযোজয়েৎ ॥২৩॥
নৈবমন্যেঽবজানন্তি নাত্মনা পরিতপ্যতে।
কৃত্যশেষেণ যো রাজা সুখান্যনুবুভূষতি ॥২৪॥
ইদং বৃত্তং মনুয্যেষু বর্ত্ততে যো মহীপতিঃ।
উভৌ লোকৌ বিনির্জ্জিত্য বিজয়ে সংপ্রতিষ্ঠতে ॥২৫॥

ভারতকৌমুদী

তক্ষেদিতি। তক্ষেৎ তনূকুর্য্যাৎ। স্বেষু আত্মীয়জনেষু ॥২১॥

নেতি। নিত্যম্ অনিঘ্নতঃ শক্রসংহারমকুর্ব্বতো রাজ্ঞঃ, দ্বিষন্তঃ শত্রবো নৈব হীয়ন্তে ক্ষীয়ন্তে। পক্ষান্তরে তু যো রাজা ক্রোধং নিহন্তুং সংবরীতুম্, বেদ জানাতি, তস্য দ্বেষ্টা ন বিদ্যতে। অতঃ ক্রোধসংবরণমেব শ্রেয় ইতি ভাবঃ ॥২২॥

যদিতি। আর্য্যজনেন সজ্জনেন বিদ্বিষ্টম্। কল্যাণং মঙ্গলকরম্ ॥২৩॥

নেতি। কৃত্যশেষেণ কর্ত্তব্যসমাপ্ত্যা। অনুবুভূষতি অনুভবিতুমিচ্ছতি ॥২৪॥

উপসংহরতি ইদমিতি। বৃত্তমাচারমাশ্রিত্য ॥২৫॥

ভারতভাবদীপঃ

অযুদ্ধেনেতি ॥১॥ নাতিদৃঢে অনতিদৃঢে ॥২॥ দৃঢমূলত্বস্য লক্ষণমাহ—যস্যেতি ॥৩॥ সুপথাঃ পরবঞ্চনাস্তত্র স্থিতা নিষ্ঠাবন্তঃ, দণ্ডেন সৈন্যেন ॥৪—১৮॥ লিপ্সেত বিজিগীষেত ॥১৯—২৩॥

আত্মীয়লোকেরা ন্যায় অনুসারে চলিতে থাকিলেও যিনি তাহাদের প্রতি প্রতারণা করেন, সেই রাজা এইরূপ ব্যবহারদ্বারা কুঠারদ্বারা বনের ন্যায় আপনাকে ক্ষুদ্র করিয়া ফেলেন ॥২১॥

যে রাজা সর্বদা শত্রু সংহার না করেন, তাঁহার শত্রু হ্রাস পায় না; আবার যিনি ক্রোধ সংবরণ করিতে জানেন, তাঁহার শত্রুই হয় না ॥২২॥

যে কার্য্যের উপরে সজ্জনের বিদ্বেষ থাকে, বুদ্ধিমান্ লোক তাহা করিবেন না, আর যে কার্য্য মঙ্গলজনক বলিয়া মনে করিবেন, বুদ্ধিমান্ লোক তাহাতেই আত্ম নিয়োগ করিবেন ॥২৩॥

যে রাজা কর্ত্তব্য সমাপ্ত করিয়া সুখ অনুভব করিবার ইচ্ছা করেন, তাঁহাকে অন্যেও অবজ্ঞা করে না এবং তিনি নিজেও অনুতপ্ত হন না ॥২৪॥

মনুষ্যসমাজে যে রাজা এইরূপ আচারে থাকেন, তিনি ইহলোক ও পরলোক জয় করিয়া কেবল জয়ের উপরেই প্রতিষ্ঠিত থাকেন' ॥২৫॥

ভীষ্ম উবাচ।

ইত্যুক্তো বামদেবেন সর্ব্বং তৎ কৃতবান্ নৃপঃ।
তথা কুর্ব্বংস্ত্বমপ্যেতৌ লোকৌ জেতা ন সংশয়ঃ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে বামদেবগীতাসু একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

অথ যো বিজিগীষেত ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়ং যুধি।
কস্তস্য বিজয়ে ধর্ম্মো হ্যেতৎ পৃষ্টো ব্রবীহি মে ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। নৃপো বসুমনাঃ। এতৌ ইহ পরাখ্যৌ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

অথেতি। বিজিগীষেত বিজেতুমিচ্ছেৎ। ধর্ম্মো ন্যায়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ

কৃত্যশেষেণ পরকৃত্যং কার্ৎস্ন্যেন ন সমাপয়েৎ সমাপিতে তু পরোঽবমন্যতে স্বস্য চ তাপো ভবতীত্যর্থঃ ॥২৪—২৫॥ নৃপো বসুমনাঃ ॥২৬॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবতিতমোঽধ্যায়ঃ ॥৯১॥

ভীষ্ম বলিলেন—'বামদেব এইরূপ বলিলে, রাজা বসুমনা তদনুসারে সমস্ত কার্য্যই করিতে লাগিলেন। যুধিষ্ঠির! তুমিও সেইরূপ করিতে থাকিয়া ইহলোক ও পরলোক উভয় লোকই জয় করিতে পারিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥২৬॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! যে ক্ষত্রিয় যুদ্ধে অপর ক্ষত্রিয়কে জয় করিবার ইচ্ছা করেন, তাঁহার সেই বিজয় বিষয়ে কোন্ প্রকার রীতি অবলম্বন করিতে হইবে, ইহা আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি আমার নিকট ইহা বলুন' ॥১॥

---

* '· চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

ভীষ্ম উবাচ।

সসহায়োঽসহায়ো বা রাষ্ট্রমাগম্য ভূমিপঃ।
ব্রূয়াদহং বো রাজেতি রক্ষিষ্যামি চ বঃ সদা ॥২॥
মম ধর্ম্মবলিং দত্ত কিংবা মাং প্রতিপৎস্যথ।
তে চেত্তমাগতং তত্র বৃণুয়ুঃ কুশলং ভবেৎ ॥৩॥
তে চেদক্ষত্রিয়াঃ সন্তো বিরুধ্যেরন্ কথঞ্চন।
সর্ব্বোপায়ৈর্নিয়ন্তব্যা বিকর্ম্মস্থা নরাধিপ ! ॥৪॥
অশস্ত্রং ক্ষত্রিয়ং মত্বা শস্ত্রং গৃহ্লাত্যথাপরঃ।
ত্রাণায়াপ্যসমর্থং তং মন্যমানমতীব চ ॥৫॥

ভারতকৌমুদী

সেতি। রাষ্ট্রম্ অরাজকং রাজ্যং পররাজ্যং বা ॥২॥

মমেতি। ধর্ম্মবলিং ধর্ম্মসঙ্গতং করম্, দত্ত যূয়মর্পয়ত, প্রতিপৎস্যথ যুদ্ধায় প্রাপ্নুত। তে তত্রাজ্যস্থা জনা তং রাজানম্, বৃণুয়ুঃ রাজত্বেন গৃহ্লীয়ুঃ ॥৩॥

ত ইতি। অক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়জাতিভিন্নাঃ সন্তোঽপি। নিয়ন্তব্যা আয়ত্তীকর্ত্তব্যাঃ। বিকর্ম্মস্থা বিরুদ্ধযুদ্ধকর্ম্মোদ্যোগিনঃ তেষামক্ষত্রিয়ত্বাদিতি ভাবঃ ॥৪॥

অশস্ত্রমিতি। অথ তদানীং অশস্ত্রং ক্ষত্রিয়ম্। অতএব চ তং তত্রত্যম্, ত্রাণায় আত্মরক্ষণায়াপি

ভারতভাবদীপঃ

যস্য স্বাম্যাদ্যাঃ সপ্ত প্রকৃতয়ো দৃঢাঃ স পরমহীং লিপ্সেতেত্যুক্তং তত্র যো জিগীষতে জেতুমিচ্ছতি তস্য বিজয়ে বিষয়ে বিজয়নিমিত্তং কোঽভ্যুদয়ো ধর্ম্ম ইতি পৃচ্ছতি—অথেতি ॥১॥ জিগীষুর্দ্বিবিধঃ অনুপস্থিতপরিপন্থী উপস্থিতপরিপন্থী চ তত্রাদ্যস্য ধর্ম্মমাহ—সসহায় ইতি। যোঽকস্মাদ্রাষ্ট্রং পরকীয়-মাগত্যাঽহং বো রক্ষিষ্যামীত্যাদি ব্রূয়াৎ স আদ্যো বিজিগীষমাণ ইত্যর্থঃ ॥২—৪॥ অশস্ত্রমিতি।

ভীষ্ম বলিলেন—'সহায়সম্পন্নই হউন বা নিঃসহায়ই হউন, রাজা কোন অরাজক রাজ্যের কিংবা রাজশাসিত রাজ্যের নিকটে যাইয়া বলিবেন—'প্রজাগণ! আমি তোমাদের রাজা; সুতরাং আমি তোমাদিগকে সর্ব্বদা রক্ষা করিব ॥২॥

অতএব তোমরা ধর্ম্মানুসারে আমাকে কর দাও কিংবা আমার সহিত যুদ্ধ কর।' ইহাতে সেই প্রজারা যদি সেই উপস্থিত রাজাকে রাজা বলিয়া গ্রহণ করে, তাহা হইলে ভালই হয় ॥৩॥

যুধিষ্ঠির! আর যদি তাহারা ক্ষত্রিয় না হইয়াও কোন প্রকারে বিরোধ আরম্ভ করে, তাহা হইলে রাজা সমস্ত উপায়ে সেই বিরুদ্ধ কার্য্যকারী প্রজাগণকে নিয়মিত করিবেন ॥৪॥

---

(৩) তে চোক্তমাগতম্—নি।

যুধিষ্ঠির উবাচ।

অথ যঃ ক্ষত্রিয়ো রাজা ক্ষত্রিয়ং প্রত্যুপাব্রজেৎ।
কথং স প্রতিযোদ্ধব্যস্তন্মে ব্রূহি পিতামহ! ॥৬॥

ভীষ্ম উবাচ।

নৈবাসন্নদ্ধকবচো যোদ্ধব্যঃ ক্ষত্রিয়ো রণে।
এক একেন বাচ্যশ্চ বিসৃজেতি ক্ষিপামি চ ॥৭॥
স চেৎ সন্নদ্ধ আগচ্ছেৎ সন্নদ্ধব্যং ততো ভবেৎ।
স চেৎ সসৈন্য আগচ্ছেৎ সসৈন্যস্তমথাহ্বয়েৎ ॥৮॥

ভারতকৌমুদী

অতীবাসমর্থমাত্মানং মন্যমানং মত্বা, অপরঃ ক্ষত্রিয়ভিন্নো জনঃ, যদি শস্ত্রং গৃহ্লাতি, তদা সোঽপি নিয়ন্তব্য ইত্যনুবৃত্তিঃ ॥৫॥

অথেতি। উপাব্রজেৎ যোদ্ধুমভিযায়াৎ। প্রতিযোদ্ধব্যঃ প্রতিগমনেন যোদ্ধব্যঃ ॥৬॥

নেতি। অসন্নদ্ধকবচঃ অবদ্ধবর্ম্মা। বাচ্যো বক্তব্যঃ, বিসৃজ অস্ত্রং ক্ষিপ। অহঞ্চাস্ত্রং ক্ষিপামীতি ॥৭॥

স ইতি। সন্নদ্ধো বদ্ধকবচঃ, সন্নদ্ধব্যম্ আত্মনাপি দেহে কবচং বদ্ধব্যম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

ত্রাণায়াপ্যসমর্থং পরং চাতীব মন্যমানং ক্ষত্রিয়মশস্ত্রং জ্ঞাত্বাপরো হীনোঽপি শস্ত্রং গৃহ্লাত্যতঃ শস্ত্রবলেনৈব জিতান্ গ্রামাদীনুল্লঙ্ঘ্য তত্তদধিপতিমুখে স্থাতব্যং জিতং রাষ্ট্রং সামাদিনা বশীকর্ত্তব্যমিতি শেষঃ ॥৫—

আর সেই ক্ষেত্রে শস্ত্রবিহীন কোন ক্ষত্রিয় আত্মরক্ষা করিতেও অত্যন্ত অসমর্থ বলিয়া আপনাকে মনে করিতে থাকিলে এবং ইহা বুঝিয়া যদি অপর কোন ব্যক্তি তাহাকে রক্ষা করিবার জন্য অস্ত্রধারণ করে তাহা হইলে, রাজা তাহাকেও নিয়মিত করিবেন' ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! যে ক্ষত্রিয় রাজা যুদ্ধ করিবার জন্য অপর ক্ষত্রিয়ের প্রতিগমন করিবেন, কি প্রকারে তাঁহার সহিত প্রতিযুদ্ধ করিতে হইবে, তাহা আপনি আমার নিকট বলুন' ॥৬॥

ভীষ্ম বলিলেন—'রণস্থলে কবচশূন্য ক্ষত্রিয়ের সহিত যুদ্ধ করিবেন না এবং একজন একজনকে বলিবেন—'আপনি অস্ত্রক্ষেপ করুন, আমিও অস্ত্রক্ষেপ করিতেছি' ॥৭॥

তিনি যদি বর্ম্ম ধারণ করিয়া আগমন করেন, তাহা হইলে নিজেরও বর্ম্ম ধারণ করিতে হইবে এবং তিনি যদি সসৈন্যে আগমন করেন, তাহা হইলে নিজেও সৈন্যসমন্বিত হইয়া তাঁহাকে যুদ্ধে আহ্বান করিবেন ॥৮॥

(৬) কথং সংপ্রতিযোদ্ধব্যঃ · বঙ্গ নি।

স চেন্নিকৃত্যা যুধ্যেত নিকৃত্যা প্রতিযোধয়েৎ।
অথ চেদ্ধর্ম্মতো যুধ্যেদ্ধর্ম্মেণৈব নিবারয়েৎ ॥৯॥
নাশ্বেন রথিনং যায়াদুদিয়াদ্রথিনং রথী।
ব্যসনে ন প্রহর্ত্তব্যং ন ভীতায় জিতায় চ ॥১০॥
ইষুর্লিপ্তো ন কর্ণী স্যাদসতামেতদায়ুধম্।
যথার্থমেব যোদ্ধব্যং ন ক্রুদ্ধ্যেত জিঘাংসতঃ ॥১১॥
নাস্ত্যেকস্য গজো যুদ্ধে গজশ্চৈকস্য বিদ্যতে।
ন পদাতির্গজং যুধ্যেন্ন গজেন পদাতিনম্ ॥১২॥

ভাবতকৌমুদী

স ইতি। নিকৃত্যা শাঠ্যেন, নিবারয়েৎ তমাগতং ক্ষত্রিয়ম্ ॥৯॥

নেতি। উদিয়াৎ অভিযায়াৎ, ব্যসনে কস্যাঞ্চিদাপদি ॥১০॥

ইষুরিতি। কর্ণী পার্শ্বদ্বয়ে কর্ণবদবয়বযুক্তঃ, ইষুর্বাণঃ, লিপ্তো বিষাক্তো ন স্যাৎ। যেন হি এতদীদৃশমায়ুধম্, অসতাং দুর্জ্জনানামেব স্যাৎ, শত্রুমৃত্যুকামনয়ৈব তথা কারণাৎ ন পুনরাত্মনো বীরত্ব সূচনার্থত্বাদিতি ভাবঃ। জিঘাংসতো হন্তমিচ্ছতঃ ॥১১॥

নেতি। পদাতিঃ পাদচারী, গজং গজারোহিণম্ ॥১২॥

তিনি যদি শঠতাপূর্বক যুদ্ধ করেন, তবে নিজেও শঠতাসহকারেই প্রতিযুদ্ধ করিবেন, আর তিনি যদি ধর্ম্মানুসারে যুদ্ধ করেন, তবে ধর্ম্মযুদ্ধ করিয়াই তাঁহাকে নিবারণ করিবেন ॥৯॥

অশ্বারোহণ করিয়া রথীর প্রতিগমন করিবেন না; কিন্তু রথারোহণ করিয়াই রথীর প্রতিগমন করিবেন। বিপক্ষের বিপদের সময় তাহার উপরে প্রহার করিবেন না এবং ভীত বা বিজিত ব্যক্তির উপরেও প্রহার করা উচিত নহে ॥১০॥

বাণ বিষলিপ্ত হইবে না। কেন না, ঈদৃশ অস্ত্র দুর্জ্জনদেরই হইয়া থাকে। উভয়পক্ষ যথাযথভাবেই যুদ্ধ করিবে; কিন্তু কোন ব্যক্তি বধ করিবার ইচ্ছা করিলেও অপর ব্যক্তি ক্রুদ্ধ হইবে না। (কেন না, ক্রুদ্ধ হইলে অসাবধান হইয়া পড়িতে হয়) ॥১১॥

যুদ্ধে একজনের হস্তী নাই, অপরের হস্তী রহিয়াছে, এই অবস্থায় সেই হস্তিশূন্য ব্যক্তি পাদচারী হইয়া হস্ত্যারোহীর সহিত যুদ্ধ করিবে না, কিংবা হস্ত্যারোহীও সেই পাদচারীর সহিত যুদ্ধ করিবে না ॥১২॥

---

(১২) ইতঃ প্রভৃতি পঞ্চ শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

হস্তিনা যোধয়েন্নাগং কদাচিচ্ছিক্ষিতো হয়ঃ।
দিব্যাস্ত্রবলসম্পন্নঃ কামং যুধ্যেত সর্ব্বদা।
নাগে ভূমৌ সমে চৈব রথেনাশ্বেন বা পুনঃ ॥১৩॥
রামরাবণয়োর্যুদ্ধে হরয়ো বৈ পদাতয়ঃ।
লক্ষ্মণশ্চ মহাভাগস্তথা রাজন্! বিভীষণঃ ॥১৪॥
রাবণস্যান্তকালে চ রথেনৈন্দ্রেণ রাঘবঃ।
নিজঘান দুরাচারং রাবণং পাপকারিণম্ ॥১৫॥
দিব্যাস্ত্রবলসম্পন্নে সর্ব্বমেতদ্বিধীয়তে।
দেবাসুরেষু সর্ব্বেষু দৃষ্টমেতৎ পুরাতনৈঃ ॥১৬॥
সাধূনান্তু যদা ভেদাৎ সাধুশ্চেদ্ব্যসনী ভবেৎ।
নিষ্প্রাণো নাভিহন্তব্যো নানপত্যঃ কথঞ্চন ॥১৭॥

ভারতকৌমুদী

হস্তিনেতি। নাগং হস্ত্যারোহিণম্, হয়ঃ অশ্বারোহী, নাগে হস্তিনি, সমে সমতলদেশে পর্ব্বতাদৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

উক্তব্যতিক্রমমপি দর্শয়িতুমিতিহাসমাহ রামেতি। হরয়ো বানরাঃ পদাতয়ঃ আসন্নিতি শেষঃ। এবমুত্তরার্দ্ধেঽপি ॥১৪॥

তত্রাপি সাম্যমাহ রাবণস্যেতি। ঐন্দ্রেণ ইন্দ্রদত্তেন, রাঘবো রামঃ ॥১৫॥

দিব্যেতি। এতৎ সদৃশভাবেন যুদ্ধম্। পুরাতনৈস্তদানীন্তনৈঃ ॥১৬॥

হস্ত্যারোহী হস্ত্যারোহীর সহিত যুদ্ধ করিবে এবং শিক্ষিত অশ্বারোহী কখনও শিক্ষিত হস্ত্যারোহীর সহিত যুদ্ধ করিতে পারে। সে যাহা হউক, মানুষ দিব্যাস্ত্রবলশালী হইয়াই ইচ্ছানুসারে সর্ব্বদা যুদ্ধ করিবে এবং হস্তী, অশ্ব বা রথে আরোহণ করিয়া ভূতলে কিংবা সমতল পর্ব্বতে যুদ্ধ করিবে ॥১৩॥

পূর্ব্বকালে রামরাবণের যুদ্ধে বানরগণ পাদচারী হইয়া যুদ্ধ করিয়াছিল, আর রাজা! মহাত্মা লক্ষ্মণ এবং বিভীষণও পাদচারী হইয়াই যুদ্ধ করিয়াছিলেন ॥১৪॥

কিন্তু রাবণবধের সময়ে রামচন্দ্র ইন্দ্রদত্ত রথে আরোহণ করিয়া দুরাচার ও পাপকারী রাবণকে বধ করিয়াছিলেন ॥১৫॥

এই সমান ভাবে যুদ্ধ দিব্যাস্ত্রবলসম্পন্ন উভয়পক্ষের স্থলেই বিহিত হইয়াছে এবং প্রাচীনেরা পূর্ব্বকালে সমস্ত দেবাসুরযুদ্ধেই এই নিয়ম দেখিয়াছিলেন ॥১৬॥

(১৭) ইতঃ প্রভৃতি বহব এব পাঠভেদা দৃশ্যন্তে।

ভগ্নশস্ত্রো বিপন্নশ্চ কৃত্তজ্যো হতবাহনঃ।
চিকিৎস্যঃ স্যাৎ স্ববিষয়ে প্রাপ্যো বা স্বগৃহে ভবেৎ ॥১৮॥
নির্ব্রণশ্চ স মোক্তব্য এষ ধর্ম্মঃ সনাতনঃ।
তস্মাদ্ধর্ম্মেণ যোদ্ধব্যমিতি স্বায়ম্ভুবোঽব্রবীৎ ॥১৯॥
সৎসু নিত্যঃ সতাং ধর্ম্মস্তমাস্থায় ন নাশয়েৎ।
যো বৈ জয়ত্যধর্ম্মেণ ক্ষত্রিয়ো ধর্ম্মসঙ্গরঃ ॥২০॥
আত্মানমাত্মনা হন্তি পাপো নিকৃতিজীবনঃ।
কর্ম্ম চৈতদসাধূনামসাধুং সাধুনা জয়েৎ ॥২১॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

সাধূনামিতি। ভেদাৎ দূবাপসবণাৎ, ব্যসনী বিপন্নঃ। অতএব নিষ্প্রাণো দুর্ব্বলঃ ॥১৭॥

ভগ্নেতি। কৃত্তজ্যঃ ছিন্নধনুর্গুণঃ, চিকিৎস্যঃ চিকিৎসনীযঃ, আহতো বিপক্ষ ইতি শেষঃ। স্ববিষয়ে নিজদেশে, প্রাপ্যঃ প্রেরণীযঃ ॥১৮॥

নম্বাহতস্য চিকিৎসয়ারোগ্যে সতি কিং কর্ত্তব্যমিত্যাহ নির্ব্রণ ইতি। নির্ব্রণো নিবৃত্তক্ষতঃ ॥১৯॥

সৎস্বিতি। আস্থায আশ্রিত্য, ধর্ম্মো ধর্ম্মযুক্ত এব সঙ্গরো যুদ্ধং যস্য সঃ, স পাপঃ নিকৃতিজীবনঃ ধিকৃকৃতিযুক্তজীবনশ্চ। এতৎ অধর্ম্মেণ জয়সাধনম্। সাধুস্তু সাধুনা উপাযেনৈব অসাধুং জয়েৎ ॥২০—২১॥

যুদ্ধস্থলে যখন সাধুজনেব বিচ্ছেদবশতঃ অপব সাধু একাকী হইযা বিপন্ন হইবেন, তখন সেই দুর্ব্বল সাধুকে বধ কবিবে না এবং নিঃসন্তান ব্যক্তিকে কোন-প্রকারেই বধ কবিবে না ॥১৭॥

আব যাহাব অস্ত্র ভগ্ন হইয়াছে, যে বিপন্ন হইয়া পডিযাছে, যাহার ধনুর্গুণ ছিন্ন হইয়া গিযাছে এবং যাহাব বাহন নিহত হইযাছে, সেই সকল ব্যক্তিকেও বধ কবিবে না। যে ব্যক্তি যুদ্ধস্থলে আহত হইযাছে, তাহাকে নিজেব দেশে লইয়া গিয়া চিকিৎসা কবাইতে হইবে, কিংবা তাহাকে তাহাব নিজগৃহে পাঠাইয়া দিতে হইবে ॥১৮॥

নিজগৃহে চিকিৎসা কবানেব পব আহত ব্যক্তিব ক্ষত সারিয়া গেলে, তাহাকে ছাড়িয়া দিতে হইবে, ইহাই সনাতন ধর্ম্ম। অতএব ধর্ম্মানুসাবেই যুদ্ধ করিতে হইবে, ইহা স্বায়ম্ভুব মনু বলিয়াছেন ॥১৯॥

সতেব ধর্ম্ম সর্ব্বদা সতেই থাকে, অতএব সেই ধর্ম্ম অবলম্বন কবিয়া নষ্ট করিবে না। ধর্ম্মযোধী যে ক্ষত্রিয অধর্ম্ম অনুসাবে শত্রুকে জয় কবে, সেই নিন্দিতজীবন পাপাত্মা আপনিই আপনাকে বধ কবে। আব ইহা অসজ্জনেবই কার্য্য। সে যাহা হউক, সজ্জন সদুপায়েই অসজ্জনকে জয় করিবেন ॥২০—২১॥

ধর্ম্মেণ নিধনং শ্রেয়ো ন জয়ঃ পাপকর্ম্মণা।
নাধর্ম্মশ্চরিতো রাজন্! সদ্যঃ ফলতি গৌরিব ॥২২॥
মূলানি চ প্রশাখাশ্চ দহন্ সমধিগচ্ছতি।
পাপেন কর্ম্মণা বিত্তং লব্ধ্বা পাপঃ প্রহৃষ্যতি ॥২৩॥
স বর্দ্ধমানঃ স্তেয়েন পাপঃ পাপে প্রসজ্জতি।
ন ধর্ম্মোঽস্তীতি মন্বানঃ শুচীনবহসন্নিব ॥২৪॥
অশ্রদ্দধানশ্চ ভবেদ্‌বিনাশমুপগচ্ছতি।
সংবদ্ধো বারুণৈঃ পাশৈরমর্ত্ত্য ইব মন্যতে ॥২৫॥
মহাদৃতিরিবাধ্মাতঃ সুকৃতে নৈব বর্ত্ততে।
ততঃ সমূলো হ্রিয়তে নদীকূলাদিব দ্রুমঃ ॥২৬॥

ভারতকৌমুদী

ধর্ম্মেণেতি। ফলতি দুঃখাত্মকং ফলং জনয়তি বৎসং প্রসূতে চ ॥২২॥

মূলানীতি। সমধিগচ্ছতি বহ্নির্বৃদ্ধিমিতি শেষঃ। পাপঃ পাপাত্মাপুরুষঃ ॥২৩॥

স ইতি। স পাপঃ পুরুষঃ, স্তেয়েন চৌর্য্যেণ বর্দ্ধমান উন্নতিং লভমানঃ সন্, ধর্ম্মো নাস্তীতি মন্বানো মন্যমানঃ, শুচীন্ পুণ্যবতো জনান্, অবহসন্নিব, পাপে কর্ম্মণি প্রসজ্জতি প্রবর্ত্ততে ॥২৪॥

নন্থ তৎপাপফলং কিং স্যাদিত্যাহ অশ্রদ্দধানেতি। অশ্রদ্দধানো দেবতাদাববিশ্বাসী ভবেৎ। পবশ্চ বারুণৈঃ পাশৈঃ সংবদ্ধঃ সংযতঃ, অমর্ত্ত্যো রাক্ষস ইবাত্মানং মন্যতে ততশ্চ বিনাশমুপগচ্ছতি ॥২৫॥

পাপফলান্তরমাহ মহেতি। মহাদৃতির্বিশালচর্ম্মকোষ ইব আধ্মাতো বায়ুনা সম্পদা চ পূর্ণঃ স পাপপুরুষঃ সুকৃতে পুণ্যকর্ম্মণি নৈব বর্ত্ততে। ততশ্চ নদীকূলাৎ দ্রুম ইব সমূলঃ সবংশঃ সত্রশ্চ হ্রিয়তে জলস্রোতসা পাপেন চ ॥২৬॥

রাজা! ধর্ম্মযুদ্ধে মৃত্যুও ভাল, কিন্তু অধর্ম্মযুদ্ধে জয়ও ভাল না। তবে অধর্ম্ম আচরণ করিলে, তাহা গরুর ন্যায় সদ্য ফল উৎপাদন করে না ॥২২॥

অগ্নি যেমন বৃক্ষের মূল হইতে প্রশাখাপর্য্যন্ত দগ্ধ করিয়া বৃদ্ধি পায়, তেমন পাপাত্মা লোক পাপকর্ম্মদ্বারা ধন লাভ করিয়া প্রহৃষ্ট হয় ॥২৩॥

ক্রমে সেই পাপাত্মা চৌর্য্যবৃত্তিদ্বারা উন্নতি লাভ করিতে থাকিয়া, ধর্ম্ম নাই মনে করিয়া, ধার্ম্মিক লোকদিগকে যেন উপহাস করিতে থাকিয়া, পাপকার্য্যেই প্রবৃত্ত হইতে থাকে ॥২৪॥

সে তখন দেবতাপ্রভৃতিকেও বিশ্বাস করে না। পরে সে বরুণপাশবদ্ধ রাক্ষসের ন্যায় আপনাকে মনে করিতে থাকে, ক্রমে বিনষ্ট হয় ॥২৫॥

মধ্য সময়ে সেই পাপাত্মা বায়ুপূর্ণ বিশাল চর্ম্মকোষের ন্যায় সম্পদে পূর্ণ হইতে

অথৈনমভিনিন্দন্তি ভিন্নং কুম্ভমিবাশ্মনি।
তস্মাদ্ধর্ম্মেণ বিজয়ং কোষং লিপ্সেত ভূমিপঃ॥২৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে বিজিগীষমাণবৃত্তে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ॥০॥ *

———:০:———

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

———:*:———

ভীষ্ম উবাচ।
নাধর্ম্মেণ মহীং জেতুং লিপ্সেত জগতীপতিঃ।
অধর্ম্মবিজয়ং লব্ধ্বা কোঽনুমন্যেত ভূমিপঃ॥১॥

ভাবতকৌমুদী

অথেতি। অথ মবণাৎ পবম্। ভিন্নং ভগ্নম্, অশ্মনি পাষাণে॥২৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবতটীকাযাং
ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি বাজধর্ম্মে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ॥০॥

———:০:———

ভাবতভাবদীপঃ

১০॥ লিপ্সো বিবদিষ্ণঃ, ইষুর্মহান্, বাণঃ কর্ণী ঋজুঃ প্রতীপকণ্টকো বাণঃ॥১১—২০॥ এতস্মিন্কৃত্যা জয়রূপম্ অসাধুনপি॥২১—২৫॥ মহাদৃতির্মহাংশ্চর্ম্মকোশঃ, আধ্মাতো বায়ুনা পূরিত ইবাতিপুষ্টঃ, সুকৃতে সংকর্ম্মণি॥২৬—২৭॥
ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ॥৯২॥

———:০:———

থাকিয়া কোন পুণ্যকার্য্যেই প্রবৃত্ত হয না। তাহাব পর, জলের স্রোত যেমন নদীর তীর হইতে মূলের সহিতই বৃক্ষকে হবণ করে, তেমন পাপ সেই পাপাত্মাকে বংশের সহিতই নবকে লইয়া যায॥২৬॥

তাহার পর, প্রস্তরভগ্ন কুম্ভেব ন্যায় সকলেই সেই পাপাত্মার নিন্দা কবিতে থাকে। অতএব রাজা ধর্ম্ম অনুসাবেই জয় ও কোষ লাভ করিবার ইচ্ছা করিবেন'॥২৭॥

* '· পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ নি।

অধর্ম্মযুক্তো বিজয়ো হ্যধ্রুবোঽস্বর্গ্য এব চ।
সাদয়ত্যেষ রাজানং মহীঞ্চ ভরতর্ষভ ! ॥২॥
বিশীর্ণকবচং চৈব তবাস্মীতি চ বাদিনম্।
কৃতাঞ্জলিং ন্যস্তশস্ত্রং গৃহীত্বা ন বিহিংসয়েৎ ॥৩॥
বলেন বিজিতো যশ্চ ন তং যুধ্যেত ভূমিপঃ।
সংবৎসরং বিপ্রণয়েৎ তস্মাজ্জাতঃ পুনর্ভবেৎ ॥৪॥
নার্ব্বাক্ সংবৎসরাৎ কন্যা প্রষ্টব্যা বিক্রমাহৃতা।
এবমেব ধনং সর্ব্বং যচ্চান্যৎ সহসা হৃতম্ ॥৫॥

ভাবতকৌমুদী

নেতি। ন লিপ্সেত নাভিলষেৎ। অনুমন্যেত সম্বন্ধেৎ ॥১॥

অধর্ম্মেতি। অধ্রুবঃ অচিরস্থায়ী, অস্বর্গ্যঃ অস্বর্গজনকঃ। সাদয়তি অবসন্নীকরোতি ॥২॥

বিশীর্ণেতি। বিশীর্ণকবচম্ অস্ত্রাঘাতেন ক্ষীণবর্ম্মাণম্, তব শরণাগত ইতি শেষঃ ॥৩॥

বলেনেতি। বিপ্রণয়েৎ স্ববশ্যতাং শিক্ষয়েৎ। জাতঃ পুত্রঃ। পুনঃ স্ববশ্য এব ভবেৎ ॥৪॥

নেতি। সংবৎসরাৎ বর্ষপূরণাৎ, অর্ব্বাক্ পূর্ব্বম্, প্রষ্টব্যা ত্বং মাং বরীতুমিচ্ছসি ন বেতি শেষঃ। এবমেব সংবৎসরাদর্ব্বাক্ ন ভোক্তব্যমিত্যর্থঃ। সহসা বলেন। তথা চাসৌ কন্যা যত্নস্যানুরক্তা

ভারতভাবদীপঃ

নাধর্ম্মেণেতি ॥১—৩॥ বিপ্রণয়েদ্দাসোঽস্মীতি বদেতি তং শিক্ষয়েৎ। ততঃ সংবৎসরাদূর্দ্ধং স এবাক্রবন্নপি ততো জাতো জেতুঃ পুত্র এব ভবেৎ ততশ্চ ভোক্তব্য ইত্যর্থঃ ॥৪॥ বিক্রমাহৃতা কন্যা

ভীষ্ম বলিলেন—'রাজা অধর্ম্ম অনুসারে পরের রাজ্য জয় করিবার ইচ্ছা করিবেন না। কারণ, কোন্ রাজা অধর্ম্ম অনুসারে জয় লাভ করিয়া তাহাতে সন্তুষ্ট হইতে পারেন ? ॥১॥

ভরতশ্রেষ্ঠ ! অধর্ম্মলব্ধ জয় চিরস্থায়ী হয় না, স্বর্গও উৎপাদন করে না; বিশেষতঃ উহা রাজা ও রাজ্য উভয়কেই অবসন্ন করিয়া থাকে ॥২॥

যাঁহার কবচ ছিন্নভিন্ন হইয়া গিয়াছে এবং যিনি অস্ত্রত্যাগ করিয়া কৃতাঞ্জলি হইয়া 'আমি আপনার শরণাগত হইলাম' এই কথা বলিতেছেন, বিজেতা তাঁহাকে ধরিয়া প্রহার বা সংহার করিবেন না ॥৩॥

বলপূর্ব্বক যাঁহাকে জয় করা হইয়াছে, রাজা তাঁহার সহিত আর যুদ্ধ করিবেন না এবং এক বৎসরপর্য্যন্ত তাঁহাকে নিজের বশীভূত হইয়া থাকিবার শিক্ষা দিবেন। ক্রমে তাঁহার পুত্র বশীভূত হইয়াই থাকিবে ॥৪॥

---

(২) ··পাতয়ত্যেব—নি।

ন তু বধ্যধনং তিষ্ঠেৎ পিবেয়ুর্ব্রাহ্মণাঃ পয়ঃ।
যুঞ্জীরন্নপ্যনডুহঃ ক্ষন্তব্যং বা তদা ভবেৎ ॥৬॥
রাজ্ঞা রাজ্ঞৈব যোদ্ধব্যস্তথা ধর্ম্মো বিধীয়তে।
নান্যো রাজানমভ্যস্যেদরাজন্যঃ কথঞ্চন ॥৭॥
অনীকয়োঃ সংহতয়োর্যদীয়াদ্‌ব্রাহ্মণোঽন্তরা।
শান্তিমিচ্ছন্নুভয়তো ন যোদ্ধব্যং তদা ভবেৎ ॥৮॥

ভাবতকৌমুদী

তদা তাং কন্যাং তস্মৈ জনায়ৈব দদ্যাৎ। অন্যথা স্বযং ভোক্তব্যা। আহৃতং ধনমপি যদি তৃতীয়নিক্ষিপ্তং স্যাৎ, তদা তস্মৈ সমাগতায় তন্নিবেদকায় চ তদ্দদ্যাদিতি ভাবঃ ॥৫॥

নেতি। বধ্যস্য পাপিনো ধনং বলাদাহৃতমপি ন তিষ্ঠেৎ। অতএব বাজা তং নাহবেদিতি ভাবঃ। রাজা যদি পবস্মাৎ ধেনূবানযেৎ, তদা তস্যাঃ পযো দুগ্ধম্, ব্রাহ্মণা এব পিবেয়ুঃ। অতো ব্রাহ্মণেভ্যস্তা দদ্যাদিত্যাশয়ঃ। বলাদানীতান্ অনডুহো বৃষান্, হলশকটাদৌ যুঞ্জীবন্। যঃস্বতানি সাধাবণপ্রজানামানয়েৎ তদা বাজ্ঞা তাসু ক্ষন্তব্যং বা ভবেৎ। ক্ষমযা তত্তদ্বস্তু তাভ্য এব দদ্যাৎ ॥৬॥

বাজ্ঞেতি। অভ্যস্যেৎ অস্ত্রমভিক্ষিপেৎ, অরাজন্যঃ অক্ষত্রিয়ঃ ॥৭॥

অনীকয়োরিতি। যদি ব্রাহ্মণঃ শান্তিং যুদ্ধনিবৃত্তিমিচ্ছন্ সংহতয়োর্মিলিতয়োঃ, অনীকযোঃ সৈন্যয়োঃ, অন্তবা মধ্যে, ইযাদাগচ্ছেৎ তদা উভয়ত এব ন যোদ্ধব্যং ভবেৎ ॥৮॥

ভাবতভাবদীপঃ

ত্বমস্মান্ বৃণীষে উতান্যং চেতি প্রষ্টব্যান্যার্থিনী ন স্যাপ্যেতি ভাবঃ। সহসা নিকৃত্যা আদৃতং দাসদাস্যাদিকং বৎসবান্তে প্রত্যর্পণীয়ং তদা স্বীয়মেব তস্মৈ দত্তং ভবতি ॥৫॥ বধ্যাশ্চোবাদয়ঃ তদ্ধনং ন তিষ্ঠেদপি তু ব্যয়িতব্যমেব বধ্যোঽপ্যচোবশ্চেত্তদা ক্ষন্তব্যং পূর্ব্ববত্তদ্ধনং প্রতিদেয়মিত্যর্থঃ ॥৬॥

যুধিষ্ঠির। বলপূর্ব্বক আনীত কোন কন্যাকে বাজা এক বৎসবেব মধ্যে তাহাব পতিব বিষয় জিজ্ঞাসা করিবেন না এবং বলপূর্ব্বক অন্য যে সকল ধন আনয়ন করা হইয়াছে, সে বিষয়েও এইরূপই নিয়ম জানিবে ॥৫॥

পাপীর ধন আনিয়া বাখিবার ইচ্ছা কবিলেও তাহা থাকে না। গাভী আনযন কবিলেও তাহার দুগ্ধ ব্রাহ্মণেবাই পান কবিবেন, বৃষ আনযন কবিলে তাহা হলশকটাদিতে যোজন কবিবেন এবং সেই সকল দ্রব্যেব স্বামীবা আসিয়া প্রার্থনা করিলে, রাজা ক্ষমা করিয়া তাহা তাহাদিগকে দিয়া দিবেন ॥৬॥

রাজা রাজার সহিতই যুদ্ধ করিবেন। কেন না, সেইরূপ ধর্ম্মই যুদ্ধশাস্ত্রে বিহিত আছে। কিন্তু ক্ষত্রিয় ভিন্ন অন্য ব্যক্তি কোন প্রকারেই বাজাব প্রতি অস্ত্রক্ষেপ করিবে না ॥৭॥

---

(৬) ন তু বধ্যে ধনং তিষ্ঠেৎ · নি।

মর্য্যাদাং শাশ্বতীং ভিন্দ্যাৎ ব্রাহ্মণং যোঽভিলঙ্ঘয়েৎ।
অথ চেল্লঙ্ঘয়েদেব মর্য্যাদাং ক্ষত্রিয়ব্রুবঃ ॥৯॥
অসংখ্যেয়স্তদূর্দ্ধং স্যাদনাদেয়শ্চ সংসদি।
যস্তু ধর্ম্মবিলোপেন মর্য্যাদাভেদনেন চ ॥১০॥
তাং বৃত্তিং নানুবর্ত্তেত বিজিগীষুর্মহীপতিঃ।
ধর্ম্মলব্ধাদ্ধি বিজয়াল্লাভঃ কোঽভ্যধিকো ভবেৎ ॥১১॥
সহসা নার্য্যভূতানি ক্ষিপ্রমেব প্রসাদয়েৎ।
সান্ত্বেন ভোগদানেন স রাজ্ঞাং পরমো নয়ঃ ॥১২॥

ভারতকৌমুদী

মর্য্যাদামিতি। মর্য্যাদাং ধর্ম্মনিয়মসীমাম্, শাশ্বতীং চিরন্তনীম্, তদা ক্ষত্রিয়ব্রুবো নিকৃষ্টক্ষত্রিয়ো ভবেৎ ॥৯॥

অসমিতি। অসংখ্যেয়ঃ ক্ষত্রিয়মধ্যে অগণনীয়ঃ। অনাদেয়ঃ অগ্রাহ্যঃ, সংসদি ক্ষত্রিয়সমাজে, যস্তু বর্ত্তত ইতি শেষঃ ॥১০॥

তামিতি। বৃত্তিং ব্রাহ্মণলঙ্ঘনরূপং ব্যবহারম্, বিজিগীষুর্বিজেতুমিচ্ছুঃ ॥১১॥

সহসেতি। অনার্য্যভূতানি ম্লেচ্ছাদীন্ প্রাণিনঃ। সান্ত্বেন সান্ত্বনবাক্যেন। নয়ো নীতিঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

অভ্যস্তেদভিমুখং শস্ত্রং ক্ষিপেৎ ॥৭—৮॥ ক্ষত্রিয়ব্রুবঃ ক্ষত্রিয়াধমঃ ॥৯॥ অসংখ্যেয়ঃ ক্ষত্রিয়েষু ন গণনীয়ঃ জাতিবাহ্যঃ কর্ত্তব্য ইত্যর্থঃ ॥১০—১১॥ অনার্য্যভূতানি জয়াদীনি কৃত্বা প্রসাদয়েৎ ॥১২॥

দুইটী সৈন্য যুদ্ধ করিবার জন্য পরস্পর মিলিত হইলে, কোন ব্রাহ্মণ শান্তি কামনা করিয়া যদি তাহাদের মধ্যে উপস্থিত হন, তবে উভয়পক্ষই যুদ্ধ করিবে না ॥৮॥

যে লোক এই ব্রাহ্মণকে অতিক্রম করিবে, সে লোক চিরকালের রীতি নষ্ট করিবে; আর যে ক্ষত্রিয় এই মর্য্যাদা লঙ্ঘন করিবেন, তিনি নিকৃষ্ট ক্ষত্রিয় হইয়া যাইবেন ॥৯॥

যে ক্ষত্রিয় এই ধর্ম্মনাশ ও মর্য্যাদা লঙ্ঘন করিবে, সে ইহার জন্যই তাহার পর হইতে ক্ষত্রিয়মধ্যে গণ্য হইবে না এবং ক্ষত্রিয়সমাজে গ্রাহ্যও হইবে না ॥১০॥

জয়াভিলাষী রাজা উক্তরূপ ব্যবহারের অনুসরণ করিবেন না। কারণ, ধর্ম্মলব্ধ জয় অপেক্ষা কোন্ লাভ অধিক হইতে পারে? ॥১১॥

রাজা সত্বরই মধুর বাক্য ও ভোগ্য বস্তু উপহার দিয়া ম্লেচ্ছপ্রভৃতি অনার্য্যগণকে প্রসন্ন করিবেন। তাহাই রাজাদের উত্তম নীতি ॥১২॥

---

(১২)…সহসা হ্যার্য্যভূতানি নি।

ভুজ্যমানা হ্যযোগেন স্বরাষ্ট্রাদভিতাপিতাঃ।
অমিত্রাস্তমুপাসীরন্ ব্যসনৌঘপ্রতীক্ষিণঃ ॥১৩॥
অমিত্রোপগ্রহং চাস্য তে কুর্য্যুঃ ক্ষিপ্রমাপদি।
সন্তুষ্টাঃ সর্ব্বতো রাজন্! রাজব্যসনকাঙ্ক্ষিণঃ ॥১৪॥
নামিত্রো বিনিকর্ত্তব্যো নাতিচ্ছেদ্যঃ কথঞ্চন।
জীবিতং হ্যপ্যতিচ্ছিন্নঃ সন্ত্যজেচ্চ কদাচন ॥১৫॥
অল্পেনাপি চ সংযুক্তস্তুষ্যত্যেব নরাধিপঃ।
শুদ্ধং জীবিতমেবাপি তাদৃশো বহুমন্যতে ॥১৬॥
যস্য স্ফীতো জনপদঃ সম্পন্নঃ প্রিয়রাজকঃ।
সন্তুষ্টভৃত্যসচিবো দৃঢ়মূলঃ স পার্থিবঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ভুজ্যেতি। অযোগেন অসামাদ্যুপায়েন, স্বরাষ্ট্রাদন্যত্র গতা ইতি শেষঃ। অমিত্রাঃ শত্রুভূতা ম্লেচ্ছাদয়ঃ, তং রাজানম্, উপাসীরন্ অপেক্ষেরন্, ব্যসনৌঘং তস্য রাজ্ঞ এব বিপদ্‌সমূহং প্রতীক্ষন্ত ইতি তে ॥১৩॥

পক্ষান্তরমাহ অমিত্রেতি। অমিত্রোপগ্রহং বিপক্ষাশ্রয়ম্, তে ম্লেচ্ছাদয়ঃ ॥১৪॥

নেতি। অমিত্রঃ শত্রুঃ, ন বিনিকর্ত্তব্যো নাতিশয়েন প্রতারয়িতব্যঃ। নাতিচ্ছেদ্যঃ অতিশয়েন ন প্রহর্ত্তব্যঃ ॥১৫॥

অল্পেনেতি। অল্পেনাপি লাভেন। শুদ্ধং নির্দ্দোষম্, তাদৃশঃ শুদ্ধঃ ॥১৬॥

যস্যেতি। প্রাগ্ ব্যাখ্যাতমিদম্। প্রসঙ্গভেদেনোপদেশার্থকত্বান্ন পুনরুক্তিঃ ॥১৭॥

রাজা সামোপায় প্রয়োগ না করিয়া ম্লেচ্ছপ্রভৃতি অনার্য্যগণকে সন্তপ্ত করিতে থাকিয়া ভোগ করিতে থাকিলে, তাহারা তাঁহার রাজ্য হইতে অন্যত্র যাইয়া শত্রু হইয়া তাঁহার বিপদের প্রতীক্ষা করিতে থাকিয়াই, তাঁহার প্রতীক্ষা করিতে থাকে ॥১৩॥

রাজা! কিংবা তাহারা সর্ব্বপ্রকারে সন্তুষ্টচিত্তে সেই রাজার বিপদ কামনা করিতে থাকিয়া তাঁহার বিপদের সময়ে সত্বরই শত্রুর আশ্রয় গ্রহণ করে ॥১৪॥

যুধিষ্ঠির! শত্রুকে অত্যন্ত বঞ্চনা করিবে না, কিংবা তাহাকে একান্ত ক্ষতবিক্ষত করিবে না। কারণ, অধিক ক্ষত-বিক্ষত করিলে হয়ত শত্রু কখনও জীবন ত্যাগ করিতে পারে ॥১৫॥

যুধিষ্ঠির! রাজা অল্পলাভেও সন্তুষ্টই হইয়া থাকেন এবং তিনি নির্দ্দোষ জীবনটাকেই যথেষ্ট বলিয়া মনে করেন ॥১৬॥

---

(১৩) অমিত্রান্ পর্য্যুপাসীরন্—বর্দ্ধ নি। (১৫) সংত্যজেদেকদা নরঃ—নি। (১৬) তুষ্যতে নাপরাধিতঃ—নি।

ঋত্বিক্‌পুরোহিতাচার্য্যা যে চান্যে শ্রুতসত্তমাঃ।
পূজার্হাঃ পূজিতা যস্য স বৈ লোকবিদুচ্যতে ॥১৮॥
এতেনৈব চ বৃত্তেন মহীং প্রাপ সুরোত্তমঃ।
অনেন চেন্দ্রবিষয়ং বিজিগীষন্তি পার্থিবাঃ ॥১৯॥
ভূমিবর্জ্জং ধনং রাজা জিত্বা রাজন্! মহাহবে।
অপি চান্নৌষধীঃ শশ্বদাজহার প্রতর্দ্দনঃ ॥২০॥
অগ্নিহোত্রাগ্নিশেষঞ্চ হবির্ভোজনমেব চ।
আজহার দিবোদাসস্ততো বিপ্রকৃতোঽভবৎ ॥২১॥

ভারতকৌমুদী

ঋত্বিগিতি। শ্রুতসত্তমা বিদ্বদুত্তমাঃ। লোকবিৎ লোকচরিত্রাভিজ্ঞঃ ॥১৮॥

এতেনেতি। এতেন ঈদৃশেন, বৃত্তেন ব্যবহারেণ, সুরোত্তম ইন্দ্রঃ। অনেন ঈদৃশেন ব্যবহারেণৈব, ইন্দ্রস্য বিষয়ং রাজ্যম্ ॥১৯॥

ভূমীতি। শশ্বৎ পুনঃ, প্রতর্দ্দনো নাম রাজা। অন্যেনাপ্যেবমেব কর্ত্তব্যমিতি ভাবঃ ॥২০॥

অগ্নীতি। ভোজনং সিদ্ধান্নাদি। বিপ্রকৃতঃ তদ্রাজ্যলাভে বঞ্চিতঃ। তেনাগ্নিহোত্রাগ্নি-শেষাদিকং ন হর্ত্তব্যমিত্যাশয়ঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

অযোগেনাসান্ত্বেন ॥১৩॥ অমিত্রোপগ্রহং তদ্দ্বেষিণামানুকূল্যম্ভে বলাদুজ্ঝমানাঃ ॥১৪॥ বিনিকর্ত্তব্যো নিকৃত্যা বঞ্চয়িতব্যঃ ॥১৫—১৯॥ ভূমীতি ধান্যান্যপি শত্রোর্হর্ত্তব্যানীতি কিমু স্বর্ণাদিকমিতি ভাবঃ

যাঁহার রাজ্য বিশাল ও সমৃদ্ধিযুক্ত, যিনি প্রজাবর্গের প্রিয় এবং যাঁহার অমাত্য ও ভৃত্যগণ সন্তুষ্ট থাকে, সেই রাজাই দৃঢ়মূল হইয়া থাকেন ॥১৭॥

ঋত্বিক্, পুরোহিত, আচার্য্য এবং অন্যান্য যে সকল মাননীয় প্রধান বিদ্বান্, ইহাদের যিনি সম্মান করেন, তাঁহাকেই লোকচরিত্রাভিজ্ঞ বলা হয় ॥১৮॥

ইন্দ্র এইরূপ ব্যবহার করিয়াই দেবরাজ্য লাভ করিয়াছিলেন এবং পৃথিবীর রাজারাও এইরূপ ব্যবহার করিয়াই ইন্দ্রের রাজ্য জয় করিবার ইচ্ছা করেন ॥১৯॥

রাজা! পূর্ব্বকালে প্রতর্দ্দন মহাযুদ্ধে জয় লাভ করিয়া বিজিত রাজার ভূমি ব্যতীত সমস্ত ধন, অন্ন এবং ওষধি আপন রাজধানীতে আনয়ন করিয়াছিলেন ॥২০॥

পূর্ব্বকালে রাজা দিবোদাস বিজিত রাজার অগ্নিহোত্রযজ্ঞের অবশিষ্ট অগ্নি, তাহার হবি ও পক্ব অন্নপ্রভৃতি আনয়ন করিয়াছিলেন; সেই জন্যই তিনি পরিণামে রাজ্যভ্রষ্ট হইয়াছিলেন। (অতএব বিজয়ী রাজা বিজিত রাজার ঐ অগ্নিপ্রভৃতি আনয়ন করিবেন না) ॥২১॥

সরাজকানি রাষ্ট্রাণি নাভাগো দক্ষিণাং দদৌ।
অন্যত্র শ্রোত্রিয়স্বাচ্চ তাপসার্থাচ্চ ভারত! ॥২২॥
উচ্চাবচানি বিত্তানি ধর্ম্মজ্ঞানাং যুধিষ্ঠির!।
আসন্ রাজ্ঞাং পুরাণানাং সর্ব্বং তন্মম রোচতে ॥২৩॥
সর্ব্ববিদ্যাতিরেকেণ জয়মিচ্ছেন্মহীপতিঃ।
ন মায়য়া ন দম্ভেন য ইচ্ছেদ্ভূতিমাত্মনঃ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে বিজিগীষমাণবৃত্তে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভাবতকৌমুদী

সেতি। বাজভিঃ তত্তদ্রাষ্ট্রাধিপতিভিঃ সহেতি তানি, নাভাগো নাম রাজা। অন্যত্র ঋতে, শ্রোত্রিযস্বাৎ বেদবিদ্বিপ্রধনাৎ, তাপসার্থাৎ তপস্বিধনাচ্চ ॥২২॥

উচ্চেতি। উচ্চাবচানি নানাবিধানি, বিত্তানি ধনানি। আসন্ জয়েন লাভাৎ ॥২৩॥

সর্ব্বেতি। মায়য়া কূটকৌশলেন, দম্ভেন চ্ছলেন। ভূতিং স্থাযিসম্পদম্ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যাযাং শান্তিপর্ব্বণি বাজধর্ম্মে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

ভাবতভাবদীপঃ

॥২০॥ অগ্নিশেষং যজ্ঞাঙ্গভূতং হবিঃ ভোজনং সিদ্ধান্নম্ এতন্ন হর্ত্তব্যমিত্যর্থঃ। বিপ্রকৃতো বঞ্চিতঃ ॥২১—২২॥ উচ্চেতি রাজ্ঞা সর্ব্বং হর্ত্তব্যমিত্যর্থঃ ॥২৩—২৪॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

———:০:———

ভবতনন্দন! নাভাগবাজাও বেদজ্ঞ ব্রাহ্মণেব ধন ও তপস্বীব ধন ব্যতীত বিজিত বাজ্যগুলি সেই সেই দেশেব রাজাব সহিতই যজ্ঞে দক্ষিণা দিযাছিলেন ॥২২॥

যুধিষ্ঠিব! প্রাচীন ধর্ম্মজ্ঞ বাজগণেব নানাবিধ ধন ছিল; সুতবাং সে সকল থাকা আমাবও অভিপ্রেত ॥২৩॥

বাজা সমস্ত বিদ্যা অতিরিক্ত থাকাব গুণেই জয় লাভ কবিবাব ইচ্ছা কবিবেন; কিন্তু যিনি নিজেব স্থায়ী সম্পদ্ ইচ্ছা কবেন, তিনি মায়া বা ছল করিয়া জয় কবিবাব ইচ্ছা কবিবেন না' ॥২৪॥

———:*:———

* '·ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

---:*:---

যুধিষ্ঠির উবাচ।

ক্ষত্রধর্ম্মাদ্ধি পাপীয়ান্ ন ধর্ম্মোঽস্তি নরাধিপ।।
অপযানেন যুদ্ধেন রাজা হন্তি মহাজনম্ ॥১॥
অথ স্ম কর্ম্মণা কেন লোকান্ জয়তি পার্থিবঃ।
বিদ্বন্! জিজ্ঞাসমানায় প্রব্রূহি ভরতর্ষভ।॥২॥

ভীষ্ম উবাচ।

নিগ্রহেণ চ পাপানাং সাধূনাং সংগ্রহেণ চ।
যজ্ঞৈর্দানৈশ্চ রাজানো ভবন্তি শুচয়োঽমলাঃ ॥৩॥
উপরুন্ধন্তি রাজানো ভূতানি বিজয়ার্থিনঃ।
ত এব বিজয়ং প্রাপ্য বর্দ্ধয়ন্তি পুনঃ প্রজাঃ ॥৪॥

ভারতকৌমুদী

ক্ষত্রেতি। পাপীয়ান্ গুরুতরপাপজনকঃ। হে নরাধিপ! নরশ্রেষ্ঠ! কথং পাপীয়ানিত্যাহ অপেতি। পরেষামপকারার্থত্বাৎ অপকৃষ্টং যানং যত্র তেন। মহাজনং প্রধানং লোকমপি ॥১॥

অথেতি। লোকান্ স্বর্গান্। তাদৃশগুরুতরপাপসত্ত্বে স্বর্গলাভঃ খল্বসম্ভব এবেতি ভাবঃ। জিজ্ঞাসমানায় এতজ্জ্ঞাতুমিচ্ছতে মহ্যম্ ॥২॥

নিগ্রহেণেতি। পাপানাং চৌরাদীনাম্, সংগ্রহেণ অনুগ্রহেণ, শুচয়ঃ পবিত্রাঃ, অমলাঃ নিষ্পাপাশ্চ ॥৩॥

উপেতি। উপরুন্ধন্তি দুর্গাদ্যবরোধেন ক্লিশ্নন্তি। ভূতানি সৈন্যাদীন্ প্রাণিনঃ। তেন চ

যুধিষ্ঠির বলিলেন—'নরশ্রেষ্ঠ পিতামহ! জগতে ক্ষত্রিয়ধর্ম্ম অপেক্ষা গুরুতর পাপজনক ধর্ম্ম আর নাই। কারণ, ক্ষত্রিয়েরা পরের অপকার করিবার জন্য যাইয়া যুদ্ধ করিয়া প্রধান লোকদিগকেও বধ করিয়া থাকেন ॥১॥

অতএব হে বিজ্ঞ ভরতশ্রেষ্ঠ! আমি জিজ্ঞাসা করি, ক্ষত্রিয় কোন্ কর্ম্ম করিয়া এই অবস্থায় স্বর্গ লাভ করিতে পারেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—'রাজারা দুষ্টনিগ্রহ, শিষ্টানুগ্রহ, যজ্ঞ ও দানদ্বারা নিষ্পাপ ও পবিত্র হইয়া থাকেন ॥৩॥

---

(১) ··অপযানে চ যুদ্ধে চ—নি।

অপবিধ্যন্তি পাপানি দানযজ্ঞতপোবলৈঃ।
অনুগ্রহায় ভূতানাং পুণ্যমেষাং বিবর্দ্ধতে ॥৫॥
যথৈব ক্ষেত্রনির্যাতা নির্যাতং ক্ষেত্রমেব চ।
হিনস্তি ধান্যং কক্ষঞ্চ ন চ ধান্যং বিনশ্যতি ॥৬॥
এবং শস্ত্রাণি মুঞ্চন্তো ঘ্নন্তি বধ্যাননেকধা।
তস্যৈষা নিষ্কৃতিঃ কৃৎস্না ভূতানাং ভাবনং পুনঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

পাপং ভবতীত্যাশয়ঃ। বর্দ্ধয়ন্তি ধনধান্যাদিবর্দ্ধনেন উন্নময়ন্তি। ততশ্চ তৎপাপাধিক্যমেব পুণ্যং ভবতীত্যভিপ্রায়ঃ ॥৪॥

অপেতি। অপবিধ্যন্তি অপসারয়ন্তি। ভূতানাং প্রাণিনাম্ ॥৫॥

কিঞ্চৈবং দুষ্টনিগ্রহেণ পুণ্যমেব ভবতীত্যাহ দ্বাভ্যাং যুগ্মকেন যথেতি। ক্ষেত্রনির্যাতা ভূমিপরিষ্কর্ত্তা কৃষকঃ, ক্ষেত্রং নির্যাতং পরিষ্কৃতমেব করোতি; তদা চ ধান্যং কক্ষং তৃণঞ্চ হিনস্তি ছিনত্তি, তথাপি চ তত্র রোপিতং ধান্যং ন চ নৈব বিনশ্যতি। এবং তথা রাজানঃ শস্ত্রাণি মুঞ্চন্তঃ ক্ষিপন্তঃ, সন্তঃ, অনেকধা বধ্যান্ চৌরাদীন্, ঘ্নন্তি। তেন চ তস্য লোকসমাজস্য এষা কৃৎস্না নিষ্কৃতিঃ পরিশোধনং স্যাৎ, পুনশ্চ ভূতানাং মানুষাণাম্, ভাবনং শুদ্ধভাবেনোৎপাদনং ভবতি ॥৬—৭॥

ভারতভাবদীপঃ

ক্ষত্রেতি। মহাজনং কটকাশ্রিতং বৈশ্যাদিজনম্ ॥১॥ কেন তদ্বধপ্রায়শ্চিত্তং কৃত্বা পুণ্যফলমাপ্নোতীত্যর্থঃ ॥২॥ উত্তরমাহ—নিগ্রহেণেতি। উপরুন্ধন্তি পীড়যন্তি ॥৪॥ অপবিধ্যন্তি দূরীকুর্বন্তি ॥৫॥ নির্যাতা তৃণাদ্যপনয়েন, শোধয়িতা। নির্দাতেতি পাঠে দৈপ্ শোধনে ইত্যস্য রূপম্। কক্ষং

বিজয়ার্থী রাজারা দুর্গপ্রভৃতি অবরোধ করিয়া প্রাণিগণকে কষ্ট দিয়া থাকেন বটে, কিন্তু তাঁহারাই আবার জয় লাভ করিয়া প্রজাবর্গের উন্নতিসাধন করেন ॥৪॥

রাজারা প্রাণিগণের প্রতি অনুগ্রহ করিবার জন্যই দান, যজ্ঞ ও তপস্যা করিয়া তাহার বলে পাপ দূর করিয়া থাকেন এবং সেই সকলের বলেই ইহাদের পুণ্য বৃদ্ধি পাইয়া থাকে ॥৫॥

কৃষক ম্রিয়মাণ ধান্য ও তৃণাদি অপসারিত করে, তাহাতে ক্ষেত্র পরিষ্কৃত হয়, তখন যেমন তাহাতে সজীব ধান্য বিনষ্ট হয় না; তেমন রাজারা অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া অনেক প্রকারেই বধ্য চৌরপ্রভৃতিকে বধ করিয়া থাকেন; তাহাতে লোকসমাজের সর্ব্বপ্রকার পরিষ্কৃতি হয় এবং সেই জন্যই সেই লোকসমাজে আবার ভাল লোকের উৎপত্তিই হইয়া থাকে ॥৬—৭॥

---

(৫) অনুগ্রহেণ—নি। (৭) নিষ্কৃতির্দৃষ্টা—নি।

যো ভূতানি ধনাক্রান্ত্যা বধাৎ ক্লেশাচ্চ রক্ষতি।
দস্যুভ্যঃ প্রাণদানাৎ স ধনদঃ সুখদো বিরাট্ ॥৮॥
স সর্ব্বযজ্ঞৈরীজানো রাজাথাভয়দক্ষিণৈঃ।
অনুভূয়েহ ভদ্রাণি প্রাপ্নোতীন্দ্রসলোকতাম্ ॥৯॥
ব্রাহ্মণার্থে সমুৎপন্নে যোঽরিভিঃ সৃত্য যুধ্যতি।
আত্মানং যূপমুৎসৃজ্য স যজ্ঞোঽনন্তদক্ষিণঃ ॥১০॥
অতীতো বিকিরন্ শত্রূন্ প্রতিগৃহ্য শরাংস্তথা।
ন তস্মাত্ত্রিদশাঃ শ্রেয়ো ভুবি পশ্যন্তি কিঞ্চন ॥১১॥

ভাবপ্রকৌমুদী

পুনশ্চোক্তার্থে পুণ্যমেবাহ য ইতি। যো রাজা দস্যুভির্ধনস্য আক্রান্ত্যা আক্রমণেন, বধাৎ ক্লেশাচ্চ ভূতানি গৃহস্থান্ মানুষান্, রক্ষতি, স রাজা দস্যুভ্যো মানুষাণাং প্রাণদানাৎ কিঞ্চ ধনদঃ সুখদশ্চ সন্ পুণ্যেন বিশেষেণ রাজত ইতি বিরাড়েব ভবতি ॥৮॥

এবং রক্ষণেন পরত্র বহুপুণ্যস্যৈব সম্ভাবনেত্যাহ স ইতি। স রাজা, অভয়মেব দক্ষিণা যেষু তৈঃ সর্ব্বযজ্ঞৈঃ প্রজারক্ষারূপৈঃ, ঈজানো দেবান্ সন্তোষয়ন্, ইহ লোকে ভদ্রাণি বহুবিধমঙ্গলানি অনুভূয়, পরত্র ইন্দ্রসলোকতাম্ ইন্দ্রস্বর্গসমানস্বর্গং প্রাপ্নোতি ॥৯॥

ব্রাহ্মণেতি। বিপন্নস্য ব্রাহ্মণস্যার্থে রক্ষারূপে প্রয়োজনে সমুৎপন্নে সতি যঃ সৃত্য গত্বা, আত্মানং দেহরূপং যজ্ঞীয়ং যূপম্ উৎসৃজ্য ত্যাগোদ্যমং কৃত্বা, অরিভিঃ সহ যুধ্যতি সঃ অনন্তদক্ষিণো যজ্ঞ এব ভবতি তাদৃশমহাপুণ্যজননাদিত্যাশয়ঃ ॥১০॥

অতীত ইতি। যঃ শত্রূন্ প্রতিগৃহ্য, শরান্ বিকিরন্ বিক্ষিপন্ সন্, মর্ত্ত্যলোকমতীতো মৃতো ভবতি, ত্রিদশা দেবাঃ, তস্মাৎ ক্ষত্রিয়াৎ, শ্রেয়ঃ শ্রেষ্ঠং কিঞ্চনাপি বস্তু, ভুবি ন পশ্যন্তি ॥১১॥

দস্যুরা গৃহস্থদের ধন আক্রমণ করিয়া তাহাদিগকে বধ করে, কিংবা কষ্টদেয়; সুতরাং যিনি সেই দস্যুগণ হইতে গৃহস্থগণকে রক্ষা করেন, তিনি দস্যুগণ হইতে গৃহস্থগণের প্রাণদান, ধনদান ও সুখদান করায় লোকসমাজে পুণ্যের গুণে বিরাজিতই হইয়া থাকেন ॥৮॥

এবং সেই রাজা অভয়দক্ষিণাযুক্ত, লোকরক্ষারূপ সর্ব্বযজ্ঞ করিতে থাকিয়া, ইহলোকে সর্ব্বপ্রকার মঙ্গল লাভ করিয়া, অন্তিমে ইন্দ্রলোকে গমন করেন ॥৯॥

ব্রাহ্মণরক্ষা আবশ্যক হইলে, যিনি যথাস্থানে উপস্থিত হইয়া, নিজ দেহরূপ যূপ ত্যাগ করিবার উদ্যম করিয়া, শত্রুগণের সহিত যুদ্ধ করেন; তিনি প্রচুর দক্ষিণা-যুক্ত যজ্ঞস্বরূপই হইয়া থাকেন ॥১০॥

যিনি শত্রুদিগকে পাইয়া বাণক্ষেপ করিতে করিতে মৃত্যুমুখে পতিত হন, দেবতারা তাঁহা অপেক্ষা উৎকৃষ্ট লোক জগতেই দেখিতে পান না ॥১১॥

তস্য শস্ত্রাণি যাবন্তি ত্বচং ভিন্দন্তি সংযুগে।
তাবতঃ সোঽশ্নুতে লোকান্ সর্ব্বকামদুহোঽক্ষয়ান্ ॥১২॥
যদস্য রুধিরং গাত্রাদাহবে সংপ্রবর্ত্ততে।
সহ তেনৈব পাপেন সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৩॥
যানি দুঃখানি সহতে ক্ষত্রিয়ো যুধি তাপিতঃ।
তেন তেন তপো ভূয় ইতি ধর্ম্মবিদো বিদুঃ ॥১৪॥
পৃষ্ঠতো ভীরবঃ সংখ্যে বর্ত্তন্তে ধর্ম্মপুরুষাঃ।
শূরাচ্ছরণমিচ্ছন্তঃ পর্জ্জন্যাদিব জীবনম্ ॥১৫॥
যদি শূরস্তথা ক্ষেমং প্রতিরক্ষেদ্যথাঽভয়ে।
প্রতিরূপং জনং কুর্য্যান্ন চ তদ্বর্ত্ততে তথা ॥১৬॥

ভাবতকৌমুদী

তস্যেতি। ত্বচং চর্ম্ম। তাবতো বৎসরান্। সর্ব্বকামান্ দুহন্তি দদতীতি তান্ ॥১২॥

যদিতি। অস্য ক্ষত্রিয়স্য। তেনৈব হিংসাজনিতেনৈব ॥১৩॥

যানীতি। তাপিতঃ বিপক্ষাস্ত্রৈরিতি শেষঃ। ভূয়ঃ প্রচুরং তপো ভবতি ॥১৪॥

পৃষ্ঠত ইতি। ধর্ম্মপুরুষা ধার্ম্মিকা নবাঃ, ভীরবো ভয়শীলাঃ সন্তঃ, পর্জ্জন্যাৎ মেঘাৎ, জীবনং জলমিব শূবাদন্যস্মাৎ বীরাৎ, শবণম্ আত্মবক্ষণম্, ইচ্ছন্তঃ সন্তঃ সংখ্যে যুদ্ধে, পৃষ্ঠতো বীরাণাং পশ্চাদ্‌ভাগে, বর্ত্তন্তে। তদপি তৎকালোচিতং কার্য্যমিত্যাশয়ঃ ॥১৫॥

ভাবতভাবদীপঃ

সিংহ, ব্যাঘ্র, শরভ, মত্তহস্তী, তরক্ষু (বেন্দুয়া বাঘ), গণ্ডার ও ভল্লূক এবং অন্য যে সকল ভীষণদর্শন জন্তু আছে, তাহারাও ঋষির নিকট উপস্থিত হইত ॥৭॥

এবং রক্তপায়ী সেই সকল জন্তু ঋষির নিকটে অনায়াসে নানাবিষয়ের প্রশ্ন করিত; আর শিষ্যের ন্যায়ই সেই ঋষির মনের ভাব বুঝিত ও প্রিয়কার্য্য করিত ॥৮॥

আর সেই সকল জন্তুরা সুখে প্রশ্ন করিয়া যথাস্থানে চলিয়া যাইত; কিন্তু তাহাদের মধ্যে একটী গ্রাম্যপশু (কুকুর) সেই মহর্ষিকে ত্যাগ করিত না ॥৯॥

সেই কুকুরটী মহর্ষির ভক্ত ও অনুরক্ত হইয়া সেই আশ্রমেই সর্ব্বদা থাকিত, উপবাস করিতে করিতে সে ক্রমশঃ কৃশ ও দুর্ব্বল হইয়া গিয়াছিল এবং শাস্ত্রানুসারী শিষ্যের ন্যায় শান্তভাবে থাকিয়া, প্রধানভাবে ফল ও মূল ভোজন করিত ॥১০॥

মহামতি যুধিষ্ঠির! সেই মহর্ষি যখন উপবিষ্ট থাকিতেন, তখন সেই কুকুরটী যাইয়া মানুষের ন্যায় তাঁহার নিকটে অবস্থান করিত, তাহাতে সেই কুকুরটী ঋষির অত্যন্ত স্নেহের পাত্র হইয়াছিল ॥১১॥

লেলিহ্যমানস্তৃষিতঃ পুচ্ছাস্ফোটনতৎপরঃ।
ব্যাদিতাস্যঃ ক্ষুধা ভুগ্নঃ প্রার্থয়ানস্তদামিষম্ ॥১৩॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা তং ক্রূরমায়ান্তং জীবিতার্থী নরাধিপ!।
প্রোবাচ শ্বা মুনিং তত্র তচ্ছৃণুষ্ব বিশাংপতে! ॥১৪॥
শ্বশত্রুর্ভগবন্নেষ দ্বীপী মাং হন্তুমিচ্ছতি।
ত্বৎপ্রসাদাদ্ভয়ং ন স্যাদস্মান্ মম মহামুনে!।
তথা কুরু মহাবাহো! সর্ব্বজ্ঞস্ত্বং ন সংশয়ঃ ॥১৫॥
স মুনিস্তস্য বিজ্ঞায় ভাবজ্ঞো ভয়কারণম্।
রুতজ্ঞঃ সর্ব্বসত্ত্বানাং তমৈশ্বর্য্যসমন্বিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

ভূমৌ তাড়নে তৎপরঃ। ব্যাদিতাস্যো বিবৃতমুখঃ, ভুগ্নো বক্রঃ, তদামিষং তৎকুক্কুর-মাংসম্ ॥১২—১৩॥

দৃষ্ট্বেতি। ক্রূরং হিংস্রম্। শ্বা কুক্কুরঃ ॥১৪॥

শ্বেতি। শ্বশত্রুঃ কুক্কুররিপুঃ। ভয়ং যথা ন স্যাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

স ইতি। সর্ব্বসত্ত্বানাং সকলপ্রাণিনাম্, তমুবাচেতি শেষঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সত্ত্বাঃ প্রাণিনঃ ॥৬—৭॥ সুখপ্রশ্নদাঃ সুখিনঃ স্থ ইতি প্রশ্নস্যোত্তরং সুখিনঃ স্ম ইতি তৎপ্রদা ইত্যর্থঃ। ভৃগ্‌ভূতা দাসভূতাঃ ॥৮—১০॥ ভাবং চিত্তম্ ॥১১॥ দ্বীপী ক্ষুদ্রব্যাঘ্রঃ ॥১২—১৬॥

তাহার পর একদা মহাবল, রক্তভোজী ও হিংস্রস্বভাব একটা কেন্দুয়া বাঘ সেই কুকুরটীকে ভক্ষণ করিবার জন্য অত্যন্ত সন্তুষ্টচিত্তে কালান্তক যমের ন্যায় সেই আশ্রমে উপস্থিত হইল এবং সেই ব্যাঘ্র ক্ষুধার্ত্ত হইয়া সেই কুকুরটীর মাংস ভোজন করিবার ইচ্ছা করিয়া, মুখ ব্যাদানপূর্ব্বক বক্রভাবে থাকিয়া ভূতলে লাঙ্গূলতাড়ন-করতঃ পিপাসায় জিহ্বা বাহির করিতে থাকিল ॥১২—১৩॥

নরনাথ রাজা! কুকুরটী হিংস্রস্বভাব সেই ব্যাঘ্র আসিয়াছে দেখিয়া, আপন প্রাণ রক্ষা করিবার ইচ্ছা করিয়া, মুনিকে যাহা বলিয়াছিল, তাহা শ্রবণ কর—॥১৪॥

"ভগবন্ মহর্ষি! কুকুরের শত্রু এই কেন্দুয়া বাঘ আমাকে বধ করিবার ইচ্ছা করিতেছে, অতএব মহাবাহু! আপনার অনুগ্রহে যাহাতে আমার কোন ভয় না হয়, আপনি তাহা করুন। কেন না, আপনি সর্ব্বজ্ঞ; এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥১৫॥

তখন সমস্ত প্রাণীর রবজ্ঞ ও ঐশ্বর্য্যশালী সেই মুনি কুকুরটীর অভিপ্রায় বুঝিয়া এবং তাহার ভয়ের কারণ জানিয়া, তাহাকে বলিলেন ॥১৬॥

মুনিরুবাচ।

ন ভয়ং দ্বীপিনঃ কার্য্যং মৃত্যুতস্তে কথঞ্চন।
এষ শ্বরূপরহিতো দ্বীপী ভবসি পুত্রক।॥১৭॥
ততঃ শ্বা দ্বীপিতাং নীতো জাম্বুনদনিভাকৃতিঃ।
চিত্রাঙ্গো বিস্ফুরদ্দংষ্ট্রো বনে বসতি নির্ভয়ঃ॥১৮॥
তং দৃষ্ট্বা সম্মুখে দ্বীপী আত্মনঃ সদৃশং পশুম্।
অবিরুদ্ধস্ততস্তস্য ক্ষণেন সমপদ্যত॥১৯॥
ততোঽভ্যায়াম্মহারৌদ্রো ব্যাদিতাস্যঃ ক্ষুধান্বিতঃ।
দ্বীপিনং লেলিহদ্বক্ত্রো ব্যাঘ্রো রুধিরলালসঃ॥২০॥
ব্যাঘ্রং দৃষ্ট্বা ক্ষুধা ভুগ্নং দংষ্ট্রিণং বনচারিণম্।
দ্বীপী জীবিতরক্ষার্থমৃষিং শরণমেযিবান্॥২১॥

ভাবতকৌমুদী

নেতি। শ্বরূপবহিতো কুক্কুবরূপহীনঃ॥১৭॥

তত ইতি। শ্বা কুক্কুবঃ, নীতঃ প্রাপিতঃ, জাম্বুনদনিভাকৃতিঃ স্বর্ণবর্ণঃ। বিস্ফুবদ্দংষ্ট্রঃ-প্রকাশমানদশনঃ॥১৮॥

তমিতি। দ্বীপী আগতঃ প্রকৃতো ব্যাঘ্রঃ। সমপদ্যত সমজায়ত॥১৯॥

তত ইতি। ব্যাদিতাস্যো বিবৃতমুখঃ। লেলিহদ্বক্ত্রো বিবৃতবসনবদনঃ॥২০॥

ব্যাঘ্রমিতি। ভুগ্নং বক্রদেহম্, দংষ্ট্রিণং বৃহদ্দন্তশালিনম্। এযিবান্ প্রাপ্তবান্॥২১॥

মুনি বলিলেন—"বৎস! তুমি কোন প্রকাবেই কেন্দুযা বাঘেব হাতে মৃত্যুব ভয় কবিও না। কেন না, এই তুমি কুক্কুবরূপ পবিত্যাগ কবিযা কেন্দুযা বাঘ হইয়া গেলে॥১৭॥

তাহাব পব সেই কুকুব কেন্দুযা বাঘ হইয়া স্বর্ণবর্ণ, বিচিত্রগাত্র ও ভীষণদন্ত লাভ কবিয়া নির্ভযে সেই বনে বাস কবিতে লাগিল॥১৮॥

তৎপবে সেই আগন্তুক কেন্দুযা বাঘ সম্মুখে সেই কুকুবটাকে নিজেব তুল্য দেখিয়া, ক্ষণকালমধ্যেই তাহাব বিবোধিভাব ত্যাগ কবিল॥১৯॥

তাহাব পব ক্ষুধার্ত্ত ও রক্তপিপাসু একটা ভীষণ ব্যাঘ্র মুখ ব্যাদান কবিযা সেই কেন্দুয়া বাঘটাব দিকে আগমন কবিল। তৎকালে তাহাব জিহ্বা লক্‌লক্ কবিতেছিল॥২০॥

ক্ষুধার্ত্ত, বক্রদেহ ও ভীষণদন্তশালী সেই বন্য ব্যাঘ্রটাকে দেখিযা কেন্দুযা বাঘটী জীবন বক্ষা কবিবাব জন্য ঋষিব শবণাপন্ন হইল॥২১॥

ততঃ সংবাসজং স্নেহমৃষিণা কুর্ব্বতা তদা।
স দ্বীপী ব্যাঘ্রতাং নীতো রিপুভ্যো বলবত্তরঃ।
ততো দৃষ্ট্বা স শার্দ্দূলো নাহনত্তং বিশাংপতে! ॥২২॥
স তু শ্বা ব্যাঘ্রতাং প্রাপ্য বলবান্ পিশিতাশনঃ।
ন মূলফলভোগেষু স্পৃহামপ্যকরোত্তদা ॥২৩॥
যথা মৃগপতির্নিত্যং প্রকাঙ্ক্ষতি বনৌকসঃ।
তথৈব স মহারাজ! ব্যাঘ্রঃ সমভবত্তদা ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে শ্বর্ষিসংবাদে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভাবতকৌমুদী

তত ইতি। সংবাসজম্ একত্রবাসজাতম্। রিপুভ্যো দ্বীপিপ্রভৃতিভ্যঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২২॥
স ইতি। পিশিতাশনো মাংসভোজী। অতএবাহ নেতি ॥২৩॥
যথেতি। মৃগপতিঃ সিংহঃ, প্রকাঙ্ক্ষতি ভোক্তুম্, বনৌকসো বন্যজন্তূন্ ॥২৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

ভারতভাবদীপঃ

দ্বীপিনো দ্বীপিরূপাদ্ম্ভূতঃ, স্বরূপরহিতঃ স্বরূপহীনঃ ॥১৭—২০॥ ক্ষুধা ভুগ্নং পীড়িতম্ ॥২১—২৪॥
ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৩॥

—::—

তদনন্তর তখনই ঋষি একত্র বাস নিবন্ধন স্নেহ প্রকাশ করিয়া সেই কেন্দুয়া বাঘটীকে তাহার শত্রুমধ্যে প্রবল বাঘ করিয়া ফেলিলেন। রাজা! তদনন্তর সেই ব্যাঘ্র কেন্দুয়া বাঘকে প্রকৃত বাঘ দেখিয়া, তাহাকে আর বধ করিবার ইচ্ছা করিল না ॥২২॥

তখন সেই কুকুর মাংসভোজী বলবান্ ব্যাঘ্র হইয়া আর পূর্ব্বের ন্যায় ফলমূল ভোজনে স্পৃহাও করিতে লাগিল না ॥২৩॥

মহারাজ! সিংহ যেমন সর্বদাই বন্যজন্তুর মাংস ভোজন করিবার ইচ্ছা করে, সেইরূপই সেই ব্যাঘ্র বন্যজন্তুর মাংস ভোজন করিবারই ইচ্ছা করিতে লাগিল” ॥২৪॥

(২২) ··নাভ্যঘ্নত্তং বিশাংপতে!—নি। * ‘ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।’ বঙ্গ বর্দ্ধ বা নি।

চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

ভীষ্ম উবাচ।

ব্যাঘ্রশ্চোটজমূলস্থস্তৃপ্তঃ সুপ্তো হতৈর্ম্মৃগৈঃ।
নাগশ্চাগাত্তমুদ্দেশং মত্তো মেঘ ইবোত্থিতঃ ॥১॥
প্রভিন্নকরটঃ প্রাংশুঃ পদ্মী বিততকুম্ভকঃ।
সুবিষাণো মহাকায়ো মেঘগম্ভীরনিঃস্বনঃ ॥২॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা কুঞ্জরং মত্তমায়ান্তং বলগর্ব্বিতম্।
ব্যাঘ্রো হস্তিভয়াত্তত্র তমৃষিং শরণং যযৌ ॥৩॥
ততোঽনয়ৎ কুঞ্জরত্বং ব্যাঘ্রং তমৃষিসত্তমঃ।
মহামেঘোপমং দৃষ্ট্বা স ভীতো হ্যভবদ্‌গজঃ ॥৪॥
ততঃ কমলষণ্ডানি শল্লকীগহনানি চ।
ব্যচরৎ স মুদাযুক্তঃ পদ্মরেণুবিভূষিতঃ ॥৫॥

ভাবতকৌমুদী

ব্যাঘ্র ইতি। উটজমূলস্থো মুনেঃ পর্ণশালাসমীপস্থিতঃ, হতৈর্ম্মৃগৈস্তন্মাংসৈস্তৃপ্তঃ। নাগঃ কশ্চিদ্গজঃ। প্রভিন্নকরটো মদস্রাবিগণ্ডঃ, প্রাংশুরত্যুচ্চঃ, পদ্মী কুম্ভদেশে পদ্মাকারচিহ্নবান্, বিতত কুম্ভকো বিশালকুম্ভঃ। সুবিষাণো বৃহদ্দশনঃ ॥১—২॥

তমিতি। কুঞ্জরং গজম্ ॥৩॥

তত ইতি। অনয়ৎ প্রাপয়ৎ। মহামেঘোপমং গজম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—"ক্রমে সেই ব্যাঘ্র নিহত মৃগের মাংসে পরিতৃপ্ত হইয়া ঋষির পর্ণশালার নিকটে সুখে নিদ্রা যাইতে লাগিল। একদা একটা মত্তহস্তী আকাশোত্থিত মেঘের ন্যায় সেই স্থানে উপস্থিত হইল। তাহার দেহটা উচ্চ ও বিশাল ছিল, গণ্ডযুগল হইতে মদজল নির্গত হইতেছিল এবং বিশাল কুম্ভের উপরে পদ্মচিহ্ন ছিল, আর দন্তযুগল অতিবৃহৎ ও কণ্ঠস্বর মেঘের ন্যায় গম্ভীর ছিল ॥১—২॥

মত্ত ও বলগর্ব্বিত সেই হস্তীকে আসিতে দেখিয়া সেই ব্যাঘ্র তাহার ভয়ে ঋষির শরণাপন্ন হইল ॥৩॥

তদনন্তর সেই ঋষিশ্রেষ্ঠ সেই ব্যাঘ্রকে হস্তী করিলেন। তখন আগত সেই হস্তী ব্যাঘ্রকে মহামেঘতুল্য হস্তী হইতে দেখিয়া ভীত হইয়া চলিয়া গেল ॥৪॥

কদাচিদ্‌ভ্রমমাণস্য হস্তিনঃ সম্মুখং তদা।
ঋষেরস্যোটজস্থস্য কালোঽগচ্ছদ্দিবানিশম্ ॥৬॥
অথাজগাম তং দেশং কেশরী কেশরারুণঃ।
গিরিকন্দরজো ভীমঃ সিংহো নাগকুলান্তকঃ ॥৭॥
তং দৃষ্ট্বা সিংহমায়ান্তং নাগঃ সিংহভয়ার্দ্দিতঃ।
ঋষিং শরণমাপেদে বেপমানো ভয়াতুরঃ ॥৮॥
স ততঃ সিংহতাং নীতো গজেন্দ্রো মুনিনা তদা।
তঞ্চ নাগণয়ং সিংহং তুল্যজাতিসমন্বয়াৎ ॥৯॥
দৃষ্ট্বা চ সোঽভবৎ সিংহো বন্যোঽহিংসনবাগ্‌বলঃ।
স চাশ্রমেঽবসৎ সিংহস্তস্মিন্নেব সুখী বনে ॥১০॥

ভাবতকৌমুদী

তত ইতি। কমলষণ্ডানি পদ্মবনানি। শল্লকীগহনানি শল্লকীলতাবনানি ॥৫॥

কদাচিদিতি। কদাচিৎ অস্য ঋষেঃ সম্মুখং দিবানিশং ভ্রমমাণস্যেতি সম্বন্ধঃ ॥৬॥

অথেতি। কেশরী কেশরান্বিতঃ। অতএব তৈঃ কেশরৈররুণঃ। গিরিকন্দরজঃ পর্ব্বতগুহাজাতঃ ॥৭॥

তমিতি। নাগো গজঃ। আপেদে প্রাপ, বেপমানঃ কম্পমানঃ ॥৮॥

স ইতি। নাগণয়ং ভয়কারণত্বেনেতি শেষঃ। তুল্যজাতেঃ সমন্বয়াৎ লাভাৎ ॥৯॥

দৃষ্ট্বেতি। স আগতঃ, অবাক্ অলীভূতং বলং যস্য সঃ অবাগ্‌বলঃ। অতএব অহিংসন্নভবৎ। সিংহো নবং সিংহীকৃতঃ ॥১০॥

তাহার পর হইতে সেই হস্তী পদ্মরেণুবিভূষিত ও আনন্দিত হইয়া পদ্মবনে ও শল্লকীলতাবনে বিচরণ করিত ॥৫॥

আবার কোন সময়ে সেই হস্তী পর্ণশালাবাসী সেই ঋষির সম্মুখে দিবারাত্র ভ্রমণ করিত। এই অবস্থায় তাহার বহুকাল অতীত হইল ॥৬॥

তাহার পর একদা পর্ব্বতগুহাজাত, ভয়ঙ্করমূর্ত্তি, হস্তিসমূহনাশী ও অরুণবর্ণকেশরধারী একটা সিংহ সেই স্থানে আগমন করিল ॥৭॥

সেই সিংহটাকে আসিতে দেখিয়া সেই হস্তী ভয়ার্ত্ত হইয়া কাঁপিতে কাঁপিতে যাইয়া ঋষির শরণাপন্ন হইল ॥৮॥

তখন ঋষি সেই হস্তীকে সিংহ করিয়া ফেলিলেন। তাহাতে একজাতি লাভ করায় আর সে, বন্য সিংহকে গ্রাহ্য করিল না ॥৯॥

(১০) ..বন্যো ভয়সমন্বিতঃ—পি বঙ্গ বর্দ্ধ। .. তস্মিন্নেব মহাবনে—পি বঙ্গ বর্দ্ধ।

ন চান্যে ক্ষুদ্রপশবস্তপোবনসমীপতঃ।
ব্যদৃশ্যন্ত তদা ত্রস্তা জীবিতাকাঙ্ক্ষিণস্তথা ॥১১॥
কদাচিৎ কালযোগেন সর্ব্বপ্রাণিবিহিংসকঃ।
বলবান্ ক্ষতজাহারো নানাসত্ত্বভয়ঙ্করঃ ॥১২॥
অষ্টপাদূর্দ্ধনয়নঃ শরভো বনগোচরঃ।
তং সিংহং হন্তুমাগচ্ছন্মুনেস্তস্য নিবেশনে ॥১৩॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা শরভং যান্তং সিংহঃ পরভয়ান্বিতঃ।
ঋষিং শরণমাপেদে বেপমানঃ কৃতাঞ্জলিঃ।
তং মুনিঃ শরভং চক্রে বলোৎকটমন্দিরম্ ! ॥১৪॥
ততঃ স শরভো বন্যো মুনেঃ শরভমগ্রতঃ।
দৃষ্ট্বা বলিনমত্যুগ্রং দ্রুতং সংপ্রাদ্রবদ্বনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

নেতি। অন্যে হরিণাদয়ঃ। ব্যদৃশ্যন্ত কৈশ্চিদপি ॥১১॥

কদাচিদিতি। ক্ষতজাহারো রক্তভোজী, নানাসত্ত্বানামনেকেষামেব প্রাণিনাং ভয়ঙ্করঃ। অষ্টৌ পাদা যস্য সঃ, বনগোচরো বনচারী। নিবেশনে আশ্রমে ॥১২—১৩॥

তমিতি। পরমত্যন্তং ভয়ং তেনান্বিতঃ। আপেদে প্রাপ। বলেন উৎকটমুদ্ধতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৪॥

ওদিকে অপেক্ষাকৃত দুর্ব্বল সেই আগন্তুক সিংহ আশ্রমস্থ সিংহকে হিংসা করিবার ইচ্ছা না করিয়াই চলিয়া গেল; আর আশ্রমের সেই সিংহ সেই বনে সেই আশ্রমেই বাস করিতে লাগিল ॥১০॥

তৎকালে সেই সিংহের ভয়ে জীবনার্থী অন্যান্য ক্ষুদ্র পশুগণকে সেই আশ্রমের নিকটে আর দেখা যাইতে লাগিল না ॥১১॥

কালক্রমে কোন সময়ে বহুপ্রাণীর ভয়জনক, সমস্ত প্রাণীরই হিংসাকারী ও রক্তপায়ী একটা বলবান্ বন্য শরভ সেই সিংহকে বধ করিবার জন্য সেই মুনির আশ্রমে আগমন করিল। তাহার আট খানা চরণ এবং উপরের দিকে চক্ষু ছিল ॥১২—১৩॥

সেই শরভকে আশ্রমের নিকট দিয়া যাইতে দেখিয়া, সিংহ অত্যন্ত ভীত হইয়া কাঁপিতে থাকিয়া, কৃতাঞ্জলিপুটে ঋষির শরণাপন্ন হইল। শত্রুদমনকারী রাজা! তখন ঋষি সেই সিংহকে বলমত্ত শরভ করিলেন ॥১৪॥

(১৩) অস্য পূর্ব্বার্দ্ধযুগলং নাস্তি পি বঙ্গ বর্দ্ধ।

স এবং শরভস্থানে ন্যস্তো বৈ মুনিনা তদা।
মুনেঃ পার্শ্বগতো নিত্যং শরভঃ সুখমাপ্তবান্ ॥১৬॥
ততঃ শরভসন্ত্রস্তাঃ সর্ব্বে মৃগগণা বনাৎ।
দিশঃ সংপ্রাদ্রবন্ রাজন্! ভয়াজ্জীবিতকাঙ্ক্ষিণঃ ॥১৭॥
শরভোঽপ্যতিসংহৃষ্টো নিত্যং প্রাণিবধে রতঃ।
ফলমূলাশনং কর্ত্তুং নৈচ্ছৎ স পিশিতাশনঃ ॥১৮॥
ততঃ ক্ষুদ্রসমাচারো বলেন চ সমন্বিতঃ।
ইয়েষ তং মুনিং হন্তুমকৃতজ্ঞঃ শ্বযোনিজঃ ॥১৯॥
চিন্তয়ামাস চ তদা শরভঃ শ্বানপূর্ব্বকঃ।
অস্য প্রভাবাৎ সংপ্রাপ্তো বাঙ্মাত্রেণৈব কেবলম্।
শরভত্বং সুদুষ্প্রাপং সর্ব্বভূতভয়ঙ্করম্ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। অগ্রতো মুনেরেব। বনম্ অন্যদ্গহনম্ ॥১৫॥
স ইতি। শরভস্থানে ন্যস্তঃ শরভীকৃতঃ ॥১৬॥
তত ইতি। মৃগাণাং পশূনাং গণাঃ। "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥১৭॥
শরভ ইতি। ফলমূলানামশনং ভক্ষণম্। পিশিতাশনো মাংসভোজী ॥১৮॥
তত ইতি। ক্ষুদ্রসমাচারো নিকৃষ্টব্যবহারঃ। শ্বযোনিজো বস্তুতঃ কুক্কুরযোনিজাতঃ ॥১৯॥
চিন্তেতি। শ্বানং কুক্কুরসম্বন্ধিরূপং পূর্ব্বং যস্য সঃ। অস্য ঋষেঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২০॥

তদনন্তর সেই বন্য শরভ বলবান্ ও অতিভীষণ মুনির শরভকে তাহার সম্মুখে দেখিয়া, সত্বর সেস্থান হইতে অন্য বনে চলিয়া গেল ॥১৫॥

এইভাবে মুনি সেই সিংহকে শরভ করিলে, সেই শরভ সর্ব্বদা মুনির নিকটে থাকিয়া সুখ অনুভব করিতে লাগিল ॥১৬॥

রাজা! তাহার পর সমস্ত পশুগণ শরভের ভয়ে ভীত হইয়া প্রাণ রক্ষা করিবার ইচ্ছায় নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥১৭॥

এদিকে সেই মাংসভোজী শরভও সর্ব্বদা প্রাণিহিংসায় ব্যাপৃত থাকিয়া অত্যন্ত আনন্দিত হইয়া, আর ফলমূল ভোজন করিতে ইচ্ছা করিত না ॥১৮॥

তদনন্তর কুক্কুরযোনিজাত, নিকৃষ্ট ব্যবহারী, অকৃতজ্ঞ ও বলবান্ সেই শরভ সেই মুনিকেই বধ করিবার ইচ্ছা করিল ॥১৯॥

সর্বপ্রথমে যাহার কুক্কুররূপ ছিল, এখন সে শরভ হইয়া গিয়াছে; সুতরাং সে

---

(১৯) ··অকৃতজ্ঞঃ কৃতাশ্রয়ঃ—নি। (২০) ইতঃপ্রভৃতি পঞ্চ শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

অন্যেঽপ্যত্র ভয়ত্রস্তাঃ সন্তি সত্ত্বা ভয়ার্দ্দিতাঃ।
মুনিমাশ্রিত্য জীবন্তো মৃগাঃ পক্ষিগণাস্তথা ॥২১॥
তেষামপি কদাচিচ্চ শরভত্বং প্রযচ্ছতি।
সর্ব্বসত্ত্বোত্তমং লোকে বলং যত্র প্রতিষ্ঠিতম্।
পক্ষিণামপ্যয়ং দদ্যাৎ কদাচিদ্‌গারুড়ং বলম্ ॥২২॥
যাবদন্যস্য সংপ্রীতঃ কারুণ্যস্তু সমাশ্রিতঃ।
ন দদাতি বলং তুষ্টঃ সত্ত্বস্যান্যস্য কস্যচিৎ ॥২৩॥
তাবদেনমহং বিপ্রং বধিষ্যামি চ শীঘ্রতঃ।
স্থাতুং ময়া শক্যমিহ মুনিঘাতান্ন সংশযঃ ॥২৪॥ (যুগ্মকম্)
ততস্তেন তপঃশক্ত্যা বিদিতো জ্ঞানচক্ষুষা।
বিজ্ঞায় চ মুনিঃ প্রাজ্ঞস্ততঃ শাপং প্রযুক্তবান্ ॥২৫॥

ভাবতকৌমুদী

অন্য ইতি। সত্ত্বাঃ প্রাণিনঃ। মৃগাঃ পশবঃ ॥২১॥

তেষামিতি। প্রয়চ্ছতি এষ ঋষির্দ্দদাতি। সর্ব্বসত্ত্বোত্তমং সর্ব্বপ্রাণিবলাধিকম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২২॥

যাবদিতি। কারুণ্যং দয়াম্। সত্ত্বস্য জন্তোঃ। বধফলমাহ স্থাতুমিতি ॥২৩—২৪॥

তত ইতি। তেন মুনিনা, বিদিতস্তাদৃশাভিপ্রায়ক শরভঃ ॥২৫॥

চিন্তা করিতে লাগিল—"এই মুনির প্রভাবে কেবল বাক্যদ্বারাই আমি সমস্ত প্রাণীর ভয়জনক অতিদুর্ল্লভ শরভত্ব প্রাপ্ত হইয়াছি ॥২০॥

এই আশ্রমে অন্য প্রাণীরাও ভয়ার্ত্ত অবস্থায় রহিয়াছে এবং বহু পশুপক্ষীও এই মুনিকে আশ্রয় করিয়া জীবন ধারণ করিয়া আছে ॥২১॥

হয় ত ইনি কখনও সেই সকল পশুপক্ষীকেও শরভত্ব দিয়া ফেলিবেন, যাহাদের উপরে সমস্ত প্রাণী অপেক্ষা শ্রেষ্ঠ বল থাকিবে। এমন কি, সকল পক্ষীকেই গরুড় করিয়া ফেলিতে পারেন ॥২২॥

যে পর্য্যন্ত ইনি সন্তুষ্ট হইয়া, দয়া করিয়া, অন্য প্রাণীর বল দান না করেন, তাহার মধ্যেই আমি সত্বর ইহাকে বধ করিব। তাহা হইলেই আমি এইখানে থাকিতে পারিব, ইহাতে কোন সন্দেহ নাই" ॥২৩—২৪॥

তাহার পর জ্ঞাননয়ন সেই ঋষি তপস্যার প্রভাবে শরভের সেই অভিপ্রায় জানিতে পারিলেন। তাহা জানিতে পারিয়া, শরভকে অভিসম্পাত করিলেন—॥২৫॥

অহমগ্নিপ্রভো নাম মুনির্ভৃগুকুলান্বয়ঃ।
মনসা নির্দহেয়ঞ্চ জগৎসন্ধারয়ামি চ ॥২৬॥
মম বশ্যং জগৎ সর্ব্বং দেবা যচ্চ চরাচরম্।
সন্তি দেবাশ্চ যে ভীতাঃ স্বধর্ম্মং ন ত্যজন্তি যে।
স্বধর্ম্মাচ্চলিতান্ সর্ব্বান্ বাঙ্মাত্রেণাপি নির্দহে ॥২৭॥
কিমঙ্গ! ত্বং ময়া নীতঃ শরভত্বমনাময়ম্।
ক্রূরঃ স সর্ব্বভূতেষু হীনশ্চাশুচিরেব চ ॥২৮॥
শ্বা ত্বং দ্বীপিত্বমাপন্নো দ্বীপী ব্যাঘ্রত্বমাগতঃ।
ব্যাঘ্রান্নাগো মদপটুর্নাগঃ সিংহত্বমাগতঃ ॥২৯॥
সিংহস্ত্বং বলমাপন্নো ভূয়ঃ শরভতাং গতঃ।
ময়া স্নেহপরীতেন বিস্পৃষ্টো ন কুলান্বয়ঃ ॥৩০॥

ভারতকৌমুদী

অহমিতি। ভৃগুকুলে অন্বয়ো জন্মসম্বন্ধো যস্য সঃ। মনসা মনস ইচ্ছামাত্রেণ ॥২৬॥
মমেতি। চলিতান্ বিচ্যুতান্। নির্দহে নির্দগ্ধুং শক্নোমি। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥
কিমিতি। অঙ্গেতি সম্বোধনে। অনাময়ং বলাতিরেকান্নিরুপদ্রবম্ ॥২৮॥
শ্বেতি। শ্বা কুক্কুরঃ, দ্বীপিত্বং ক্ষুদ্রব্যাঘ্রত্বম্। নাগো গজঃ ॥২৯॥

ভাবভাবদীপঃ

ব্যাঘ্রশ্চে । মৃগেন্দ্রঃ ॥১—৪॥ কমলষণ্ডানি কমলসমূহান্ ॥৫॥ নিশানিশং বহুবারম্ ৬—৮॥ সমন্বয়াৎ সম্বন্ধাৎ ॥৯—১৮॥ অকৃতজ্ঞত্বে হেতুঃ—স্বযোনিজ ইতি ॥১৯—২৮॥ মদপটুঃ

"আমি ভৃগুবংশে জন্মগ্রহণ করিয়াছি; আমার নাম 'অগ্নিপ্রভ'; আমি ইচ্ছা করিলে জগৎ রক্ষাও করিতে পারি, আবার সংহারও করিতে পারি ॥২৬॥

আমার তপস্যার প্রভাবে সমগ্র জগতই আমার বশীভূত রহিয়াছে এবং যে সকল দেবতা ভীত এবং যাঁহারা স্বধর্ম্ম ত্যাগ করেন না; সেই সকল দেবতা ও মনুষ্যেরা আমার বশীভূত, আর যাহারা স্বধর্ম্মভ্রষ্ট, তাহাদিগকে আমি কেবল বাক্যদ্বারাই দগ্ধ করিতে পারি ॥২৭॥

দুষ্ট! আমি তোমাকে কেন নিরুপদ্রব শরভ করিলাম; যে হেতু তুমি সমস্ত প্রাণীর মধ্যে ক্রূর, নিকৃষ্ট ও অপবিত্র ॥২৮॥

তুমি প্রথমে কুকুর ছিলে, তাহার পরে কেন্দুয়া বাঘ, তৎপরে বড় বাঘ, তদনন্তর মদমত্ত হস্তী, তাহার পরে সিংহ হইয়াছিলে ॥২৯॥

(২৬) ইতঃপ্রভৃতি ত্রয়ঃ শ্লোকাঃ পি বর্দ্ধ বঙ্গ ন সন্তি।

যস্মাদেবমপাপং মাং পাপ! হিংসিতুমিচ্ছসি।
তস্মাৎ স্বযোনিমাপন্নঃ পুনঃ শ্বৈব ভবিষ্যসি ॥৩১॥
ততো মুনিজনদ্বেষ্টা দুষ্টাত্মা প্রাকৃতোঽবুধঃ।
ঋষিণা শরভঃ শপ্তস্তদ্রূপং পুনরাপ্তবান্ ॥৩২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে শ্বর্ষিসংবাদে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

সিংহ ইতি। স্নেহেন পরীতো ব্যাপ্তহৃদয়স্তেন, বিসৃষ্টো দত্তঃ, কুলান্বয়ঃ বাস্তবিকশরভকুল সম্বন্ধঃ ॥৩০॥

যস্মাদিতি। স্বযোনিমাত্মজন্মাবস্থাম্। শ্বা কুক্কুরঃ ॥৩১॥

তত ইতি। প্রাকৃতো নীচঃ, অবুধো মূর্খঃ। তদ্রূপং কুক্কুরবরূপম্ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

প্রবহন্মদঃ ॥২৯॥ বিসৃষ্টো বিবিধেন রূপেণ ত্বং সৃষ্টঃ, ন তু কুলান্বয়ঃ তেন তেন কুলেন অন্বয়ঃ সম্বন্ধো যস্য স কুলান্বয়স্তাদৃশস্ত্বং ন ভবসি ॥৩০—৩২॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৪॥

——০০:——

তাহার পরে আবার বলবান্ শরভ হইয়াছিলে; কিন্তু আমি স্নেহ করিয়াও তোমাকে বাস্তবিক শরভত্ব দান করি নাই ॥৩০॥

পাপাত্মা! আমি নির্দ্দোষ, তথাপি তুই যখন আমাকে বধ করিবার ইচ্ছা করিতেছিস্, তখন তুই আবার সেই কুক্কুরজাতি লাভ করিয়া, কুক্কুরই হইবি" ॥৩১॥

তাহার পর সেই মুনজনদ্বেষী, দুরাত্মা, নীচস্বভাব ও মূর্খ শরভ ঋষির অভিসম্পাতে পুনরায় কুক্কুররূপ প্রাপ্ত হইল" ॥৩২॥

——০——

* 'সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ।' পি বঙ্গ বর্দ্ধ নি।

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ।

ভীষ্ম উবাচ।

স শ্বা প্রকৃতিমাপন্নঃ পরং দৈন্যমুপাগতঃ।
ঋষিণা হুংকৃতঃ পাপস্তপোবনবহিষ্কৃতঃ ॥১॥
এবং রাজ্ঞা মতিমতা বিদিত্বা শীলশৌচতাম্।
আর্জ্জবং প্রকৃতিং সত্ত্বং শ্রুতং বৃত্তং কুলং দমম্ ॥২॥
অনুক্রোশং বলং বীর্য্যং প্রভাবং প্রশ্রয়ং ক্ষমাম্।
ভৃত্যা যে যত্র যোগ্যাঃ স্যুস্তত্র স্থাপ্যাঃ সুরক্ষিতাঃ ॥৩॥ (যুগ্মকম্)
নাপরীক্ষ্য মহীপালঃ সচিবং কর্ত্তুমর্হতি।
অকুলীননরাকীর্ণো ন রাজা সুখমেধতে ॥৪॥
কুলজঃ প্রকৃতো রাজ্ঞা স্বকুলীনতয়া সদা।
ন পাপে কুরুতে বুদ্ধিং ভিদ্যমানোঽপ্যনাগসি ॥৫॥

ভাবতকৌমুদী

স ইতি। শ্বা কুক্কুরঃ, প্রকৃতিং কুক্কুরভাবম্, দৈন্যম্ উপাগতো নিকৃষ্টপশুত্বাদেবেতি ভাবঃ ॥১॥

এবমিতি। আর্জবং সরলতাম্, প্রকৃতিমবস্থাম্, শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, বৃত্তং ব্যবহারম্, দমম্ ইন্দ্রিয়দমনম্। অনুক্রোশং দয়াম্, বলং দৈহিকীং শক্তিম্, বীর্য্যং মানসিকীং শক্তিম্, প্রভাবং স্বযোগ্যতাপ্রকাশসামর্থ্যম্, প্রশ্রয়মনুরাগম্, যত্র যেষু কর্ম্মসু ॥২—৩॥

নেতি। অকুলীনৈর্নরৈরাকীর্ণো ব্যাপ্তঃ, এধতে বর্দ্ধতে ॥৪॥

ভীষ্ম বলিলেন—"সেই পাপাত্মা কুকুরটা তখন পুনরায় কুক্কুরত্ব প্রাপ্ত হইয়া অত্যন্ত দুঃখিত হইল এবং ঋষি হুঙ্কার করিয়া তাহাকে তপোবন হইতে বাহির করিয়া দিলেন ॥১॥

যুধিষ্ঠির! বুদ্ধিমান্ রাজা এইভাবে ভৃত্যগণের স্বভাবের পবিত্রতা, সরলতা, অবস্থা, সত্য, শাস্ত্রজ্ঞান, ব্যবহার, বংশ, ইন্দ্রিয়দমনের যোগ্যতা, দয়া, দৈহিক বল, মানসিক বল, প্রভাব, অনুরাগ ও ক্ষমাগুণ জানিয়া যাহারা যে যে পদের যোগ্য হইবে, তাহাদিগকে সেই সেই পদে সুরক্ষিত করিয়া স্থাপন করিবেন ॥২—৩॥

রাজা পরীক্ষা না করিয়া কাহাকেও ভৃত্য করিবেন না। কারণ, রাজা অসৎকুলসম্ভূত লোকে পরিবেষ্টিত হইলে, কখনও অনায়াসে উন্নতি লাভ করিতে পারেন না ॥৪॥

(৩)…ভৃত্যা যে মন্ত্রিণো যোগ্যাস্তত্র—নি।

অকুলীনস্তু পুরুষঃ প্রাকৃতঃ সাধুসংশ্রয়াৎ।
দুর্ল্লভৈশ্বর্য্যতাং প্রাপ্তো নিন্দিতঃ শত্রুতাং ব্রজেৎ ॥৬॥
কাকঃ শ্বানোঽকুলীনশ্চ বিড়ালঃ সর্প এব চ।
অকুলীনা চ যা নারী তুল্যাস্তে পরিকীর্ত্তিতাঃ ॥৭॥
লোকপালাঃ সদোদ্বিগ্নাঃ পশ্যন্ত্যকুলজান্ যথা।
নারীং বা পুরুষং বাথ শীলং তত্রাপি কারণম্ ॥৮॥
দুষ্কুলীনা চ যা স্ত্রী স্যাদ্দুষ্কুলীনশ্চ যঃ পুমান্।
অহিংসাশীলসংযোগাদ্ধর্ম্মশ্চাকুলতাং ব্রজেৎ ॥৯॥

ভাবতকৌমুদী

কুলজ ইতি। প্রকৃতো যোগ্যপদে স্থাপিতো ভৃত্যঃ। ভিদ্যমানোঽপি উৎকোচাদিনা পরেণ সংগ্রহীতুমিষ্যমাণোঽপি, অনাগসি রাজ্ঞোঽপরাধাভাবে ॥৫॥

অকুলীন ইতি। প্রাকৃতো নীচঃ, সাধোর্নৃপতেঃ সংশ্রযাৎ। দুর্ল্লভম্ ঐশ্বর্য্যং যস্য স তস্য ভাবস্তাম্, শত্রুতাং রাজ্ঞ এব ॥৬॥

কাক ইতি। শ্বৈব শ্বানঃ কুক্কুরঃ। প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণি বৃদ্ধ্যাগমাভাব আর্ষঃ ॥৭॥

লোকেতি। উদ্বিগ্না দুষ্কার্য্যসম্পাদনাশঙ্কাবশাদিতি ভাবঃ, অকুলজান্ নারীপুরুষান্, যথা যৎ ॥৮॥

দুরিতি। ন বিদ্যতে হিংসাশীলো যাভ্যাং তয়োরহিংসাশীলযোঃ স্ত্রীপুংসযোঃ সংযোগাৎ সম্বন্ধাৎ ॥৯॥

রাজা সদ্বংশজাত লোককে উপযুক্তপদে নিযুক্ত করিলে, সেই লোক রাজার অপরাধ না থাকিলে, অন্য লোক উৎকোচাদিদ্বারা হস্তগত করিবার ইচ্ছা করিলেও, নিজের বংশের গুণেই রাজার অনিষ্ট সাধনের ইচ্ছা করে না ॥৫॥

আর অসৎকুলজাত, নীচ ও নিন্দিত লোক নিযুক্ত হইয়া, উপযুক্ত রাজার আশ্রয়বশতঃ দুর্ল্লভ সম্পদ লাভ করিয়াও তাঁহারই শত্রুতা করিয়া থাকে ॥৬॥

কাক, কুকুর, বিড়াল, সর্প, অসৎকুলজাত স্ত্রী ও অসৎকুলজাত পুরুষ—ইহারা সকলেই সমান বলিয়া কথিত হইয়া থাকে ॥৭॥

দিক্‌পালেরা সর্ব্বদা উদ্বিগ্ন হইয়াই যে অসৎকুলজাত স্ত্রী ও পুরুষকে দেখিয়া থাকেন, তাহার প্রতি তাঁহাদের স্বভাবই একমাত্র কারণ ॥৮॥

যাহাদের অপেক্ষা হিংসাশীল প্রাণী নাই, সেইরূপ যে অসৎকুলজাত স্ত্রী ও অসৎকুলজাত পুরুষ—তাহাদের সংস্রবে আসিলে, ধর্ম্মই আকুল হইয়া উঠে ॥৯॥

---

(৭) ইতঃপ্রভৃতি একাদশশ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

ধর্ম্মং প্রতি মহারাজ! শ্লোকানাহ বৃহস্পতিঃ।
শৃণু সর্ব্বান্ মহীপাল! হৃদি তাংশ্চ করিষ্যসি ॥১০॥
অসিতং সিতকর্ম্মাণং তথা দান্তং তপস্বিনম্।
বৃত্তস্থমপি চণ্ডালং তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥১১॥
যদি ঘাতয়তে কশ্চিৎ পাপসত্ত্বং প্রজাহিতঃ।
সর্ব্বসত্ত্বহিতার্থায় ন তেনাসৌ বিহিংসকঃ ॥১২॥
দ্বীপিনং শরভং সিংহং ব্যাঘ্রং কুঞ্জরমেব চ।
মহিষঞ্চ বরাহঞ্চ শূকরং শ্বানপন্নগান্ ॥১৩॥
গোব্রাহ্মণহিতার্থায় বালস্ত্রীরক্ষণায় চ।
বৃদ্ধাতুরপরিত্রাণে যো হিনস্তি স ধর্ম্মবিৎ ॥১৪॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণঃ পাপকর্ম্মা চ ম্লেচ্ছো বা ধার্ম্মিকঃ শুচিঃ।
শ্রেয়াংস্তত্র ভবেন্ম্লেচ্ছো ব্রাহ্মণঃ পাপকৃত্তমঃ ॥১৫॥

ভাবতকৌমুদী

ধর্ম্মমিতি। তান্ শ্লোকান্ হৃদি কবিষ্যসি চিবমেব স্মবিষ্যসীত্যর্থঃ ॥১০॥

অসিতমিতি। অসিতং জাতৌ দেহে বা কৃষ্ণমপি, সিতকর্ম্মাণং শুভ্রক্রিযাং সৎকার্য্যকবমিত্যর্থঃ, দান্তম্ ইন্দ্রিয়দমনশীলম্। বৃত্তস্থং সদাচাবস্থং চণ্ডালমপি ॥১১॥

যদীতি। ঘাতযতে হন্তি, পাপসত্ত্বং পাপিষ্ঠং জন্তুম্। সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং হিতার্থায় ॥১২॥

দ্বীপিনমিতি। দ্বীপিনং তবক্ষুম্, ববাহশূকবয়োর্বর্ণভেদাদ্ভেদঃ। বৃদ্ধাতুরয়োঃ পবিত্রাণে তদর্থে ॥১৩—১৪॥

মহারাজ! বৃহস্পতি ধর্ম্মের নিকটে যে সকল শ্লোক বলিয়াছেন, তুমি সেই সকল শ্লোক শ্রবণ কব এবং সেগুলিকে চিবকাল মনে বাখিবে ॥১০॥

চণ্ডাল কৃষ্ণবর্ণ হইয়াও যদি শুভ্র কর্ম্ম কবে এবং জিতেন্দ্রিয় ও তপস্বী হয়; আর সদাচাবে থাকে, তাহা হইলে দেবতাবা তাহাকে ব্রাহ্মণ বলিয়াই মনে কবেন ॥১১॥

মানুষ যদি লোকের হিতসাধনে নিবত থাকিয়া, সমস্ত প্রাণীব হিতেব জন্য কোন পাপিষ্ঠ প্রাণীকে হত্যা কবে, তাহা হইলে তাহাকে হিংসক বলা যায় না ॥১২॥

যে লোক গো, ব্রাহ্মণ, বালক, স্ত্রী, বৃদ্ধ ও পীড়িত ব্যক্তিকে রক্ষা করিবার জন্য কেন্দুয়াবাঘ, বাঘ, শবভ, সিংহ, হাতী, মহিষ, দন্তযুক্ত শূকব, দন্তহীন শূকব, কুকুর ও সর্পকে বধ করে, সে লোক ধর্ম্মজ্ঞই বটে ॥১৩—১৪॥

দুষ্কুলীনঃ কুলীনো বা যঃ কশ্চিচ্ছীলবান্ নরঃ।
প্রকৃতিং তস্য বিজ্ঞায় স্থিরাং বা যদি বাস্থিরাম্ ॥১৬॥
শীলং বানুত্তমং কর্ম্ম কুর্য্যাদ্রাজা সমাহিতঃ।
নিযুঞ্জীত মহীপালো দুর্ব্বৃত্তং পাপকর্ম্মসু ॥১৭॥ (যুগ্মকম্)
কুলীনং শিক্ষিতং প্রাজ্ঞং জ্ঞানবিজ্ঞানপারগম্।
সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞং সহিষ্ণুং দেশজং তথা ॥১৮॥
কৃতজ্ঞং বলবন্তঞ্চ ক্ষান্তং দান্তং জিতেন্দ্রিয়ম্।
অলুব্ধং লব্ধসন্তুষ্টং স্বামিমিত্রবুভূষকম্ ॥১৯॥
সচিবং দেশকালজ্ঞং সত্ত্বসংগ্রহণে রতম্।
সততং যুক্তমনসং হিতৈষিণমতন্দ্রিতম্ ॥২০॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণ ইতি। শুচিঃ পবিত্রঃ। পাপকৃত্তমস্তত এবাধমঃ ॥১৫॥

দুরিতি। প্রকৃতিং স্বভাবম্। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ। দুর্ব্বৃত্তং জনম্, পাপকর্ম্মসু প্রাণদণ্ডেন দণ্ডিতানাং হত্যাসু ॥১৬—১৭॥

কুলীনমিতি। দেশজম্ উত্তমজনপদজাতম্। স্বামিনো মিত্রং বুভূষকং ভবিতুমিচ্ছুম্। সত্ত্ব-সংগ্রহণে স্বামিনো দ্রব্যসঞ্চয়ে। যুক্তমনসং স্বামিনঃ কার্য্যে মনোযোগিনম্। যুক্তাচারং স্বামি-মনোমতাচারম্। ত্রিবর্গবেত্তারং ধর্ম্মার্থকামজ্ঞম্। খাতকানাং কূপতড়াগাদীনাং ব্যূহানাং

ভারতভাবদীপঃ

স শ্বেতি ॥১॥ দৃষ্টান্তমুপপাদ্য দার্ষ্টান্তিকমাহ, এবমিত্যাদিনা ॥২—৪॥ রাজ্ঞা অনাগসি ভিদ্যমানোঽপি কুলীনঃ পাপে বুদ্ধিং ন কুরুত ইত্যন্বয়ঃ ॥৫॥ কুলীনস্য নিন্দামাত্রেণ শত্রুত্বং ব্রজেৎ ॥৬—১৮॥ স্বামিনো মিত্রাণাং বুভূষকমৈশ্বর্য্যলিপ্সুম্ ॥১৯॥ সত্ত্বসংগ্রহণে প্রাণিমাত্ররঞ্জনে

যে ক্ষেত্রে ব্রাহ্মণ পাপিষ্ঠ; আর ম্লেচ্ছ ধাম্মিক ও পবিত্র—সে ক্ষেত্রে ম্লেচ্ছই শ্রেষ্ঠ, আর ব্রাহ্মণ নিকৃষ্ট ॥১৫॥

সৎকুলজাত বা অসৎকুলজাত যে কোন লোকই হউক না কেন, সে যদি সচ্চরিত্র হয়, সচ্চরিত্রের কার্য্য বা সর্ব্বোত্তম কার্য্য করে, তাহা হইলে পৃথিবীপালক রাজা মনোযোগী হইয়া তাহার স্থির বা অস্থির স্বভাবের পরীক্ষা করিয়া উপযুক্তপদে নিযুক্ত করিবেন এবং দুর্ব্বৃত্ত লোককে পাপের কার্য্যে স্থাপন করিবেন ॥১৬—১৭॥

সৎকুলোৎপন্ন, নানাবিষয়ে শিক্ষাপ্রাপ্ত, বুদ্ধিমান্, জ্ঞান ও বিজ্ঞানে নিপুণ, সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞ, সহিষ্ণু, উত্তমদেশজাত, কৃতজ্ঞ, বলবান্, ক্ষমাশীল, অন্তরিন্দ্রিয় ও বহিরিন্দ্রিয় জয়ী, লোভশূন্য, লব্ধসন্তুষ্ট, প্রভুর প্রিয় হইতে অভিলাষী, দেশকালজ্ঞ, স্বামীর দ্রব্য সঞ্চয়ে নিরত, উপকার সাধনে মনোযোগী, হিতৈষী, আলস্যশূন্য,

যুক্তাচারং স্ববিষয়ে সন্ধিবিগ্রহকোবিদম্ ।
রাজ্ঞস্ত্রিবর্গবেত্তারং পৌরজানপদপ্রিয়ম্ ॥২১॥
খাতকব্যূহতত্ত্বজ্ঞং বলহর্ষণকোবিদম্ ।
ইঙ্গিতাকারতত্ত্বজ্ঞং যাত্রাজ্ঞানবিশারদম্ ॥২২॥
হস্তিশিক্ষাসু তত্ত্বজ্ঞমহঙ্কারবিবর্জিতম্ ।
প্রগল্‌ভং দক্ষিণং দান্তং বলিনং যুক্তকারিণম্ ॥২৩॥
চৌক্ষং চৌক্ষজনাকীর্ণং সুমুখং সুখদর্শনম্ ।
নায়কং নীতিকুশলং গুণচেষ্টাসমন্বিতম্ ॥২৪॥
অস্তব্ধং প্রসৃতং শ্লক্ষ্ণং মৃদুবাদিনমেব চ ।
ধীরং শূরং মহর্দ্ধিঞ্চ দেশকালোপপাদকম্ ॥২৫॥
সচিবং যঃ প্রকুরুতে ন চৈনমবমন্যতে ।
তস্য বিস্তীর্য্যতে রাজ্যং জ্যোৎস্না গ্রহপতেরিব ॥২৬॥ (কুলকম্)
এতৈরেব গুণৈর্যুক্তো রাজা শাস্ত্রবিশারদঃ ।
এষ্টব্যো ধর্ম্মপরমঃ প্রজাপালনতৎপরঃ ॥২৭॥

ভাবতকৌমুদী

সৈন্যসন্নিবেশানাঞ্চ তত্ত্বজ্ঞম্, বলহর্ষণকোবিদং সৈন্যসন্তোষণবিশারদম্ । প্রগল্‌ভং ধৃষ্টম্, দক্ষিণমুদারচেতসম্, যুক্তকারিণং ন্যায্যকার্য্যকারকম্ । চৌক্ষং চতুরম্, চৌক্ষজনৈশ্চতুরলোকৈঃ আকীর্ণং ব্যাপ্তম্ । নায়কং লোকপরিচালনদক্ষম্, অস্তব্ধমুদ্যমিনম্, প্রসৃতং বিস্তৃতদৃষ্টিম্, শ্লক্ষ্ণং মৃদুস্বভাবম্ । মহর্দ্ধিং ধনসম্পন্নম্ । এনম্ ঈদৃশং সচিবম্ । গ্রহপতেশ্চন্দ্রস্য ॥১৮—২৬॥

এতৈরিতি । এতৈঃ সৎকুলত্বাদিভিঃ ॥২৭॥

স্বামীর মনোমত আচারসম্পন্ন, স্বদেশের সন্ধিবিগ্রহাভিজ্ঞ, রাজার ধর্ম্মার্থকামবেত্তা, পৌরজানপদপ্রিয়, খাতব্যূহতত্ত্বজ্ঞ, সৈন্যগণকে সন্তুষ্ট রাখিতে নিপুণ, পরের ইঙ্গিত ও আকারাভিজ্ঞ, যুদ্ধযাত্রাজ্ঞাননিপুণ, হস্তিশিক্ষাতত্ত্বজ্ঞ, অহঙ্কারশূন্য, ধৃষ্ট, উদারস্বভাব, ন্যায্যকার্য্যকারী, চতুর, চতুর লোকে পরিবেষ্টিত, প্রসন্নবদন, প্রিয়দর্শন, লোক-পরিচালনদক্ষ, নীতিনিপুণ, গুণবান্, অধ্যবসায়ী, উদ্যমী, বহুদর্শী, কোমলস্বভাব, কোমলভাষী, ধীরপ্রকৃতি, বীর, ধনসম্পন্ন এবং দেশ ও কাল অনুসারে কার্য্যসম্পাদক লোককে যে রাজা মন্ত্রী করেন এবং তাঁহার অবমাননা করেন না, চন্দ্রের জ্যোৎস্নার ন্যায় তাঁহার রাজ্য বৃদ্ধি পায় ॥১৮—২৬॥

এই সকল গুণযুক্ত, শাস্ত্রবিশারদ, ধার্ম্মিক ও প্রজাপালনে নিরত রাজাই প্রজাদের বাঞ্ছনীয় হইয়া থাকেন ॥২৭॥

ধীরো মর্ষী শুচিস্তীক্ষ্ণঃ কালে পুরুষকারবিৎ।
শুশ্রূষুঃ শ্রুতবান্ শ্রোতা ঊহাপোহবিশারদঃ ॥২৮॥
মেধাবী ধারণাযুক্তো যথান্যায়োপপাদকঃ।
দান্তঃ সদা প্রিয়াভাষী ক্ষমাবাংশ্চ বিপর্য্যয়ে ॥২৯॥
দানাচ্ছেদে স্বয়ংকারী শ্রদ্ধালুঃ সুখদর্শনঃ।
আর্ত্তহস্তপ্রদো নিত্যমাপ্তামাত্যো নয়ে রতঃ ॥৩০॥
নাহংবাদী ন নির্দ্বন্দ্বো ন যৎকিঞ্চনকারকঃ।
কৃতে কর্ম্মণ্যমাত্যানাং কর্ত্তা ভৃত্যজনপ্রিয়ঃ ॥৩১॥
সংগৃহীতজনোঽস্তব্ধঃ প্রসন্নবদনঃ সদা।
সদা ভৃত্যজনাপেক্ষো ন ক্রোধী সুমহামনাঃ ॥৩২॥
যুক্তদণ্ডো ন নির্দণ্ডো ধর্ম্মকার্য্যানুশাসনঃ।
চারনেত্রঃ প্রজাবেক্ষী ধর্ম্মার্থকুশলঃ সদা।
রাজা গুণশতাকীর্ণ এষ্টব্যস্তাদৃশো ভবেৎ ॥৩৩॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ধীর ইতি। কালে মর্ষী ক্ষমাবান্ তীক্ষ্ণশ্চ। শুশ্রূষুঃ রাজ্যবৃত্তান্তশ্রবণেচ্ছুঃ, শ্রুতবান্ রাজ্যবৃত্তান্তশ্রবণবান্, শ্রোতা গুরুবৃদ্ধোপদেশানাম্, ঊহাপোহবিশারদঃ তর্কবিতর্কদক্ষঃ। যথান্যায় উপপাদকঃ কার্য্যসম্পাদকঃ। দান্ত ইন্দ্রিয়দমনবান্। বিপর্য্যয়ে অপরাধেঽপি ক্ষমাবান্। দানে আচ্ছেদে গ্রহণে চ। আর্ত্তানাং রোগাদিনা পীড়িতানাং হস্ত এব প্রদদাতীতি সঃ। আপ্তা বিশ্বস্তা অমাত্যা যস্য সঃ, নয়ে নীতিপর্য্যালোচনে নাহংবাদী অহঙ্কারশূন্যঃ, ন নির্দ্বন্দ্বো দ্বন্দ্বদুঃখসহিষ্ণুঃ। কর্ত্তা অনুমোদনকারী। সংগৃহীতাঃ সদ্ব্যবহারেণায়ত্তীকৃতা জনা যেন সঃ, অস্তব্ধঃ অনলসঃ। যুক্তদণ্ডো ন্যায্যদণ্ডকর্ত্তা, ন নির্দণ্ডঃ সর্ব্বথাদণ্ডবিধানাপরিত্যাগী। ধর্ম্মকার্য্যাণামনু-

ধীর, কালানুসারে ক্ষমাশীল, তীক্ষ্ণ ও পবিত্র, পুরুষকারজ্ঞ, রাজ্যবৃত্তান্তশ্রবণাভিলাষী, শ্রুতরাজ্যবৃত্তান্ত, গুরুজন ও বৃদ্ধজনের উপদেশশ্রোতা, তর্কবিতর্কনিপুণ, বুদ্ধিমান্, মেধাবী, ন্যায়ানুসারে কার্য্যকারী, জিতেন্দ্রিয়, সর্ব্বদা প্রিয়ভাষী, অপরাধে ক্ষমাকারী, নিজেই দান ও গ্রহণকারী, ধর্ম্মে ও গুরুজনে শ্রদ্ধাশীল, সুখদর্শন, পীড়িতজনের হস্তেই দানকারী, বিশ্বস্ত সচিবরক্ষক, সর্ব্বদা অমাত্য-নীতিপর্য্যালোচনায় ব্যাপৃত, অহঙ্কারশূন্য, দ্বন্দ্বদুঃখসহিষ্ণু, তুচ্ছকার্য্যত্যাগী, অমাত্যকৃতকার্য্যের অনুমোদক, ভৃত্যজনপ্রিয়, লোকসংগ্রাহক, আলস্যশূন্য, সর্ব্বদা প্রসন্নবদন, সর্ব্বদা ভৃত্য পর্য্যবেক্ষক, ক্রোধশূন্য, উদারচেতা, ন্যায্যদণ্ডদাতা, সর্ব্বথা

(৩৩)...নিত্যমমাত্যো হি হিতে রতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

যোধাশ্চৈব মনুষ্যেন্দ্র ! সর্ব্বৈগুণগণৈর্বৃতাঃ ।
অন্বেষ্টব্যাঃ সুপুরুষাঃ সহায়া রাজ্যধারণে ।
ন বিমানয়িতব্যাস্তে রাজ্ঞা বৃদ্ধিমভীপ্সতা ॥৩৪॥
যোধাঃ সমরশৌণ্ডীরাঃ কৃতজ্ঞাঃ শাস্ত্রকোবিদাঃ ।
ধর্ম্মশাস্ত্রসমাযুক্তাঃ পদাতিজনসংবৃতাঃ ॥৩৫॥
অভয়া গজপৃষ্ঠস্থা রথচর্য্যাবিশারদাঃ ।
ইম্বস্ত্রকুশলা যস্য তস্যেয়ং নৃপতের্মহী ॥৩৬॥ (যুগ্মকম্)
জ্ঞাতীনামনবজ্ঞানং ভৃত্যেষ্বশঠতা তথা ।
নৈপুণং চার্থচর্য্যাসু যস্যৈতে তস্য সা মহী ॥৩৭॥
আলস্যঞ্চৈব নিদ্রা চ ব্যসনান্যতিহাস্যতা ।
যস্যৈতানি ন বিদ্যন্তে তস্যৈব সুচিরং মহী ॥৩৮॥

ভারতকৌমুদী

শাসন উপদেষ্টা। চারা গুপ্তচরা এব নেত্রে যস্য সঃ। গুণশতাকীর্ণো দযাদিবহুগুণান্বিতঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৮—৩৩॥

যোধা ইতি। রাজ্যস্য ধারণে রক্ষণে। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৪॥

যোধা ইতি। সমরে শৌণ্ডীরা নিপুণাঃ। ইষুষু বাণেষু, তদন্যেষু অস্ত্রেষু চ কুশলাঃ ॥৩৫—৩৬॥

জ্ঞাতীনামিতি। নৈপুণং দক্ষতা, অর্থচর্য্যাসু কার্য্যসাধনেষু ॥৩৭॥

দণ্ডাপবিত্যাগী, ধর্ম্মকার্য্যে উপদেষ্টা, চারচক্ষু, প্রজাপর্য্যবেক্ষক ও ধর্ম্মার্থনিপুণ—এইরূপ বহুগুণসমন্বিত রাজাই প্রজাদের বাঞ্ছনীয় হইয়া থাকেন ॥২৮—৩৩॥

মনুষ্যশ্রেষ্ঠ ! সর্ব্বগুণসম্পন্ন যোদ্ধা এবং সৎপুরুষরূপ সহায়—রাজ্য রক্ষার জন্য রাজা অন্বেষণ করিবেন ; কিন্তু রাজ্যবৃদ্ধিকামী রাজা তাঁহাদের অবমাননা করিবেন না ॥৩৪॥

যুদ্ধনিপুণ, কৃতজ্ঞ, শাস্ত্রাভিজ্ঞ, ধর্ম্মশাস্ত্রবিৎ, নির্ভয়চিত্ত, গজারোহণদক্ষ, রথারোহণবিশারদ লোকেরা যাঁহার পদাতিসৈন্য ও অন্যান্য সৈন্য হয়, সেই রাজারই এই পৃথিবী হইয়া থাকে ॥৩৫—৩৬॥

যে রাজা জ্ঞাতিবর্গের অবমাননা ও ভৃত্যবর্গের সহিত শঠতাচরণ করেন না এবং কার্য্যসাধনে যাঁহার নৈপুণ্য থাকে, সেই রাজারই এই পৃথিবী হইয়া থাকে ॥৩৭॥

যে রাজার আলস্য, নিদ্রা, ব্যসন ও অত্যন্ত আমোদ না থাকে, সেই রাজার রাজ্যই অধিক দিন থাকে ॥৩৮॥

(৩৭) ইতঃপ্রভৃতি সপ্ত শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

বৃদ্ধসেবী মহোৎসাহী বর্ণানাঞ্চৈব রক্ষিতা।
ধর্ম্মচর্য্যাঃ সদা যস্য তস্যেয়ং সুচিরং মহী ॥৩৯॥
নীতিবর্ত্মানুসরণং নিত্যমুত্থানমেব চ।
রিপূণামনবজ্ঞানং তস্যেয়ং সুচিরং মহী ॥৪০॥
উত্থানঞ্চৈব দৈবঞ্চ তয়োর্নানাত্বমেব চ।
মনুনা বর্ণিতং পূর্ব্বং বক্ষ্যে শৃণু তদেব হি ॥৪১॥
উত্থানং হি নরেন্দ্রাণাং বৃহস্পতিরভাষত।
নয়ানয়বিধানজ্ঞঃ সদা ভব কুরূদ্বহ! ॥৪২॥
দুর্হৃদাং ছিদ্রদর্শী যঃ সুহৃদামুপকারবান্।
বিশেষবিচ্চ ভৃত্যানাং স রাজ্যফলমশ্নুতে ॥৪৩॥

ভারতকৌমুদী

আলস্যমিতি। ব্যসনানি মৃগয়াদীনি। যস্য রাজ্ঞঃ ॥৩৮॥
বৃদ্ধেতি। বৃদ্ধসেবী তদুপদেশগ্রহণায়। ধর্ম্মস্য চর্য্যা আচরণম্ ॥৩৯॥
নীতীতি। উত্থানমুদ্যোগঃ। অনবজ্ঞানং দুর্ব্বলতাবোধেনাবজ্ঞানাভাবঃ ॥৪০॥
উত্থানমিতি। উত্থানমুদ্যোগঃ, নানাত্বং বহুবিধত্বম্ ॥৪১॥
উত্থানমিতি। নয়ানয়বিধানজ্ঞঃ সুনীতিদুর্নীতিপ্রয়োগাভিজ্ঞঃ ॥৪২॥
দুর্হৃদামিতি। দুর্হৃদাং শত্রূণাম্। বিশেষবিৎ ভিন্নভিন্নাবস্থাভিজ্ঞঃ ॥৪৩॥

যে রাজা বৃদ্ধজনের সেবা করেন, অত্যন্ত উৎসাহী থাকেন এবং ব্রাহ্মণপ্রভৃতি সমস্ত বর্ণকে রক্ষা করেন, আর সর্ব্বদাই ধর্ম্মাচরণ করিয়া থাকেন, সেই রাজার রাজ্যই দীর্ঘকাল থাকে ॥৩৯॥

যে রাজা সর্ব্বদা নীতিপথের অনুসরণ করেন, সর্ব্বদা উদ্যোগী থাকেন এবং শত্রুগণের প্রতি অবজ্ঞা করেন না, সেই রাজার রাজ্যই চিরকাল থাকে ॥৪০॥

যুধিষ্ঠির! পূর্ব্বকালে মনু উদ্যোগ ও দৈব এবং তাহার বহুবিধত্ব বর্ণনা করিয়াছেন, আমি তাহা বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৪১॥

কৌরবশ্রেষ্ঠ! বৃহস্পতি রাজাদের উদ্যোগের কথা বলিয়াছেন, সুতরাং তুমি সুনীতি ও দুর্নীতি প্রয়োগের বিষয় জানিয়া, সর্ব্বদাই সেই বিষয়ে অবহিত থাক ॥৪২॥

যিনি শত্রুপক্ষের ছিদ্র দর্শন করিতে সমর্থ হন, মিত্রপক্ষের উপকার করেন এবং ভৃত্যগণের ভিন্ন ভিন্ন অবস্থা বুঝিতে পারেন, সেই রাজাই রাজ্যের ফল ভোগ করেন ॥৪৩॥

সর্ব্বসংগ্রহণে যুক্তো নৃপো ভবতি যঃ সদা।
উত্থানশীলো মন্ত্রাঢ্যঃ স রাজা রাজসত্তমঃ ॥৪৪॥
শক্যা চাশ্বসহস্রেণ বীরারোহেণ ভারত !।
সংগৃহীতমনুষ্যেণ কৃৎস্না জেতুং বসুন্ধরা ॥৪৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঋষিসংবাদে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

সর্ব্বেতি। সর্ব্বেষামেব জনানাং সংগ্রহণে দানমানাদিনা আয়ত্তীকরণে যুক্তো নিরতঃ ॥৪৪॥

সংগ্রহণফলমাহ শক্যেতি। বীরা আরোহা আরোহিণো যস্য তেন। সংগৃহীতা আয়ত্তীকৃতা মনুষ্যা যেন তেন রাজ্ঞা ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

ভারতভাবদীপঃ

॥২০—২১॥ ঘাতকাঃ পরসৈন্যাবদারকা যে ব্যূহাদয়স্তেষাং তত্ত্বজ্ঞম্ ॥২২—২৩॥ চৌক্ষং শুদ্ধম্ ॥২৪॥ প্রসৃতং সূক্ষ্মার্থগামিনম্ ॥২৫—২৭॥ মর্ষী ক্ষমী ॥২৮॥ বিপর্য্যয়েঽক্ষমাবত্যর্থকারিণি ক্ষমাবান্ ॥২৯॥ দানস্যাচ্ছেদে বিষয়ে স্বয়মবিচ্ছেদকর্ত্তা ॥৩০॥ ন নির্দ্বন্দ্বো ন নিষ্পবিগ্রহঃ, কর্ত্তা উপকর্ত্তা ॥৩১—৩২॥ গুণশতং কুলীনত্বাদয় একপঞ্চাশদমাত্যগুণাস্তৎসহিতঃ ধর্ম্মপরমত্বাদয় একচত্বারিংশদেবমষ্টোনং গুণশতম্; এতেষাং সন্ধিবিগ্রহকোবিদমিত্যাদিরীত্যাষ্টদশ্গুণাষ্টক-মূহয়িত্বা পূর্ণং শতং জ্ঞেয়ম্ ॥৩৩—৪৫॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৫॥

—০০:—

যে রাজা সর্ব্বদাই সর্ব্বপ্রকার মানুষকে আয়ত্ত রাখিতে ব্যাপৃত থাকেন, উদ্‌যোগী হন এবং যথাসময়ে মন্ত্রণা করেন, সেই রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ॥৪৪॥

ভরতনন্দন! যিনি সর্ব্বপ্রকার মনুষ্যকে আয়ত্ত রাখিতে পারেন, সেই রাজা কেবল এক সহস্র অশ্বারোহী সৈন্যদ্বারাই সমগ্র পৃথিবী জয় করিতে সমর্থ হন” ॥৪৫॥

—::০::—

* '. অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।

——:০:——

ভীষ্ম উবাচ।

এবংগুণযুতান্ ভৃত্যান্ স্বে স্বে স্থানে নরাধিপঃ।
নিযোজয়তি কৃত্যেষু স রাজ্যফলমশ্নুতে ॥১॥
ন বা স্বস্থানমুৎক্রম্য প্রমাণমপি সৎকৃতম্।
আরোপ্য চাপি স্বস্থানমুৎক্রমান্যৎ প্রপদ্যতে ॥২॥
স্বজাতিগুণসম্পন্নাঃ স্বেষু কর্ম্মসু সংস্থিতাঃ।
প্রকর্ত্তব্যা হ্যমাত্যাস্তু নাস্থানে প্রক্রিয়া ক্ষমা ॥৩॥
অনুরূপাণি কর্ম্মাণি ভৃত্যেভ্যো যঃ প্রয়চ্ছতি।
স ভৃত্যগুণসম্পন্নো রাজা ফলমুপাশ্নুতে ॥৪॥

ভাবতকৌমুদী

এবমিতি। স্বে স্বে স্থানে নিজনিজযোগ্যপদে। কৃত্যেষু কার্য্যমধ্যে ॥১॥

নেতি। প্রমাণং দৃষ্টপ্রমাণসিদ্ধম্, সৎকৃতমপি অন্যৈস্তথৈবাদৃতঞ্চ। স্বস্থানং নিজযোগ্যপদম্ উৎক্রম্য অতিক্রম্য। কিঞ্চ স্বস্থানম্ আবোপ্য চ; অন্যৎ বেতনাদিকম্ উৎক্রম্য অদত্ত্বা, প্রপদ্যতে বাজা বিপদ্যতে ॥২॥

স্বেতি। স্বজাতিগুণৈঃ সত্যশৌচাদিগুণৈঃ সম্পন্না ব্রাহ্মণাদযঃ, কর্ম্মসু বৃত্তিষু। অস্থানে অযোগ্যপদে প্রক্রিয়া নিয়োগঃ, ন ক্ষমা নোচিতা ॥৩॥

অন্বিতি। অনুরূপাণি যোগ্যানি, ভৃত্যগুণৈঃ ভৃত্যসুষ্ঠুসম্পাদিতকার্য্যফলৈঃ সম্পন্নঃ ॥৪॥

ভীষ্ম বলিলেন—"যে রাজা এইরূপ গুণসম্পন্ন ভৃত্যগণকে আপন আপন যোগ্যপদে নিযুক্ত করেন, সেই বাজাই বাজ্যের ফল ভোগ কবিতে পারেন ॥১॥

যে লোক অন্য কার্য্যে নিজের কৃতিত্ব প্রমাণ কবিয়াছে এবং লোকে তাহাব আদরও কবিয়াছে, তাহাকেও তাহাব নিজ যোগ্যপদে আবোপিত না কবিলে কিংবা আবোপিত করিয়াও তাহাব উপযুক্ত বেতনাদি না দিলে, বাজা বিপন্ন হইযা থাকেন ॥২॥

আপন আপন জাতীয় গুণযুক্ত লোক সকল যদি আপন আপন বৃত্তিতেই থাকে, তাহা হইলেই রাজা তাহাদিগকে মন্ত্রিপদে নিযুক্ত কবিবেন; কিন্তু অযোগ্যপদে কাহাকেও নিযুক্ত কবা উচিত নহে ॥৩॥

---

(১) অত্র পুস্তকভেদ এব পাঠভেদঃ।

শরভঃ শরভস্থানে সিংহঃ সিংহ ইবোর্জ্জিতঃ।
ব্যাঘ্রো ব্যাঘ্র ইব স্থাপ্যো দ্বীপী দ্বীপী যথা তথা ॥৫॥
কর্ম্মস্বিহানুরূপেষু ন্যস্যা ভৃত্যা যথাবিধি।
প্রতিলোমং ন ভৃত্যাস্তে স্থাপ্যাঃ কর্ম্মফলৈষিণা ॥৬॥
যঃ প্রমাণমতিক্রম্য প্রতিলোমং নরাধিপঃ।
ভৃত্যান্ স্থাপয়তেঽবুদ্ধির্ন স রঞ্জয়তে প্রজাঃ ॥৭॥
ন বালিশা ন চ ক্ষুদ্রা নাপ্রাজ্ঞা নাজিতেন্দ্রিয়াঃ।
নাকুলীনা নরাঃ সর্ব্বে স্থাপ্যা রাজ্ঞা গুণৈষিণা ॥৮॥
সাধবঃ কুলজাঃ শূরাঃ জ্ঞানবন্তোঽনসূয়কাঃ।
অক্ষুদ্রাঃ শুচয়ো দক্ষাঃ স্যুর্নরাঃ পারিপার্শ্বকাঃ ॥৯॥

ভারতকৌমুদী

শরভ ইতি। শরভঃ অষ্টচরণো ভীষণো জন্তুবিশেষঃ। উর্জ্জিতস্তেজস্বী। দ্বীপী তরক্ষুঃ ॥৫॥

কর্ম্মস্বিতি। ন্যস্যাঃ স্থাপ্যাঃ। প্রতিলোমমননুরূপম্ ॥৬॥

য ইতি। প্রমাণমুক্তনিয়মম্, প্রতিলোমমননুরূপং যথা স্যাত্তথা। অবুদ্ধির্নরাধিপ ইতি সম্বন্ধঃ ॥৭॥

নেতি। বালিশা মূর্খাঃ, অপ্রাজ্ঞা নির্ব্বোধাঃ। গুণৈষিণা উৎকর্ষাভিলাষিণা ॥৮॥

সাধব ইতি। অনসূয়কাঃ পরদোষাবিষ্কাররহিতাঃ। শুচয়ঃ পবিত্রাঃ, পারিপার্শ্বকাঃ পার্শ্বচরা ভৃত্যাঃ ॥৯॥

যে রাজা ভৃত্যগণকে অনুরূপ কর্ম্ম সকল বণ্টন করিয়া দেন, সেই রাজাই সেই সকল ভৃত্যের কর্ম্মফলভোগী হইয়া, রাজ্যের ফল ভোগ করেন ॥৪॥

যেমন শরভ স্থানে শরভ, সিংহ স্থানে তেজস্বী সিংহ, ব্যাঘ্র স্থানে ব্যাঘ্র এবং কেন্দুয়া বাঘের জায়গায় কেন্দুয়া বাঘ লোকে নিযুক্ত করে ॥৫॥

কর্ম্মফলাভিলাষী রাজা যথাবিধানে যোগ্য যোগ্য পদে ভৃত্যগণকে নিযুক্ত করিবেন; কিন্তু অযোগ্য স্থানে তাহাদিগকে নিযুক্ত করিবেন না ॥৬॥

যে নির্ব্বোধ রাজা উক্তবিধ নিয়ম লঙ্ঘন করিয়া অযোগ্যভাবে ভৃত্য নিয়োগ করেন, তিনি প্রজা রঞ্জন করিতে পারেন না ॥৭॥

উন্নতিকামী রাজা—মূর্খ, ক্ষুদ্র, নির্ব্বোধ, অজিতেন্দ্রিয় ও অসৎকুলোৎপন্ন লোকদিগকে ভৃত্য (কর্ম্মচারী) করিবেন না ॥৮॥

কিন্তু সৎস্বভাব, সৎকুলজাত, বীর, বুদ্ধিমান্, অসূয়াশূন্য, অনীচাশয়, পবিত্রহৃদয় ও কার্য্যদক্ষ লোকেরাই রাজার পার্শ্বচর কর্ম্মচারী হইবেন ॥৯॥

ন্যগ্‌ভূতাস্তৎপরাঃ শান্তাশ্চৌক্ষাঃ প্রকৃতিজৈঃ শুভাঃ।
স্বস্থানানপক্রুষ্টা যে তেস্যু রাজ্ঞাং বহিশ্চরাঃ ॥১০॥
সিংহস্য সততং পার্শ্বে সিংহ এবানুগো ভবেৎ।
অসিংহঃ সিংহসহিতঃ সিংহবল্লভতে ফলম্ ॥১১॥
যস্তু সিংহঃ শ্বভিঃ কীর্ণঃ সিংহকর্ম্মফলে রতঃ।
ন স সিংহফলং ভোক্তুং শক্তঃ শ্বভিরুপাসিতঃ ॥১২॥
এবমেতন্মনুষ্যেন্দ্র! শূরৈঃ প্রাজ্ঞৈর্বহুশ্রুতৈঃ।
কুলীনৈঃ সহ শক্যেত কৃৎস্না জেতুং বসুন্ধরা ॥১৩॥
নাবিদ্যো নানৃজুঃ পার্শ্বে নাপ্রাজ্ঞো নামহাধনঃ।
সংগ্রাহ্যো বসুধাপালৈর্ভৃত্যো ভৃত্যবতাংবর! ॥১৪॥

ভারতকৌমুদী

ন্যগিতি। ন্যগ্‌ভূতা অবনতাঃ, তৎপরাঃ কার্য্যেষু মনোযোগিনঃ, চৌক্ষাশ্চতুরাঃ, প্রকৃতিজৈঃ স্বভাবজাতৈঃ প্রিয়দর্শনত্বাদিভির্গুণৈঃ। স্বস্থানেষু অনপক্রুষ্টা অনিন্দিতাঃ। বহিশ্চরা দূরবর্ত্তিনো ভৃত্যাঃ ॥১০॥

সিংহস্যেতি। অনুগঃ সহগন্তা। উক্তনিয়মে ব্যভিচারমাহ অসিংহ ইতি ॥১১॥

য ইতি। শ্বভিঃ কুক্কুরৈঃ, কীর্ণো ব্যাপ্তঃ। শ্বভিরেব উপাসিতঃ সেবিতঃ ॥১২॥

দৃষ্টান্তধর্ম্মং দার্ষ্টান্তিকে যোজয়তি এবমিতি। শক্যেত রাজ্ঞেতি শেষঃ ॥১৩॥

নেতি। অনৃজুঃ কুটিলঃ, অপ্রাজ্ঞো নির্ব্বোধঃ, অমহাধনঃ স্বল্পধনো নির্ধনো বা ॥১৪॥

আর যাহারা অবনত, কার্য্যপরায়ণ, শান্তস্বভাব, চতুর, স্বাভাবিক শুভগুণসম্পন্ন এবং আপন আপন পদে নিন্দাশূন্য—তাহারাই রাজাদের বাহিরের (মফঃস্বলের) কর্ম্মচারী হইবেন ॥১০॥

সিংহের পার্শ্বে সিংহই সর্ব্বদা গমন করিয়া থাকে; আর কখনও সিংহভিন্ন পশুও সিংহের সহিত মিলিত হইয়া সিংহের ন্যায় ফল লাভ করে ॥১১॥

আর যে সিংহ কুক্কুরগণে পরিবেষ্টিত হইয়া সিংহের কার্য্যে ব্যাপৃত হয়, কুক্কুর পরিবেষ্টিত সেই সিংহ, সিংহের কর্ম্মফল ভোগ করিতে সমর্থ হয় না ॥১২॥

নরশ্রেষ্ঠ! এইরূপই রাজা বীর, বুদ্ধিমান, বহুশাস্ত্রজ্ঞ ও সৎকুলোৎপন্ন লোকের সহিত মিলিত হইয়াই সমগ্র পৃথিবী জয় করিতে সমর্থ হন ॥১৩॥

ভৃত্যরক্ষিশ্রেষ্ঠ! রাজারা বিদ্যাশূন্য, কুটিল, নির্ব্বোধ কিংবা স্বল্প ধন বা নির্ধন লোককে ভৃত্যরূপে (কর্ম্মচারিভাবে) গ্রহণ করিবেন না ॥১৪॥

বাণবদ্বিস্‌হৃতা যান্তি স্বামিকার্য্যপরা নরাঃ।
যে ভৃত্যাঃ পার্থিবহিতাস্তেষাং সান্ত্বং প্রয়োজয়েৎ ॥১৫॥
কোশশ্চ সততং রক্ষ্যো যত্নমাস্থায় রাজভিঃ।
কোশমূলা হি রাজানঃ কোশবৃদ্ধিকরো ভবেৎ ॥১৬॥
কোষ্ঠাগারঞ্চ তে নিত্যং স্ফীতৈর্ধান্যৈঃ সুসংবৃতম্।
সদাস্তু সৎসু সংন্যস্তং ধনধান্যপরো ভব ॥১৭॥
নিত্যযুক্তাশ্চ তে ভৃত্যা ভবন্তু রণকোবিদাঃ।
বাজিনাঞ্চ প্রয়োগেষু বৈশারদ্যমিহেষ্যতে ॥১৮॥
জ্ঞাতিবন্ধুজনাবেক্ষী মিত্রসম্বন্ধিসৎকৃতঃ।
পৌরকার্য্যহিতান্বেষী ভব কৌরবনন্দন ! ॥১৯॥

ভারতকৌমুদী

বাণবদিতি। বিস্‌হৃতা অগ্রেসবা এব। সান্ত্বং কোমলবাক্যম্ ॥১৫॥
কোশ ইতি। কোশো ধনসঞ্চয়ঃ। বাজানো রাজপদানি ॥১৬॥
কোষ্ঠেতি। কোষ্ঠাগাবং শস্যগৃহম্। সৎসু সজ্জনেষু, সংন্যস্তমর্পিতরক্ষাভাবম্ ॥১৭॥
নিত্যেতি। নিত্যযুক্তা বণকৌশলে সর্ব্বদাভিনিবিষ্টাঃ। বৈশারদ্যং দক্ষত্বম্ ॥১৮॥
জ্ঞাতীতি। মিত্রৈঃ সম্বন্ধিভিশ্চ সৎকৃতঃ সর্ব্বদা সদ্ব্যবহারলাভাদাদৃতঃ ॥১৯॥

প্রভুকার্য্যপবায়ণ লোকেবা বাণেব ন্যায় সম্মুখের দিকে গমন কবে; সুতবাং যে সকল ভৃত্য বাজার হিতৈষী, বাজা তাহাদের সহিত মধুর বাক্য ব্যবহাব করিবেন ॥১৫॥

রাজারা সর্ব্বদা যত্নপূর্বক কোশ রক্ষা কবিবেন। কাবণ, কোশই বাজত্বেব মূল এবং কোশই রাজার উন্নতিব কারণ ॥১৬॥

যুধিষ্ঠির! তোমার শস্যগৃহ যেন সর্বদাই প্রচুর শস্যে পরিপূর্ণ থাকে এবং তাহার রক্ষাব ভাব যেন সজ্জনদিগের উপরে অর্পিত হয়; আর তুমিও সর্বদাই ধনধান্যের দিকে দৃষ্টি রাখিও ।১৭।

তোমাব কর্ম্মচারীরা যেন সর্বদাই রণকৌশলেব দিকে অভিনিবিষ্ট থাকে এবং যুদ্ধনিপুণ হয়; আর তাহাদেব অশ্বচালনায় নৈপুণ্য থাকায়ই আমি বাঞ্ছনীয় বলিয়া মনে করি ১৮॥

কৌববনন্দন! তুমি সর্বদাই জ্ঞাতি ও বন্ধুজনের পর্য্যবেক্ষণ করিবে, মিত্র ও সম্বন্ধিগণের আদরের পাত্র হইবে এবং পুববাসিগণের কার্য্য ও হিতসাধনে অভিনিবিষ্ট থাকিবে ॥১৯॥

এষা তে নৈষ্ঠিকী বুদ্ধিঃ প্রজাস্বভিহিতা ময়া।
শুনো নিদর্শনং তাত! কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে ঋষিসংবাদে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:॰:—

ভারতকৌমুদী

এষেতি। নৈষ্ঠিকী চরমা। শুনঃ কুক্কুরস্য ॥২০॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:॰:—

ভারতভাবদীপঃ

এবমিতি। এবং নীচাননীচেনৈব যোজয়েৎ ॥১॥ বিপরীতে দোষমাহ—ন শ্বেতি। স্বং স্থানং প্রমাণং চোৎক্রম্যোচ্চস্থানে নারোপ্যঃ আরোপিতশ্চেৎ প্রমাদ্যতীতি যোজনা ॥২—৬॥ অবুদ্ধিরিতি চ্ছেদঃ ॥৭—৯॥ বহিশ্চরাঃ প্রাণা ইবেতি শেষঃ ॥১০—১৪॥ বিসৃতা অপরাবর্ত্তিনঃ ॥১৫—২০॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৬॥

—:॰॰:—

বৎস! এই আমি তোমার নিকট প্রজাপালন বিষয়ে চরম বুদ্ধির কথা বলিলাম এবং কুকুরের দৃষ্টান্তও দেখাইলাম; এখন তুমি আর কি শুনিতে ইচ্ছা কর” ॥২০॥

—:॰:—

* '…একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।' পি বঙ্গ বর্দ্ধ নি।

সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

রাজবৃত্তান্যনেকানি ত্বয়া প্রোক্তানি ভারত ! ।
পূর্ব্বৈঃ পূর্ব্বনিযুক্তানি রাজধর্ম্মার্থবেদিভিঃ ॥১॥
তদেব বিস্তরেণোক্তং পূর্ব্বদৃষ্টং সতাং মতম্ ।
প্রণেয়ং রাজধর্ম্মাণাং প্রব্রূহি ভরতর্ষভ ! ॥২॥

ভীষ্ম উবাচ।

রক্ষণং সর্ব্বভূতানামিতি ক্ষাত্রং পরং মতম্ ।
তদ্‌যথা রক্ষণং কুর্য্যাত্তথা শৃণু মহীপতে ! ॥৩॥
যথা বর্হাণি চিত্রাণি বিভর্ত্তি ভুজগাশনঃ ।
তথা বহুবিধং রাজা রূপং কুর্ব্বীত ধর্ম্মবিৎ ॥৪॥
তৈক্ষ্ণ্যং জিহ্মত্বমাদানং সত্যমার্জবমেব চ ।
মধ্যস্থঃ সত্ত্বমাতিষ্ঠংস্তথা বৈ সুখমৃচ্ছতি ॥৫॥

ভাবতকৌমুদী

রাজেতি। বাজ্ঞাং বৃত্তানি ব্যবহাবাঃ। পূর্ব্বনিযুক্তানি পূর্ব্বৈরাচরিতানি ॥১॥

তদিতি। পূর্ব্বৈষু প্রাচীনেষু বাজসু দৃষ্টম্ আচরণাদবগতম্। প্রণেয়ং সংক্ষেপান্ ময়া গ্রহীতুং শক্যম্ ॥২॥

রক্ষণমিতি। ক্ষাত্রং রাজধর্ম্মম্, পবং সর্ব্বোৎকৃষ্টম্ ॥৩॥

যথেতি। বর্হাণি পুচ্ছানি, চিত্রাণি নানাবর্ণানি, ভুজগাশনঃ সর্পভোজী ময়ূরঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ভরতনন্দন ! রাজধর্ম্মজ্ঞ প্রাচীন রাজারা পূর্ব্বকালে যেগুলির অনুষ্ঠান করিয়া গিয়াছেন, আপনি সেইরূপ অনেক রাজধর্ম্মের কথা বলিয়াছেন ॥১॥

ভরতবংশশ্রেষ্ঠ ! আপনি পূর্ব্বে সজ্জনসম্মত প্রাচীন আচরিত যে সকল রাজধর্ম্মের কথা বিস্তরক্রমে বলিয়াছেন, এখন তাহা সংক্ষেপে বলুন" ॥২॥

ভীষ্ম বলিলেন—"রাজা ! সর্ব্বভূতকে রক্ষা করাই রাজার পবম ধর্ম্ম, রাজা যেভাবে সেই বক্ষা করিবেন, তাহা তুমি শ্রবণ কর ॥৩॥

ময়ূর যেমন নানাবর্ণ বিশিষ্ট পুচ্ছ ধারণ করে, রাজধর্ম্মজ্ঞ রাজাও তেমনই অবস্থানুসাবে নানাবিধ রূপ ধারণ করিবেন ॥৪॥

যস্মিন্নর্থে হিতং যৎ স্যাত্তদ্বর্ণং রূপমাবিশেৎ।
বহুরূপস্য রাজ্ঞো হি সূক্ষ্মোঽপ্যর্থো ন সীদতি ॥৬॥
নিত্যং রক্ষিতমন্ত্রঃ স্যাদ্‌যথা মূকঃ শরচ্ছিখী।
শ্লক্ষ্ণাক্ষরতনুঃ শ্রীমান্ ভবেচ্ছাস্ত্রবিশারদঃ ॥৭॥
আয়ব্যয়েষু যুক্তঃ স্যাজ্জলপ্রস্রবণেষ্বিব।
শৈলাদ্বর্ষোদকানীব দ্বিজান্ সিদ্ধান্ সমাশ্রয়েৎ।
আত্মার্থং হি সদা রাজা কুর্য্যাদ্ধর্ম্মধ্বজোত্তমম্ ॥৮॥

ভারতকৌমুদী

তৈক্ষ্ণ্যমিতি। রাজা মধ্যস্থ উদাসীনঃ কস্মিন্নপি বিষয়ে অনাসক্তঃ সন্, তৈক্ষ্ণ্যমুগ্রতাম্, জিহ্মত্বং কুটিলতাম্, আদানং ধনাদিগ্রহণাগ্রহম্, সত্যম্ আর্জবং সরলতাম্, সত্ত্বং সাধুতাঞ্চ, আতিষ্ঠন্ অবস্থানুসারেণাশ্রয়ন্, তথা তেনৈব তৈক্ষ্ণ্যাশ্রয়ণাদিনা সুখম্ ঋচ্ছতি প্রাপ্নোতি ॥৫॥

তৎকিমেকত্রৈব তৈক্ষ্ণ্যাদিকমাশ্রয়েদিত্যাহ যস্মিন্নিতি। অর্থে বিষয়ে, তদ্বর্ণং তাদৃশম্, আবিশেৎ রাজা গৃহ্নীয়াৎ। ন সীদতি ন নশ্যতি ॥৬॥

নিত্যমিতি। রক্ষিতমন্ত্রো গোপীতমন্ত্রণঃ, মূকো নীরবঃ, শরচ্ছিখী শরৎকালীনো ময়ূরঃ। শ্লক্ষ্ণে কোমলে অক্ষরতনূ বাক্যমূর্ত্তী যস্য সঃ, শ্রীমান্ বেশভূষাদিশোভাবান্ ॥৭॥

ভারতভাবদীপঃ

রাজবৃত্তানীত্যধ্যায়ঃ পূর্ব্বোক্তানাং রাজধর্ম্মাণাং সর্ব্বেষামুপসংহারার্থঃ ॥১॥ রাজধর্ম্মাণাং রাজধর্ম্মবিদাং মতং যদ্বিস্তরেণোক্তং তদেব প্রণেয়ং প্রকর্ষেণ নেতুং বোঢ়ুং শক্যং সংক্ষিপ্তমিত্যর্থঃ, প্রব্রূহি ॥২॥ সর্ব্বভূতরক্ষণে কৃৎস্নো রাজধর্ম্মঃ পরিসমাপ্ত ইত্যাহ—রক্ষণমিতি ॥৩॥ এতদেব ময়ূরদৃষ্টান্তেনোপপাদয়তি—যথেতি। বর্হাণি পক্ষান্, ভুজগাশনো

রাজা কোন বিষয়েই আসক্ত না থাকিয়া তীক্ষ্ণতা, কুটিলতা, ধন গ্রহণ, সত্য, সরলতা ও সাধুতা অবলম্বন করিবেন; তাহা হইলেই তিনি সুখ লাভ করিতে পারিবেন ॥৫॥

যে বিষয়ে যাহা হিতসাধক হইবে, রাজা সেই প্রকার রূপ অবলম্বন করিবেন। কারণ, বহুবিধ রূপধারী রাজার কোন ক্ষুদ্র বিষয়ও নষ্ট হয় না ॥৬॥

শরৎকালের ময়ূর যেমন নীরব থাকে, সেইরূপ নীরব থাকিয়া রাজা সর্ব্বদা মন্ত্রণা গোপন রাখিবেন এবং কোমল বাক্য, কোমল মূর্ত্তি, সুন্দর বেশভূষাযুক্ত ও শাস্ত্রজ্ঞ হইবেন ॥৭॥

(৬) রূপমাদিশেৎ—পি বঙ্গ নি।
(৮) আপদ্বারেষু·· । শৈলবর্ষোদকানীব··· । অর্থকামঃ শিখাং রাজা ধর্ম্মধ্বজোপমম্ পি বঙ্গ বর্দ্ধ।

নিত্যমুদ্যতদণ্ডঃ স্যাদাচরেদপ্রমাদতঃ।
লোকে চায়ব্যয়ৌ দৃষ্ট্বা বৃক্ষাদ্‌বৃক্ষমিবাব্রজেৎ ॥৯॥
মৃজাবান্ স্যাৎ স্বযূথ্যেষু ভৌমানি চরণৈঃ ক্ষিপেৎ।
জাতপক্ষঃ পরিস্পন্দেৎ প্রেক্ষেদ্বৈকল্যমাত্মনঃ ॥১০॥

ভাবতকৌমুদী

আয়েতি। রাজা জলপ্রস্রবণেষু শস্যক্ষেত্রসম্বন্ধিষু জলপ্রবাহেষু কৃষক ইব আযব্যয়েষু যুক্তঃ অবহিতঃ স্যাৎ। শৈলাৎ পর্ব্বতাৎ বর্ষোদকানি বৃষ্টিজলানি নদনদ্যাদিরিব সিদ্ধান্ জ্ঞানবিজ্ঞান-সিদ্ধাধিকারান্ দ্বিজান্ ব্রাহ্মণান্ আত্মরক্ষার্থং সমাশ্রয়েৎ। আত্মার্থং স্বার্থসিদ্ধ্যর্থম্, ধর্ম্মধ্বজোত্তমম্ অধিকমপি ধর্ম্মচ্ছলপ্রয়োগম্, কুর্য্যাৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮॥

নিত্যমিতি। কিঞ্চ, নিত্যম্ উদ্যতদণ্ডঃ অপরাধিষু প্রবর্ত্তিতদমঃ স্যাৎ, অপ্রমাদতঃ সাবধানতয়া চ সর্ব্বং কার্য্যম্ আচরেৎ। লোকে প্রজামধ্যে চ আয়ব্যয়ৌ দৃষ্ট্বা বৃক্ষাদ্‌বৃক্ষমিব আব্রজেৎ। ফলজিঘৃক্ষুর্যথা নিষ্ফলং বৃক্ষং পরিহায় ফলবন্তং বৃক্ষং ব্রজতি, তথা রাজাপি স্বভাবতো নির্ধনাং ব্যয়েন ক্ষীণধনাং বা প্রজাং পরিহায় আয়বতীং প্রজামেব ধনগ্রহণার্থং ব্রজেদিত্যর্থঃ ॥৯॥

মৃজাবানিতি। কিঞ্চ রাজা, স্বযূথ্যেষু স্বপক্ষেষু মৃজাবান্ সদ্ব্যবহারেণ শুদ্ধিমান্ স্যাৎ। চরণৈঃ গবাশ্বাদিপদপেষণৈঃ, ভৌমানি শত্রূণাং ভূমিজাতানি শস্যানি ক্ষিপেৎ অজানন্নিব নাশয়েৎ। জাতপক্ষো নিষ্পন্নসহায় এব পরিস্পন্দেৎ শত্রুং প্রতি গচ্ছেৎ। অপি চ আত্মনো বৈকল্যং দুর্ব্বলতাস্থানং প্রেক্ষেৎ তচ্ছোধনায় সমালোচয়েৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

ময়ূরঃ ॥৪॥ তৈক্ষ্ণ্যং ক্রূরত্বম্, জিহ্মত্বং কৌটিল্যম্, আদাল্ভ্যং দল্ভো ভয়ং তদভাবো-ঽদল্ভোঽভয়ং তস্য ভাব আদাল্ভ্যম্ অভয়প্রদত্বমিত্যর্থঃ। রলয়োঃ সাবর্ণ্যাং দৃভী ভয়ে ইত্যস্য রূপম্। আদানমিতি পাঠান্তরে স্পষ্টোঽর্থঃ ॥৫॥ যস্মিন্নর্থে দণ্ডেঽনুগ্রহে বা হিতং ক্রূরং শান্তং বা রূপমাদিশেদ্দর্শয়েৎ ॥৬—৭॥ আপদাং দ্বারেষু মন্ত্রভেদাদিষু যুক্তোঽবহিতঃ স্যাৎ, শৈলবর্ষোদকানি পর্ব্বতপ্রদেশে বৃষ্ট্যা জনিতানি মহানদীজলানি, শিখাং যোগ্যলিঙ্গং ক্রূরত্বাদিক

কৃষক যেমন শস্যক্ষেত্রে জলসেক বিষয়ে অবহিত থাকে, সেইরূপ রাজাও নিজের আয়ব্যয় বিষয়ে অবহিত থাকিবেন এবং নদনদীপ্রভৃতি যেমন পর্বত হইতে বৃষ্টির জল অবলম্বন করে, রাজাও তেমন জ্ঞানবিজ্ঞাননিপুণ ব্রাহ্মণগণকে অবলম্বন করিবেন; আর স্বার্থসিদ্ধির জন্য বিশেষভাবে ছলক্রমে ধর্ম্মপ্রয়োগও করিতে পারেন ॥৮॥

রাজা সর্বদাই অপরাধীর প্রতি দণ্ড উত্তোলন করিয়া রাখিবেন, সাবধানতা অবলম্বন করিয়া সমস্ত কার্য্য করিবেন এবং ফলগ্রহণার্থী যেমন নিষ্ফল বৃক্ষ পরিত্যাগ করিয়া, ফলবান্ বৃক্ষে গমন করে, রাজাও তেমন প্রজাদের আয়ব্যয় দেখিয়া, নির্ধন প্রজাকে পরিত্যাগ করিয়া, ধনী প্রজার নিকট গমন করিবেন ॥৯॥

দোষান্ বিবৃণুয়াচ্ছত্রোঃ পরপক্ষান্ বিধূনয়েৎ।
কাননেষ্বিব পুষ্পাণি বহিরর্থান্ সমাচরন্ ॥১১॥
উচ্ছ্রিতান্নাশয়েৎ স্ফীতান্নরেন্দ্রানচলোপমান্।
শ্রয়েচ্ছায়ামভিজ্ঞাতাং গুপ্তং রণমুপাশ্রয়েৎ ॥১২॥

ভারতকৌমুদী

দোষানিতি। কিঞ্চ রাজা, বহির্বর্থান্ উদ্যানদ্বারোদ্ঘাটনদীনিব সামদানাদীন্ বিধায়েতি শেষঃ, কাননেষু বনেষ্বিব পররাষ্ট্রেষু সমাচরন্ পুষ্পসংগ্রহীতেব চরদ্বারা স্বয়ং বা বিচরন্ শত্রোর্দোষান্ তৎপক্ষেষু বিবৃণুয়াৎ। তেন চ পুষ্পাণীব পরপক্ষান্ শত্রুপক্ষীয়লোকান্ বিধূনয়েৎ সঞ্চাল্য সঞ্চাল্য আত্মসাৎ কুর্য্যাৎ ॥১১॥

উচ্ছ্রিতানিতি। কিঞ্চ রাজা, অচলোপমান্ পর্ব্বততুল্যান্, উচ্ছ্রিতান্ উন্নতান্ স্ফীতান্ স্থূলাংশ্চ, নরেন্দ্রান্ শত্রুনৃপতীন্, নাশয়েৎ নাশয়িতুং চেষ্টেত। তন্নাশোপায়মাহ শ্রয়েদিতি। অভিজ্ঞাতাং সর্ব্বতোভাবেন নিকপদ্রবত্বয়াবগতান্ ছায়াং তৎসাহায্যং শ্রয়েদবলম্বেত অবসরক্রমেণ তু তন্নাশায় গুপ্তং রণমুপাশ্রয়েৎ ॥১২॥

ভারতভাবদীপঃ

কুর্য্যাৎ প্রকাশয়েৎ ॥৮॥ নিত্যমিতি। আচরেদ্যথাযোগ্যং দণ্ডম্। তত্র দৃষ্টান্তঃ— বৃহদিতি। বৃহন্তো বৃক্ষা যত্র তদ্বৃহদ্বৃক্ষং তালবনম্, আস্রবৎ রসং প্রস্রবৎ। যথা রসগ্রাহী প্রদেশবিশেষে এবং প্রহৃত্য রসং গৃহ্লাতি ন তু কৃৎস্নবৃক্ষচ্ছেদেনেক্ষুকাণ্ডাদিবত্ততো রসং জিঘৃক্ষতি এবং প্রজানামায়ব্যয়ৌ জ্ঞাত্বা তা জীবয়ংস্তাভ্যো ধনরসমাদদ্যাদিত্যর্থঃ ॥৯॥ মৃজা শুদ্ধিস্তদ্বান্, ভৌমানি পরেষাং শস্যানি, চরণৈরশ্বাদিগমনৈঃ ক্ষিপেৎ নাশয়েৎ ॥১০॥ অর্থাৎ মৃগয়াদিব্যাজাৎ পররাষ্ট্রং সমাচরন্ পরপক্ষান্ বিধূনয়েৎ ॥১১॥ ছায়াং পরদুর্গাধিপতিনা সন্ধিং কৃত্বা দেবতাদর্শনাদিব্যাজেনাকস্মাৎ পরদুর্গং গত্বা প্রবিশ্য তন্নাশয়েদিত্যাহ—

রাজা স্বপক্ষের প্রতি নির্দ্দোষ ব্যবহার করিবেন; গো ও অশ্বপ্রভৃতির চরণদ্বারা বিপক্ষের শস্য সকল বিনষ্ট করিবেন, সহায়সম্পন্ন হইয়াই শত্রুকে আক্রমণ করিতে যাইবেন এবং নিজের দুর্বলস্থান পর্য্যবেক্ষণ করিবেন ॥১০॥

পুষ্পাহরণার্থী লোক যেমন উদ্যানে যাইয়া বৃক্ষ বিধূনিত করিয়া পুষ্প আহরণ করে, রাজাও তেমন শত্রুর দোষ প্রকাশ করিয়া, তাহার পক্ষপাতী লোকদিগকে স্বপক্ষভুক্ত করিবেন ॥১১॥

রাজা পর্ব্বততুল্য উন্নত ও স্ফীত বিপক্ষরাজগণকে উৎসন্ন করিবার চেষ্টা করিবেন। প্রথমে তিনি সমীচীন ভাবে জানিয়া তাহাদের আশ্রয় লইবেন, পরে সুযোগক্রমে গুপ্তযুদ্ধ করিতে থাকিবেন ॥১২॥

প্রাবৃষীবাসিতগ্রীবো মজ্জেত নিশি নির্জ্জনে।
মায়ূরেণ গুণেনৈব স্ত্রীভিরারক্ষিতশ্চরেৎ ॥১৩॥
ন জহ্যাচ্চ তনুত্রাণং রক্ষেদাত্মানমাত্মনা।
চারভূমিষ্বভিগতান্ পাশাংশ্চ পরিবর্জ্জয়েৎ ॥১৪॥
প্রণয়েদ্বাপি তাং ভূমিং প্রণশ্যেদ্‌গহনে পুনঃ।
হন্যাৎ ক্রুদ্ধানতিবিষান্ যে জিহ্মগতয়ো হি তান্ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রাবৃষীতি। কিঞ্চ রাজা, প্রাবৃষি বর্ষাকালে, অসিতগ্রীবো নীলকণ্ঠো ময়ূর ইব, নিশি নির্জ্জনে মজ্জেত পররাষ্ট্রেঽপ্যাত্মগোপনং কুর্য্যাৎ। কিঞ্চ মায়ূরেণ ময়ূরসম্বন্ধিনা গুণেন নিশাসদৃশনীলবর্ণেনেব স্ত্রীভিঃ সহায়ভূতাভির্নারীভিঃ আরক্ষিতো নিবারিতস্বপ্রকাশঃ সন্, পররাষ্ট্রেষু চরেৎ ॥১৩॥

নেতি। কিঞ্চ রাজা, কদাপি তনুত্রাণং বর্ম্ম ন জহ্যাৎ বিপক্ষাঘাতনিবারণার্থং ন ত্যজেৎ। অপি চ চারভূমিষু স্ববিচরণস্থানেষু অভিগতান্ অবগতান্ পাশান্ জালানি চ পরিবর্জ্জয়েৎ অনেন রূপেণ আত্মনৈব আত্মানং রক্ষেৎ ॥১৪॥

প্রণযেদিতি। কিঞ্চ রাজা, তাং পাশসঙ্কটামপি ভূমিং প্রণয়েৎ আত্মানং চাবযেদ্বা, পুনঃ শত্রুসন্ধানে সতি গহনে নিবিড়ে বনে প্রণশ্যেৎ অদৃশ্যো ভবেৎ। অপি চ, যে জিহ্মগতয়ঃ কুটিলপ্রচারাঃ তান্ ক্রুদ্ধান্ অতিবিষান্ সর্পানিব শত্রূন্ হন্যাৎ ॥১৫॥

ভারতভাবদীপঃ

উচ্ছ্রিতানিতি ॥১২॥ অসিতগ্রীবো ময়ূরো নিশীব প্রাবৃষি মজ্জেত অদৃশ্যোঽস্তঃপুরচর এব স্যাৎ ॥১৩॥ তত্রাপি চারৈর্দর্শিতাসু ভূমিষু ধাত্রীসৌবিদল্লসূপকারাদিষু পরৈর্ভেদিতেষু অভিগতান্ বিষাদীন্ পাশান্ পরিবর্জ্জয়েদাত্মানং রক্ষেচ্চেত্যাহ—নেতি ॥১৪॥ ননু কুতস্তত্রাপি পাশপ্রসক্তিরত আহ—প্রণয়েদিতি। গহনে দুর্ব্বোধে পাশজ্ঞানে সতি তাং কপটভূমিং প্রতিপন্নাত্মানং প্রণয়েৎ প্রাপয়েত্তদা নশ্যেদেব, বাশব্দ এবার্থে। প্রয়োজয়ন্তি হি রাজানো বিষময়ীং কন্যাং কৃত্বা দ্বীপান্তরপ্রাপ্তেয়ং পদ্মিনীজাতীয়া কন্যা অস্যাঃ স্পর্শমাত্রাদশীতিবার্ষিকোঽপি ষোড়শবর্ষো ভবতীতি সেয়মতিশ্রেষ্ঠরত্নত্বয়া শ্রীমতামর্থে

নীলকণ্ঠ ময়ূর যেমন বর্ষাকালে রাত্রিতে নির্জ্জনস্থানে লুক্কায়িত থাকে, রাজাও তেমন বিপক্ষ রাজ্যে যাইয়া লুক্কায়িত থাকিবেন এবং ময়ূরের নীলবর্ণের ন্যায় সহায়ভূত তত্রত্য নারীগণদ্বারা সুরক্ষিত হইয়া অবসরক্রমে বিচরণ করিবেন ॥১৩॥

রাজা কখনও বর্ম্ম ত্যাগ করিবেন না এবং বিচরণপথে বিপক্ষপাতিত জাল রহিয়াছে জানিয়া তাহা ত্যাগ করিবেন, এইভাবে নিজেই নিজেকে রক্ষা করিবেন ॥১৪॥

(১৩)‥ স্ত্রীভিশ্চারেক্ষিতশ্চরেৎ…পি বঙ্গ বর্দ্ধ।

নাশয়েদ্বলবর্হাণি সন্নিবাসান্নিবাসয়েৎ।
সদা বর্হিনিভঃ কামং প্রশস্তং কৃতমাচরেৎ।
সর্ব্বতশ্চাদদেৎ প্রজ্ঞাং পতঙ্গং গহনেষ্বিব ॥১৬॥
এবং ময়ূরবদ্রাজা স্বরাজ্যং পরিপালয়েৎ।
আত্মবৃদ্ধিকরীং নীতিং বিদধীত বিচক্ষণঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

নাশয়েদিতি। কিঞ্চ রাজা, বলবর্হাণি শত্রোঃ সৈন্যপরিবারান্ অভিচারাদিনা নাশয়েৎ। "বর্হং পর্ণে পরিবারে কলাপে" ইতি হেমচন্দ্রঃ। অন্যত্র স্থূলপক্ষান্ নাশয়েৎ সঙ্কোচয়েৎ। সন্নিবাসান্ সদ্গুণাশ্রয়ান্ জনান্ আত্মনঃ সমীপ এব নিবাসয়েৎ। সদা বর্হিনিভো ময়ূরতুল্যঃ কামং পর্য্যাপ্তং প্রশস্তং কৃতং কর্ম্ম আচরেৎ। কিঞ্চ গহনেষু বনেষু পতঙ্গং শলভমিব সর্ব্বতঃ সর্ব্বস্মাদেব জনাৎ প্রজ্ঞাং বুদ্ধিঞ্চ আদদেৎ গৃহ্নীয়াৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৬॥

এবমিতি। ময়ূরবৎ শঠভাবেনেতি ভাবঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

